১১. মন্ত্রণালয়ের উত্তম চর্চাসমূহ (best practice) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;

১২. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সময়ে সময়ে চাহিত তথ্যাদি প্রেরণ

১৩. কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাদি সম্পাদন।

২০১৯-২০ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

কার্যবন্টন অনুযায়ী কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

৩.৩ উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ

উন্নয়ন-১ শাখা

কার্যবন্টন অনুযায়ী অত্র শাখার নিম্নবর্ণিত কাজ সম্পন্ন করা হয়েছে-

১. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমী জয়িতা ফাইন্ডেশন কর্তৃক জিওবি সাহায্যে গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় প্রশাসনিক কার্যক্রম।

২. উন্নয়ন প্রকল্পের ৯ম ও ১০ম গ্রেডভূক্ত ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা পদে নিয়োগসহ যাবতীয় প্রশাসনিক কার্যক্রম।

৩. অর্থ বিভাগ/একনেক/এনইসি/আইএমইডি এর চাহিদা অনুযায়ী সকল প্রকল্পের অর্থ ছাড় ও ব্যয়সহ প্রকল্প সংক্রান্ত যাবতীয় তথ্য/প্রতিবেদন প্রেরণ।

৪. প্রকল্প সমূহের স্টিয়ারিং কমিটি'র সভার আয়োজন ও সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম।

৫. চলমান প্রকল্পের পদ সংরক্ষণ, সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর, পদ সংরক্ষণ এবং এসআরও জারীকরণ।

৬. কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

২০২০-২০২১ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

(ক) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ও অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগে উন্নয়ন অধিশাখাভুক্ত কার্যাবলী সম্পর্কে চাহিদা অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

(খ) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, সংসদের প্রশ্নোত্তর, সংসদীয় স্থায়ী কমিটি, পাবলিক একাউন্টস প্রভৃতির জন্য চাহিদা অনুযায়ী প্রশাসন অধিশাখাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করা হয়েছে।

কার্যবন্টন অনুযায়ী কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

উন্নয়ন-২ শাখা

কার্যবন্টন অনুযায়ী অত্র শাখার নিম্নবর্ণিত কাজ সম্পন্ন করা হয়েছে-

১. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক জিওবি এবং বৈদেশিক সাহায্যে গৃহীত উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত যাবতীয় প্রশাসনিক কার্যক্রম।

২. উন্নয়ন প্রকল্পের ৯ম ও ১০ম গ্রেডভূক্ত ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা পদে নিয়োগসহ যাবতীয় প্রশাসনিক কার্যক্রম।

৩. অর্থ বিভাগ/একনেক/এনইসি/আইএমইডি এর চাহিদা অনুযায়ী সকল প্রকল্পের অর্থ ছাড় ও ব্যয়সহ প্রকল্প সংক্রান্ত যাবতীয় তথ্য/প্রতিবেদন প্রেরণ।

৪. উইং এর মাসিক পর্যালোচনা সভার আয়োজন ও সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম।

৫. চলমান প্রকল্পের পদ সংরক্ষণ, সমাপ্ত উন্নয়ন প্রকল্প রাজস্ব বাজেটে স্থানান্তর, পদ সংরক্ষণ এবং এসআরও জারীকরণ।

৬. ভিজিডি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম।

৭. কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

২০২০-২০২১ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

(ক) খাদ্য মন্ত্রণালয়ের "খাদ্য নিরাপত্তা ক্লাস্টার" কমিটি'র ১২ তম সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন-২ শাখা কর্তৃক সামাজিক নিরাপত্তা কর্মসূচি (১) দু:স্থ উন্নয়ন ভিজিডি কর্মসূচি (২) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা কর্মসূচি (৩) কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি (৪) মা ও শিশু সহায়তা কর্মসূচির (ল্যাকটেটিং ও মার্তৃত্বকালীন কর্মসূচি'র অংশ) তথ্যাবলি ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এবং

(খ) SDG বিষয়ে ১৫টি ইন্ডিকেটরে লীড হিসেবে অত্র মন্ত্রণালয় সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ ও কো লীড ও এ্যাসোয়েট হিসেবে ৫৫টি ইন্ডিকেটরে অন্যান্য মন্ত্রণালয় হতে চাহিত তথ্যাদির প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

(গ) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ও অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগে উন্নয়ন অধিশাখাভুক্ত কার্যাবলী সম্পর্কে চাহিদা অনুযায়ী প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

(ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, সংসদের প্রশ্নোত্তর, সংসদীয় স্থায়ী কমিটি, পাবলিক একাউন্টস প্রভৃতির জন্য চাহিদা অনুযায়ী প্রশাসন অধিশাখাকে প্রয়োজনীয় তথ্য প্রদান করা হয়েছে। কার্যবন্টন অনুযায়ী কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

পরিকল্পনা-১ শাখা

১. বাংলাদেশ শিশু একাডেমী এবং জাতীয় মহিলা সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ,অনুমোদন ও সংশোধন বিষয়ে সহযোগিতা প্রদান।

২. বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পের বরাদ্দ কার্যক্রম।

৩. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের প্রকল্প সাহায্য নির্ধারণ।

৪. সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহ হতে জিওবি অর্থ সমর্পণ ও অতিরিক্ত অর্থ চাহিদা সংক্রান্ত কার্যক্রম।

৫. প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, সংসদের প্রশ্নোত্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও পরিকল্পনা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি'কে উন্নয়ন প্রকল্প সম্পর্কিত তথ্য প্রদান।

৬. মন্ত্রিপরিষদ বিভাগে মাসিক ও বার্ষিক রির্পোট প্রদান।

৭. আইএমইডি'তে আইএমইডি-০৫ ও ক্রয়সংক্রান্ত অগ্রগতি'র রিপোর্ট প্রেরণ।

৮. বাংলাদেশ শিশু একাডেমী এবং জাতীয় মহিলা সংস্থার সমাপ্ত প্রকল্পসমূহের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন প্রেরণ এবং এর উপর গৃহীত কার্যক্রম সম্পর্কে আইএমইডিকে অবহিত করণ।

৯. উন্নয়ন প্রকল্পের মাসিক পর্যালোচনা সভা সংক্রান্ত কার্যক্রম।

১০. পঞ্চবার্ষিকী ও অষ্টম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম।

১১. প্রেক্ষিত পরিকল্পনা ও সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সম্পাদন।

১২. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়নাধীন সকল প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রক্রিয়াকরণ ও অনুমোদন।

১৩. বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক এনজিও বিষয়ক ব্যুরোতে প্রস্তাবিত বিভিন্ন প্রকল্প সম্পর্কে মতামত প্রদান।

১৪. বিভিন্ন কমিটি'তে মনোনয়ন প্রদান।

১৫. বিভিন্ন সভা/সেমিনার/সিম্পোজিয়াম/প্রশিক্ষণে মনোনয়ন প্রদান।

১৬. এমটিবিএফ সংক্রান্ত কার্যক্রম সম্পাদন।

১৭. এনইসি-একনেক, পরিকল্পনা মন্ত্রণালয় এর প্রকল্প সংক্রান্ত বিভিন্ন সভার সিদ্ধান্ত ও পরিপত্র সম্পর্কে মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমী এবং মন্ত্রণালয় কর্তৃক সরাসরি বাস্তবায়নাধীন প্রকল্পসমূহকে অবহিতকরণ।

১৮. LCBCE এবং LCG-Wage সংক্রান্ত কার্যক্রম।

১৯. কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২০২০-২০২১ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

১. বাংলাদেশ শিশু একাডেমী এবং জাতীয় মহিলা সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

২. বাংলাদেশ শিশু একাডেমী এবং জাতীয় মহিলা সংস্থার প্রকল্পসমূহের ক্রয় পরিকল্পনা, যাচাই, বাছাই সম্পন্নকরণ ও মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশ।

৩. বাংলাদেশ শিশু একাডেমী এবং জাতীয় মহিলা সংস্থার প্রকল্প গ্রহণ বিষয়ে উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের সংগে আলোচনা, প্রকল্প গ্রহণে উদ্যোগ ও প্রকল্প অর্থ সংস্থান বিষয়ে সভা আয়োজন।

৪. করোনা কালীন সময়ে বাংলাদেশ শিশু একাডেমী এবং জাতীয় মহিলা সংস্থার সকল প্রকল্প চলমান রাখার বিষয়ে নির্দেশনা প্রদান।

৫. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প সম্পর্কিত পিইসি, ডিপিইসি এবং পিএসি সভায় অংশগ্রহণ।

পরিকল্পনা-২ শাখা

১. অত্র মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প প্রস্তাব এবং খসড়া উন্নয়ন নীতিমালার উপর নারী উন্নয়ন ও জেন্ডার সম্পর্কিত বিষয়ে মতামত প্রদান।

২. মন্ত্রণালয়ের উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত বিষয়ে বার্ষিক প্রতিবেদন প্রণয়নে তথ্য সরবরাহ।

৩. মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত প্রকল্পসমূহ যাচাই-বাচাই পূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ কার্যক্রম গ্রহণ ও ফলো-আপকরণ।

৪. ICVGD প্রকল্পের কার্যক্রম গ্রহণ।

৫. এনজিও সমূহের প্রকল্প দলিলের উপর মতামত।

৬. অত্র মন্ত্রণালয়ের নিজস্ব প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণ ও সংশোধন।

৭. বেইজিং ডিক্লারেশন এর অগ্রগতি প্রতিবেদন।

৮. ক্লাইমেট চেঞ্জ সংক্রান্ত কার্যক্রম।

৯. অত্র মন্ত্রণালয় ও মহিলা বিষয়ক অধিদপ্তরের সমাপ্ত প্রকল্পের পিসিআর সংক্রান্ত কার্যক্রম।

১০. কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

২০২০-২০২১ অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

১. মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রকল্প প্রণয়ন,প্রক্রিয়াকরণ,অনুমোদন ও সংশোধন বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

২. ICVGD প্রকল্পের কার্যক্রম সংশোধিত রুপে গ্রহণের উদ্যোগ।

৩. মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী ধর্মী অবকাঠামো প্রকল্পসমূহের জনবল রাজস্বখাতে স্থানান্তর বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

৪. উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের সংগে মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রকল্প গ্রহণ বিষয়ে আলোচনা, প্রকল্প গ্রহণের উদ্যোগ ও প্রকল্প অর্থ সংস্থান বিষয়ে সভা আয়োজন।

৫. করোনা কালীন সময়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকল্প চলমান রাখার বিষয়ে নির্দেশনা প্রদান।

৬. বিভিন্ন প্রকল্প সম্পর্কিত পিইসি, ডিপিইসি সভার আয়োজন।

৭. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প সম্পর্কিত পিইসি, ডিপিইসি এবং পিএসি সভায় অংশগ্রহণ।

৮. বাস্তুচ্যুত রোহিংগা নাগরিক উন্নয়ন বিষয়ক কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সভা আহবান।

পরিকল্পনা-৩ শাখা

১. জয়িতা ফাউন্ডেশন কর্তৃক প্রস্তাবিত প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন বিষয়ে ব্যবস্থা গ্রহণ ও ফলো-আপকরণ।

২. এডিপি/আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের মাসিক ও ত্রৈমাসিক হিসাব বিবরণী প্রেরণ।

৩. অর্থনৈতিক সমীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন।

৪. উন্নয়ন সহযোগীদের সমন্বয়ে অনুষ্ঠিত বাংলাদেশ ডেভলপমেন্ট ফোরাম সংক্রান্ত কার্যক্রম সম্পাদন।

৫. বৈদেশিক সাহায্য পুষ্ট প্রকল্পসমূহের প্রকল্প সাহায্য প্রাক্কলন।

৬. জাতিসংঘ/ইউএনডিপি/ইউনিসেফ/ইউএসএফপিএ ইত্যাদি সাধারণ বিষয়াবলী সংক্রান্ত কার্যক্রম সম্পাদন।

৭. মন্ত্রণালয়ের পরিকল্পনা কর্মকান্ড সংক্রান্ত বিষয়ে বার্ষিক প্রতিবেদন প্রণয়নের সহায়তা প্রদান।

৮. কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

২০২০-২০২১ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমঃ

১. জয়িতা ফাউন্ডেশন কর্তৃক প্রস্তাবিত প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ,অনুমোদনও সংশোধন বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

২. উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্বখাতে স্থানান্তর বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

৩. করোনা কালীন সময়ে সকল প্রকল্প চলমান রাখার বিষয়ে নির্দেশনা প্রদান।

৪. জয়িতা ফাউন্ডেশনের ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যই-প্লাট ফরমে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ বিষয়ে পরামর্শ প্রদান।

৫. জয়িতা ফাউন্ডেশনের ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিক্রয় ও প্রচারের লক্ষ্যে মেলার আয়োজনে নির্দেশনা প্রদান।

৬. মাঠ পর্যায়ে জয়িতা ফাউন্ডেশনের অফিস স্থাপনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ সম্পর্কে সম্মতি।

৭. সমাপ্ত প্রকল্পের পিসিআর সংক্রান্ত কার্যক্রম।

৮. কর্তৃপক্ষের অভিপ্রায়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প সম্পর্কিত পিইসি, ডিপিইসি এবং পিএসি সভায় অংশগ্রহণ।

---

৪. মহিলা বিষয়ক অধিদপ্তর

৪.১ মহিলা বিষয়ক অধিদপ্তর এর পটভূমি

জাতীয় উন্নয়নের মূল স্রোতধারায় নারীকে সম্পৃক্তকরণ ও নারীর সার্বিক ক্ষমতায়ন নিশ্চিত করা সুষম উন্নয়নের একটি অপরিহার্য পূর্বশর্ত। এ উপলব্ধি থেকে থেকে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের সংবিধানে নারী ও পুরুষের সমঅধিকার নিশ্চিতকরণ ও স্বাধীনতা যুদ্ধে নির্যাতনের শিকার ও ক্ষতিগ্রস্থ নারী সমাজের পুনর্বাসনের জন্য ১৯৭২ সনের ১৮ ফেব্রুয়ারি বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ড গঠন করেন। পরবর্তীতে ১৯৭৪ সনে জাতীয় সংসদে আইন পাশের মাধ্যমে নারী পুনর্বাসন বোর্ডকে বাংলাদেশ নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশনে রূপান্তরিত করা হয়। যা বিভিন্ন ধাপ অতিক্রম করে আজ মহিলা বিষয়ক অধিদপ্তর।

প্রতিষ্ঠা

১৯৭২	➲ বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ড গঠন করা হয়।
১৯৭৪	➲ নারী পুনর্বাসন বোর্ডকে নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশনে উন্নীতকরণকরা হয়।
১৯৮৪	➲ বাংলাদেশ নারী পুনর্বাসন ও কল্যাণ ফাউন্ডেশন, মহিলা বিষয়ক কোষ এবং জাতীয় মহিলা উন্নয়ন একাডেমীকে একীভূত করে মহিলা বিষয়ক পরিদপ্তর গঠন করা হয়।
১৯৯০	➲ মহিলা বিষয়ক পরিদপ্তরকে মহিলা বিষয়ক অধিদপ্তরেউন্নীত করা হয়।

রূপকল্প (Vision)

জেন্ডার সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠা ও সুরক্ষা।

অভিলক্ষ্য (Mission)

নারী ও শিশুর অধিকার প্রতিষ্ঠা এবং ক্ষমতায়নসহ উন্নয়নের মূলধারায় নারীদের সম্পৃক্তকরণ।

মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম/কর্মসূচি

আর্থ-সামাজিক উন্নয়ন, সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্য সচেতনতা

সচেতনতা বৃদ্ধি ও জেন্ডার সমতা মূলক কার্যক্রম

মানব সম্পদ উন্নয়ন ও আত্ম-কর্মসংস্থান

দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি

নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ

প্রাতিষ্ঠানিক সুবিধাদি ও সেবা প্রদান

আর্থ-সামাজিক উন্নয়ন, সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্য সচেতনতা

ভিজিডি কর্মসূচি

ভূমিকাঃ

ভিজিডি কর্মসূচি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশের গ্রামীণ দুঃস্থ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নে বাস্তবায়িত একটি অন্যতম সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি, যা সম্পূর্ণরূপে আর্থ-সামাজিকভাবে দুঃস্থ পরিবার বিশেষত: মহিলাদের জীবনমান উন্নয়নে কাজ করে। অতিদরিদ্র মহিলাদের উন্নয়ন স্থায়ীত্বের জন্য এই কর্মসূচির আওতায় প্রতি ২ (দুই) বছর মেয়দী ভিজিডি চক্রে সারা দেশব্যাপী ১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) জন দুঃস্থ মহিলা মাসিক ৩০ কেজির বস্তাজাত খাদ্য (চাল) সাহায্যের পাশাপাশি উন্নয়ন প্যাকেজ সেবার আওতায় নির্বাচিত এনজিও'র মাধ্যমে জীবন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং আয়বর্ধক মূলক প্রশিক্ষণ পেয়ে থাকে। তাছাড়া, উপকারভোগীগণ সঞ্চয় ব্যবস্থাপনার আওতায় প্রতিমাসে ২০০/- টাকা সঞ্চয় জমা করে থাকে, যা ক্ষুদ্র ব্যবসা পরিচালনার জন্য প্রারম্ভিক মূলধন গঠন হিসেবে কাজ করে। ২০০১-২০০৮ পর্যন্ত জিওবি ও বিশ্বখাদ্য কর্মসূচির যৌথ সহযোগিতায় ভিজিডি উপকারভোগীদের খাদ্য ও প্রশিক্ষণ সহায়তা প্রদান করা হয়। ২০০৯-২০১০ চক্র হতে ভিজিডি কার্যক্রম এককভাবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে বর্তমানে ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার ৪৫৭২টি ইউনিয়নে পরিচালিত হচ্ছে।

কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য:

লক্ষ্যঃ বাংলাদেশের দারিদ্র পীড়িত এবং দুঃস্থ গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক উন্নয়ন করা, যাতে তারা বিদ্যমান খাদ্য নিরাপত্তাহীনতা এবং নিম্ন সামাজিক মর্যাদার অবস্থানকে সফলভাবে অতিক্রম করে চরম দারিদ্র স্তরের উপরের অবস্থানে/স্তরে টিকে থাকার সক্ষমতা অর্জন করতে পারে।

উদ্দেশ্য: গ্রামীণ দু:স্থ পরিবার সমূহের দৈনন্দিন খাদ্য চাহিদা পূরণে সহায়তা করা এবং বিপণন যোগ্য দক্ষতা বৃদ্ধি কল্পে প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা, সঞ্চয়ের মাধ্যমে বিনিয়োগের প্রারম্ভিক মূলধন সংগ্রহের জন্য উৎসাহিত করা, ঋণ প্রাপ্তিতে সুযোগ প্রদানের মাধ্যমে উপার্জন ক্ষম করে গড়ে তোলা এবং চলমান উন্নয়ন কর্মসূচি গুলোতে অন্তর্ভুক্তি করণের জন্য যোগ্য করে গড়ে তোলা।

২০২০-২০২১ অর্থবছরে ভিজিডি কর্মসূচির বাস্তবায়িত উল্লখেযোগ্য কার্যক্রমঃ

বাজেটবরাদ্দঃ ২০২০-২০২১ অর্থবছরে সংশোধিত বাজেটে খাদ্য বরাদ্দ, পরিবহণ ব্যয়, ব্যবস্থাপনা ব্যয়, আপ্যায়ন ব্যয়, অন্যান্য ব্যয় এবং উন্নয়ন প্যাকেজ সেবার আওতায় প্রশিক্ষণ ব্যয় বাবদ ভিজিডি খাতে মোট ১৮৪০০৫.২৯ (এক হাজার আট শত চল্লিশ কোটি পাঁচ লক্ষ ঊন ত্রিশ হাজার) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় এবং সর্বমোট ব্যয় ১৮৩৯২৯.২৫ (এক হাজার আট শত ঊনচল্লিশ কোটি ঊনত্রিশ লক্ষ পঁচিশ হাজার) লক্ষ টাকা।

খাদ্যসহায়তাঃ ২০১৯-২০২০ ভিজিডি চক্রের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ১০,৪০,০০০ (দশ লক্ষ চল্লিশ হাজার) জন ভিজিডি উপকারভোগী মহিলাকে মাসিক ৩০কেজি হারে ৩,৭৪,৪০০ মেঃটন চাল বিতরন করা হয়েছে এবং নির্বাচিত ৪৫৬টি এনজিও'র মাধ্যমে আয়বর্ধক ও দক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ভিজিডি কর্মসূচির কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভা

ভিজিডি অবহিতকরণ সভা

ভিজিডি কার্ডধারী উপকারভোগী মহিলা

৩০ কেজির বস্তায় ভিজিডি খাদ্য বিতরণ।

ক্ষেতলালে ২০১৯-২০২০ চক্রের ভিজিডি সদস্যদের নিয়ে বাল্য বিবাহ প্রতিরোধ করণের লক্ষ্যে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচিতে বক্তব্য রাখছেন, নির্বাহী অফিসার এ,এফ, এম আবু সুফিয়ান। ছবি- প্রতিনিধি

বাল্য বিবাহ প্রতিরোধ প্রশিক্ষণ

প্রশিক্ষণঃ

ভিজিডি কর্মসূচির আওতায় গ্রামীণ দরিদ্র মহিলাদের ০৯টি মডিউলের মাধ্যমে জীবন দক্ষতা ও জীবিকা নির্বাহ ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়, যার মাধ্যমে উপকারভোগীদেরকে একদিকে যেমন সামাজিকভাবে সচেতন করা হচ্ছে, অন্যদিকে এই নারীদের ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য উৎপাদন মুখী কর্মকান্ডে সম্পৃক্ত করা হচ্ছে।

ক) জীবন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণঃ আয় রোজগারের জন্য যেমন দক্ষতা লাগে, তেমনি জীবন ও পরিবেশ পরিস্থিতির সঙ্গে খাপ খাইয়ে চলার জন্য নানাবিধ জ্ঞান ও দক্ষতার প্রয়োজন হয়; যাকে জীবন দক্ষতা বলে অভিহিত করা হয়। উপকারভোগী মহিলাদের প্রশিক্ষণ প্রদানের জন্য নির্বাচিত ও চুক্তিবদ্ধ এনজিও মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত প্রশিক্ষণ মডিউল অনুযায়ী ভিজিডি উপকারভোগী মহিলাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। নির্বাচিত প্রত্যেক ভিজিডি উপকারভোগী মহিলা (১০০%) ২ (দুই) বৎসর মেয়াদী ভিজিডি চক্রে ৪৬ ঘন্টার (১৩দিন) আনুষ্ঠানিক সচেতনতা বৃদ্ধিমূলক মৌলিক প্রশিক্ষণ এবং ১৭.৩০ ঘন্টার (৭দিন) রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহণ করে থাকে। জীবন দক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে অতিদরিদ্র ও দরিদ্র মহিলাদের জীবন-জীবিকার মান উন্নয়ন করা। মৌলিক প্রশিক্ষণে বিভিন্ন বিষয়ের উপর সচেতন করা হয়, যা দৃষ্টি ভঙ্গি এবং আচরণ পরিবর্তন ও প্রাত্যহিক জীবনে তার প্রয়োগ ঘটাতে ইতিবাচক ভূমিকা পালন করে থাকে। জীবন দক্ষতা প্রশিক্ষণের বিষয়ঃ ১) ভিজিডি কর্মসূচি, ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিস্কার-পরিচ্ছন্নতা ২) দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তনের প্রভাব ৩) মা ও শিশু স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টি ৪) নারীর ক্ষমতায়ন ৫) এইচআইভি/এইডস এবং মাদক ও তামাক জাত দ্রব্যের প্রভাব।

ভিজিডি কর্মসূচির আওতায় জীবন দক্ষতা মূলক প্রশিক্ষণ কার্যক্রম

খ) আয় বৃদ্ধিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ: আয় বৃদ্ধিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের উদ্দেশ্য হলো ভিজিডি উপকারভোগী মহিলাদের দক্ষতা উন্নয়নের জন্য চুক্তিবদ্ধ এনজিও'র মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা। নির্বাচিত প্রত্যেক ভিজিডি উপকারভোগী মহিলা (১০০%) প্রথমে কমপক্ষে ৪২ ঘন্টার আনুষ্ঠানিক মৌলিক প্রশিক্ষণ এবং দ্বিতীয় পর্যায়ে ফলোআপ হিসেবে ২১ ঘন্টার রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহণ করে থাকে। আয় বৃদ্ধিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে অতিদরিদ্র ও দরিদ্র মহিলাদের আয় বৃদ্ধিমূলক কর্মসূচির সাথে সম্পৃক্ত করে তাদের জীবন-জীবিকার মান উন্নয়ন ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলা। এতদ্ব্যতীত ভিজিডি উপকার ভোগী মহিলাগণ প্রশিক্ষণের মাধ্যমে উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনাসহ নির্দিষ্ট আয় বৃদ্ধিমূলক কাজের উপর ধারণা পেয়ে থাকে এবং নিজস্ব দক্ষতা/চাহিদার ভিত্তিতে একটি ব্যবসা পরিকল্পনা করে থাকে। প্রশিক্ষণের বিষয়ঃ ১) উদ্যোক্তা উন্নয়ন ২) দেশী মুরগী ও হাঁস পালন ৩) বাড়ীর পাশে সবজী চাষ ৪) গরু ও ছাগল পালন।

ভিজিডি কর্মসূচির আওতায় আয় বৃদ্ধিমূলক কার্যক্রম

সঞ্চয়ঃ ভিজিডি উপকারভোগী মহিলাগণ সঞ্চয় ব্যবস্থাপনা কার্যক্রমের আওতায় মাসে ২০০/- টাকা হারে তাদের নিজস্ব একাউন্টে সঞ্চয় জমা রাখে, যা ক্ষুদ্র ব্যবসা পরিচালনায় প্রারম্ভিক মূলধন হিসেবে কাজ করে।

ভিজিডি কর্মসূচির আওতায় রাইস ফর্টিফিকেশন কার্যক্রমঃ

বিশ্বখাদ্য কর্মসূচির কারিগরী সহযোগিতায় সর্বপ্রথম কুড়িগ্রাম জেলার সদর উপজেলায় পাইলট কার্যক্রম হিসেবে ভিজিডি উপকারভোগী মহিলাদের অনুকূলে রাইস ফর্টিফিকেশন কার্যক্রম শুরু হয়, যা ধাপে ধাপে বৃদ্ধি পেয়ে বর্তমানে সারা দেশে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ১৭০ টি ও বিশ্ব খাদ্য কর্মসূচির সহযোগিতায় ১৯টি সহ সর্বমোট ১৮৯টি উপজেলায় সম্প্রসারিত হয়েছে। এই কার্যক্রমের মাধ্যমে ভিজিডি উপকারভোগী মহিলাদের পুষ্টির অভাব দূর করার জন্য পাইলট কার্যক্রম হিসেবে বর্তমানে সাধারণ চালের সাথে ০৬ টি মাইক্রো নিউট্রেন্ট (ভিটামিন এ, বি ১, বি ১২, আয়রন, ফলিক এসিড, জিংক) মিশ্রণ পূর্বক পুষ্টি চাল প্রস্তুত করে (ফর্টিফাইড রাইস) বিতরণ করা হচ্ছে। রাইস ফর্টিফিকেশন কার্যক্রমের মাধ্যমে ভিজিডি কার্ডধারী মহিলার পরিবারসমূহের সদস্যবৃন্দ তথা মহিলা, শিশু ও বয়স্কদের অভাব জনিত অপুষ্টির উপাদানের পরিমাণ কমে আসবে।

কর্মসূচিরনাম: দুঃস্থ মহিলা উন্নয়ন কর্মসূচি (ভিজিডি)

২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের ব্যয় বিবরণী:

(লক্ষ টাকায়)

ক্র: নং	কোডনং	খাত/উপখাতে রনাম	২০২০-২০২১ মোট বরাদ্দ	২০২০-২০২১ ছাড়কৃত বরাদ্দ	২০২০-২০২১ মোট ব্যয়	২০২০-২০২১ উদ্বৃত্ত/ অতিরিক্ত	মন্তব্য
১	৩৭২২১০১	ত্রাণকার্য (চাল)	১৭৪৯১৯.৪৩	১৭৪৯১৯.৪৩	১৭৪৯১৯.৪৩	০.০০	অর্থবছর শেষে খাদ্যের প্রকৃত মূল্য এবং পুষ্টি চাল কার্যক্রমে কার্ণেল ও মিশ্রণ ব্যয় নিরূপন পূর্বক ব্যয়ের প্রকৃত হিসাব প্রদান করার জন্য মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়। পত্র প্রাপ্তি সাপেক্ষে খাদ্যের প্রকৃত ব্যয়ের হিসাব প্রেরণ করা হবে। ব্যয়ের হার ৯৯.৯৬%।
২	৩২২১১০৬	পরিবহন	২৮৯৫.০৪	২৮৯৫.০৩	২৮৯৫.০৩	০.০১	
৩	৩২৩১৩০১	প্রশিক্ষণ	৩০৫০.৩৩	২৯৯১.৪০	২৯৯১.৪০	৫৮.৯৩	
৪	৩২২১১০৯	ব্যবস্থাপনা	২৯৯১.৬৯	২৯৯১.৬৯	২৯৯১.৬৯	০.০০	
৫	৩২৪৩১০১	পেট্রোল, ওয়েল, এন্ডলুব্রিকেন্ট	৮.০০	৭.৭৬	৭.৭৬	০.২৪	
৬	৩২১১১০৬	আপ্যায়ন	৩.৩০	১.৬৪	১.৬৪	১.৬৬	
৭	৩২৫৫১০৫	অন্যান্যমনিহারী	১২৫.০০	১১৬.৮৩	১১৬.৮৩	৮.১৭	
৮	৩২৫৬১০৩	ব্যবহার্য দ্রব্যাদি	৫.০০	১.৭৫	১.৭৫	৩.২৫	
৯	৩২৫৮১০১	মোটরযান	৪.০০	২.৪০	২.৪০	১.৬০	
১০	৩২৫৮১০৩	কম্পিউটার	৩.৫০	১.৩২	১.৩২	২.১৮	
		সর্বমোট =	**১৮৪০০৫.২৯**	**১৮৩৯২৯.২৫**	**১৮৩৯২৯.২৫**	৭৬.০৪	
		কথায়=	একহাজারআটশতচল্লিশকোটিপাঁচলক্ষউনত্রিশহাজারটাকা	একহাজারআটশতউনচল্লিশকোটিউনত্রিশলক্ষপঁচিশহাজার	একহাজারআটশতউনচল্লিশকোটিউনত্রিশলক্ষপঁচিশহাজার	ছিয়াত্তরলক্ষচারহাজার	

কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি

ভূমিকা:

দেশের মোট জনসংখ্যার প্রায় দুই তৃতীয়াংশ নারী ও শিশু। তাই নারীর উন্নয়ন ও শিশুর সঠিক পুষ্টি নিয়ে বেড়ে ওঠা বাংলাদেশের উন্নয়নের অন্যতম চালিকাশক্তি। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা(ঝউএ)অর্জন এবং একটি সুস্থ সবল প্রজন্ম গঠনের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর রাজস্ব খাতের অর্থায়নে শহর অঞ্চলে ‘কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল’ কর্মসূচিবাস্তবায়ন করছে। ২০১০-২০১১ অর্থবছর হতে শুরু হওয়া কর্মসূচির আওতায় দরিদ্র গর্ভবতী ও দুগ্ধদায়ী মা’দেরকে সরকার নির্ধারিত হারে ভাতা প্রদানের পাশাপাশি শিশুর সঠিক পরিচর্যায় মা’দের ভূমিকা, শিশু স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টিমান ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। যা সরকারের সামাজিক নিরাপত্তামূলক বেষ্টনী (ঝড়পরধষ ঝধভবঃু-হবঃ) কার্যক্রমের অন্যতম কর্মসূচি।

লক্ষ্যওউদ্দেশ্য:

- টেকসইউন্নয়নলক্ষমাত্রা (ঝউএ)অর্জন;
- মাওশিশুরমৃত্যুহারহ্রাস;
- মাওশিশুরখাদ্যওপুষ্টিনিশ্চিতকরণ;
- সুস্থওসবলপ্রজন্মগঠন;
- দারিদ্রতানিরসন;
- জীবনমানউন্নয়ন।

কর্মসূচি এলাকা :

- বর্তমানে ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর ও চট্টগ্রামে অবস্থিত বিজিএমইএএর ৩৯১টিএবং বিকেএমইএ এর১১৯টিসর্বমোট (৩৯১+১১৯)=৫১০টি পোশাক কারখানায় এবং জেলা ও উপজেলা পর্যায়ে ৩৩৯টি সিটি কর্পোরেশন/ পৌরসভায় কর্মসূচির কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

প্রশাসনিক ব্যবস্থাপনা :

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে কর্মসূচিটি বাস্তবায়িত হচ্ছে।
- এ কর্মসূচিটি পরিচালনা ও বাস্তবায়নের লক্ষ্যে ৪টি কমিটি রয়েছে। যথা: (১)স্টিয়ারিং কমিটি, (২) বাস্তবায়ন ও মনিটরিং কমিটি (৩) উপজেলা কমিটি (৪) জেলা কমিটি ।
- জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ এই কর্মসূচির বাস্তবায়ন নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ করে থাকেন।

কর্মসূচি’রবাজেট:

- কর্মসূচি’রচলতিবছরেরমোটবাজেট : ২৭৬,৬৫,০০,০০০ (দুইশতছিয়াত্তরকোটিপঁয়ষট্টিলক্ষ) টাকা।
- উপকাভোগীরভাতাবাবদবরাদ্দ: ২৬৪,০৪,০০,০০০ (দুইশতচৌষট্টিকোটিচারলক্ষ) টাকা।
- প্রশিক্ষণবাবদবরাদ্দ১০,৩৮,৫০,০০০ (দশকোটিআটত্রিশলক্ষপঞ্চাশহাজার) টাকা।

উপকারভোগীর সংখ্যা ও ভাতা প্রদান পদ্ধতি :

- বর্তমানে কর্মসূচির মোট উপকারভোগীর সংখ্যা ২,৭৭,১২৫ জন।
- জনপ্রতি মাসিক ভাতার পরিমাণ ৮০০ (আটশত) টাকা ।
- একজন উপকারভোগী একাধারে ৩ (তিন) বছর ভাতা পাচ্ছেন।
- কর্মসূচি’র উপকারভোগীদের ডাটাবেজ করার জন্য একটি MIS প্রস্তুত করা হয়েছে। উক্ত MIS ব্যবহার করে গত ২০১৮-১৯ অর্থ বছর হতে G2P পদ্ধতিতে উপকারভোগীদের নিজ পছন্দের অনলাইন ব্যাংক হিসাব/ মোবাইল ও এজেন্ট ব্যাংক হিসাবে উঝঞ এর মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে।

প্রশিক্ষণ :

- দারিদ্র নিরসন,মা ও শিশু মৃত্যুহার হ্রাস, মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি,খাদ্য ও পুষ্টি সহায়তা প্রদান, গর্ভাবস্থায় এবং প্রসব ও প্রসবোত্তর সেবা বৃদ্ধি,শিশুর সঠিক পরিচর্যা, শিশুর প্রারম্ভিক বিকাশ, শিশুর অটিজম ও প্রতিবন্ধকতা সম্পর্কে মা’দের জ্ঞান প্রদান, বাল্য বিবাহ রোধে সচেতনতা বৃদ্ধি,স্বাস্থ্য পরিচর্যা, ইপিআই ও পরিবার পরিকল্পনা, শিশুর খাদ্য ও পুষ্টি এবং জীবন মান উন্নয়ন ইত্যাদি বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

উপকারভোগীদের ভাতা প্রদান সংক্রান্ত তথ্যবিবরণী :

		বাজেটে ঘোষিত কার্যক্রম অগ্রগতি/পরিকল্পনা/				
অর্থবছর	উপকারভোগী রকার্ডেরবরাদ্দ	মাথাপিছু হার (মাসিক)	ভাতাপ্রদানেরচক্র	উপকারভোগীরভাতা বাবদপ্রাপ্তবরাদ্দ (১বছরে)	উপকারভোগীরভাতা রঅর্থবিতরণ (১বছরে)	সর্বশেষ অগ্রগতি

২০০৯-১০	-	-		-	-	এঅর্থবছরেকর্মসূচিটিচালুকরাহয়নাই।
২০১০-১১	৬৭৫০০	৩৫০-/	২বছর	২৮,৩৫,০০,০০০	২৮,৩৫,০০,০০০	এঅর্থবছরেকর্মসূচিটিশুরুকরাহয়েছে।
২০১১-১২	৭৭৬০০	৩৫০-/	২বছর	৩২,৫৯,২০,০০০	৩২,৫৯,২০,০০০	কার্ডসংখ্যা১০১০০বৃদ্ধিকরাহয়েছে।
২০১২-১৩	৭৭৬২৫	৩৫০-/	২বছর	৩২,৬০,২৫,০০০	৩২,৬০,২৫,০০০	কার্ডসংখ্যা২৫বৃদ্ধিকরাহয়েছে।
২০১৩-১৪	৮৫৮০২	৪০০-/	২বছর	৪১,১৮,৪৯,০০০	৪১,১৮,৪৯,০০০	কার্ডসংখ্যা৮১৭৭জনবৃদ্ধিকরাহয়েছে
২০১৪-১৫	১০০০০০	৫০০-/	২বছর	৬০,০০,০০,০০০	৬০,০০,০০,০০০	কার্ডসংখ্যা১৪১৯৮জনবৃদ্ধিকরাহয়েছে।
২০১৫-১৬	১২০০০০	৫০০-/	২বছর	৭২,০০,০০,০০০	৭২,০০,০০,০০০	কার্ডসংখ্যা২০০০০জনবৃদ্ধিকরাহয়েছে।
২০১৬-১৭	১৮০৩০০	৫০০-/	২বছর	১০৮,১৮,০০,০০০	১০৮,১৮,০০,০০০	২০১৬-১৭ অর্থবছরে ৬০৩০০ জন উপকারভোগী বৃদ্ধি করা হয়েছে
২০১৭-১৮	২০০০০০	৫০০-/	২বছর	১২০,০০,০০,০০০	১২০,০০,০০,০০০	২০১৭-১৮ অর্থবছরে ১৯৭০০ জন উপকারভোগী বৃদ্ধি করা হয়েছে
২০১৮-১৯	২৫০০০০	৮০০-/	৩বছর	২৪০,০০,০০,০০০	২৪০,০০,০০,০০০	২০১৮-১৯ অর্থবছরে ৫০০০০ জন উপকারভোগী বৃদ্ধি করা হয়েছে
২০১৯-২০	২৭৫০০০	৮০০-/	৩বছর	২৬৪,০০,০০,০০০	২৬৪,০০,০০,০০০	২০১৯-২০ অর্থবছরে ২৫০০০ জন উপকারভোগী বৃদ্ধি করা হয়েছে
২০২০-২১	২৭৫০০০	৮০০-/	৩বছর	২৬৪,০০,০০,০০০	২৬৪,০০,০০,০০০	জিটুপিপদ্ধতিতেভাতাপ্রদানকরাহয়েছে।

শুরুহতেএপর্যন্তমোট৭,৫৮,৪০২জন উপকারভোগীকে ভাতা ও প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

রাজবাড়ীজেলারসদরস্থপৌরসভায়২০১৯-২০অর্থবছরেউপকারভোগীদের অনলাইনেভাতাপরিশোধেরজন্যমোবাইলব্যাংকহিসাবখোলাহচ্ছে।

ল্যাকটেটিংমাদার কর্মসূচি বাস্তবায়ন সমস্যা, সমাধান ও নতুন কৌশল উদ্ভাবন সম্পর্কিত বিভাগীয় পর্যায়ের কর্মশালারতথ্যচিত্র।

ভবিষ্যৎ পরিকল্পনা: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মার জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান এবং কর্মজীবী ল্যাকটেটিং ভাতা প্রদান কর্মসূচিকে একত্রিত করে NSSS (National Social Security Strategy) এর নির্দেশনা অনুযায়ী মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে গত ২০১৮-১৯ অর্থ বছর হতে ৭টি বিভাগের ৭টি উপজেলা এবং গাজীপুর সিটি কর্পোরেশন এলাকার বিজিএমইএএর নির্দিষ্ট ৩টি এবং বিকেএমই এর নির্দিষ্ট ৩টি কারখানায় মাতৃত্বকালওল্যাকটেটিংকর্মসূচিরউন্নতসংস্করণ (Improvement Maternity & Lactating Mother Allowance-IMLMA) নির্দেশিকা অনুযায়ী মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। ২০১৯-২০ অর্থ বছরে আরও ১৮টি উপজেলাসহ মোট ২৫টি জেলা/উপজেলায় এবং চলতি ২০২০-২১ অর্থ বছরে আরও ৪১টি জেলা/উপজেলাসহ ৬৬টি জেলা/উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। পর্যায়ক্রমে দেশের সকল জেলা/উপজেলায় মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়িত হবে।

মা ও শিশু সহায়তা কর্মসূচির মাধ্যমে প্রতি মাসে উপকারভোগীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ, উপকারভোগী নির্বাচন এবং ভাতা প্রদান করা হচ্ছে। বিশ্ব খাদ্য কর্মসূচি (World Food Programme) এ কার্যক্রম বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান করছে।

জয়িতা অন্বেষণে বাংলাদেশ

১। কার্যক্রমের নাম : "জয়িতা অন্বেষণে বাংলাদেশ" শীর্ষক কার্যক্রম।

২। কার্য এলাকা : সমগ্র বাংলাদেশ।

৩। বাস্তবায়নকাল : রাজস্ব বাজেটের আওতায় প্রতি বছর ২৫ নভেম্বর হতে ১০ ডিসেম্বর পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস উদযাপনের অংশ হিসেবে জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন করা হয়।

৪। অর্থ-বছর : ২০২০-২১

৫। আর্থিক উৎস:

ক্রমিক নং	মোট টাকা (লক্ষ টাকায়)	জিওবি (লক্ষ টাকায়)	প্রকল্প সাহায্য (লক্ষ টাকায়)	দাতা সংস্থার নাম	মন্তব্য
১.	১৪০.০০ (এক কোটি চল্লিশ লক্ষ)	১৪০.০০ (এক কোটি চল্লিশ লক্ষ)	-	-	-

৬। কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ:

লক্ষ্য ও উদ্দেশ্য:

- সমাজের বিভিন্ন ক্ষেত্রের জয়িতাদের চিহ্নিত করে তাদের যথাযথ সম্মান, স্বীকৃতি ও অনুপ্রেরণা প্রদান করে সমাজের আপামর নারীদের মধ্যে আস্থা সৃষ্টি করা এবং তাঁদের জয়িতা হতে অনুপ্রাণীত করা;
- নারীর অগ্রযাত্রায় সকল প্রতিবন্ধক তা মোকাবেলা করে জয়িতাদের অগ্রসর হওয়ার পথ সুগম করা,ফলশ্রুতিতে জেন্ডার সমতা ভিত্তিক সমাজ বিনির্মাণের মাধ্যমে দেশের সুষম উন্নয়ন ত্বরান্বিত করা;
- আন্তর্জাতিক নারীনির্যাতনপ্রতিরোধপক্ষওবেগমরোকেয়াদিবসেরমূলচেতনারসাথেসংগতিরেখেগতানুগতিকতারউর্ধ্বেউঠেদিবসগুলোযথাযথভাবেউদযাপনকরা।

নীতিমালার আলোকে ৫টি ক্যাটাগরি:

১. অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী;
২. শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী;
৩. সফল জননী নারী;
৪. নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোম জীবন শুরু করেছেন যে নারী; এবং
৫. সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী।

বাস্তবায়ণ কৌশল :

- প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নেতৃত্বে ইউনিয়ন পরিষদ স্ব স্ব ইউনিয়নে এবং ওয়ার্ড কাউন্সিলরগণ স্ব স্ব ওয়ার্ডে ব্যাপক প্রচার ও অনুসন্ধানের মাধ্যমে বিভিন্ন ক্যাটাগরীতে আবেদনপত্র আহবান করবে। প্রাপ্ত আবেদনপত্রসমূহ ইউনিয়ন কমিটির মাধ্যমে যাচাই বাছাইপূর্বক প্রতিটি ক্যাটাগরীতে ইউনিয়নের শ্রেষ্ঠ একজন করে নির্বাচিত মহিলার প্রস্তাব সত্যায়িত ছবি ও জীবনবৃত্তান্তসহ উপজেলায় প্রেরণ।
- উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পর্যায়ের একটি কমিটি ইউনিয়ন পর্যায় এবং ওয়ার্ড পর্যায় হতে প্রাপ্ত প্রস্তাবগুলোর সত্যতা ও বস্তুনিষ্ঠতা যাচাই করে প্রত্যেক ক্যাটাগরীতে একজন করে শ্রেষ্ঠ মহিলার প্রস্তাব জীবনবৃত্তান্ত এবং প্রদত্ত তথ্যের সত্যতা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে প্রত্যয়ন ও প্রতিস্বাক্ষরসহ জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে।
- জেলা প্রশাসকের নেতৃত্বে জেলা পর্যায়ে গঠিত একটি কমিটি সকল উপজেলা হতে প্রাপ্ত প্রত্যেক ক্যাটাগরীর প্রস্তাবগুলোর সত্যতা যাচাই করে জেলার শ্রেষ্ঠ একজনের (প্রত্যেক ক্যাটাগরীতে) প্রস্তাব সংক্ষিপ্ত জীবন বৃত্তান্ত প্রদত্ত তথ্যের সত্যতা ও বস্তুনিষ্ঠতা সম্পর্কে প্রত্যয়ন ও প্রতিস্বাক্ষরসহ বিভাগীয় কমিশনারের নিকট প্রেরণ করবে।

- বিভাগীয় পর্যায়ে ৫ জন শ্রেষ্ঠ জয়িতা নির্বাচনের জন্য বিচারকমন্ডলী বিভাগীয় কমিটি হতে প্রাপ্ত ১০ জন জয়িতার তালিকা হতে সম্মাননা প্রদান অনুষ্ঠানে উপস্থিত দর্শকের সামনে ৫ জন শ্রেষ্ঠ জয়িতা নির্বাচন করবেন এবং তাঁদের সম্মাননা প্রদান করা হবে।

৭। <u>২০১৯-২০ অর্থ-বছরেঅগ্রগতি:</u>

৮ টি বিভাগের ৬৪ টি জেলা হতে ইউনিয়ন পর্যায়ে ৬৯৭৫ জনের আবেদন পাওয়া যায়। পরবর্তীতে যাচাই-বাছাইয়ের মাধ্যমে উপজেলা পর্যায়ে ২০৯৫ জন, জেলা পর্যায়ে ৩২০ জন এবং বিভাগীয় পর্যায়ে ৪০ জন জয়িতা নির্বাচন করা হয়। বিভাগীয় পর্যায়ে নির্বাচিত ৪০ জন জয়িতার মধ্য হতে ৫ ক্যাটাগরীতে ৫ জন জয়িতাকে জাতীয় পর্যায়ে নির্বাচন করা হয়।

<u>২০২০-২১ অর্থ-বছরেঅগ্রগতি:</u>

উপজেলা ও জেলাপর্যায়ে জয়িতা নির্বাচন সম্পন্ন হয়েছে।বিভাগীয় পর্যায়ে প্রক্রিয়াধীন।

২০১৯-২০ অর্থবছরের বিভাগীয় পর্যায়ে নির্বাচিত ৪০ জন জয়িতার মধ্য হতে জাতীয় পর্যায়ে ৫ ক্যাটাগরিতে ৫ জন নির্বাচিত জয়িতাকে আন্তর্জাতিক নারী দিবস-২০২১ এ সংবর্ধনা প্রদান করা হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার (৮ মার্চ, ২০২১) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন প্রান্তে যুক্ত হয়ে "আন্তর্জাতিক নারী দিবস-২০২১" উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসময় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা শ্রেষ্ঠ পাঁচ জয়িতাদের হাতে সম্মাননা পদক তুলে দেন -ফোকাস বাংলা নিউজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার (৮ মার্চ, ২০২১) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন প্রান্তে যুক্ত হয়ে "আন্তর্জাতিক নারী দিবস-২০২১" উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসময় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা শ্রেষ্ঠ পাঁচ জয়িতাদের হাতে সম্মাননা পদক তুলে দেন -ফোকাস বাংলা নিউজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার (৮ মার্চ, ২০২১) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন প্রাঙ্গণে যুক্ত হয়ে "আন্তর্জাতিক নারী দিবস-২০২১" উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসময় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি মেধা পাঁচ জয়িতাদের হাতে সম্মাননা পদক তুলে দেন। পরে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি পদক প্রাপ্তদের সঙ্গে গ্রুপ ছবিতে অংশগ্রহণ করেন -ফোকাস বাংলা নিউজ

বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র 'অঙ্গনা'

ভূমিকা :

বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। দেশের টেকসই সার্বিক উন্নয়নের অন্যতম অপরিহার্য পূর্বশর্ত হচ্ছে নারী উন্নয়ন। বর্তমান সরকার "রুপকল্প ২০২১" বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় পর্যায়ে নারীকে উন্নয়নের মূলস্রোতধারায় সম্পৃক্ত করার ক্ষেত্রে নারী উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। ক্ষুদ্র ও মাঝারী নারী উদ্যোক্তাদের সুযোগ সৃষ্টির মধ্য দিয়ে অর্থনৈতিক ক্ষমতায়ন ও মানবাধিকার উন্নয়নে ব্যাপক কার্যক্রম পরিচালিত করছে মহিলা বিষয়ক অধিদপ্তর তথা মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। জাতীয় উন্নয়নের মূলস্রোতধারায় নারীকে সম্পৃক্তকরণ ও অর্থনৈতিক কর্মকান্ডে নারীর অংশগ্রহণের লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধনকৃত মহিলা সমিতিসমূহের/ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের উৎপাদিত পন্য সামগ্রী বাজারজাতকরণ ও বিক্রয়ের সহায়তা করার মাধ্যমে তাদের স্বাবলম্বী ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র "অঙ্গনা"প্রতিষ্ঠিত হয়।

লক্ষ্য ও উদ্দেশ্য :

- নারী উদ্যোক্তা তৈরি করা ও ক্ষুদ্র ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের নিজস্ব উৎপাদিত পন্য বাজারজাত ও বিক্রয়ের সহায়তা করার মাধ্যমে তাদেরকে আর্থিকভাবে স্বাবলম্বী করে গড়ে তোলা।
- অঙ্গনার মাধ্যমে সারা দেশব্যপী নারীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।
- অঙ্গনার মাধ্যমে নারীরা আয়বর্ধক কাজে সম্পৃক্ত হলে নারী ও পুরুষের বৈষম্য হ্রাস পাবে এবং নারীর ক্ষমতায়ন ও দেশের দারিদ্র বিমোচন হবে।

মালামাল সংগ্রহ:

- মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল জেলা/উপজেলা কার্যালয় এর প্রশিক্ষনপ্রাপ্ত মহিলাদের তৈরীকৃত মানসম্মত যুগোপযোগী দ্রব্যাদি।
- মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধিত মহিলা সমিতির সদস্যদের তৈরীকৃত মানসম্মত দ্রব্যাদি।
- মহিলা উদ্যোক্তাদের স্ব-কর্মসংস্থানের জন্য ব্যক্তিগত উদ্যোগে তৈরীকৃত মানসম্মত দ্রব্যাদি।

মূল্য নির্ধারন ও বিক্রয়:

যাচাই বাছাই কমিটিকর্তৃক যে সব দ্রব্যাদি গ্রহণের জন্য সুপারিশ করা হয় শুধুমাত্র সেই সব দ্রব্যের ক্রয় মূল্যের সাথে ৫% মুনাফা যোগ করে দ্রব্যাদির বিক্রয় মূল্য নির্ধারণ করা হয়।

- মালামাল পাকা রশিদের মাধ্যমে বিক্রয় করা হয়।
- মালামাল একদরে বিক্রয় করা হয়, বিক্রিত মাল ফেরৎ নেয়া হয় না।
- অঙ্গনার বিক্রয়বাবদ প্রাপ্ত অর্থ নির্দিষ্ট নিয়মে ব্যংকের হিসাবদ্বয়ে জমা দেয়া হয়।

বিল পরিশোধ:

অঙ্গনার মাধ্যমে বিক্রয়কৃত মালামালের বিল অঙ্গনার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অতিরিক্ত পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং সহকারী পরিচালক (মার্কেটিং) এর যৌথ স্বাক্ষরে অঙ্গনার ওয়ার্কিং ক্যাপিটাল হিসাব হতে A/C Payee চেকের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সমিতি/ব্যক্তিকে পরিশোধ করা হয়। মুনাফার অর্থ প্রতি অর্থবছর শেষে সরকারী কোষাগার বাংলাদেশ ব্যাংকে জমা দেয়া হয়।

২০২০-২০২১ অর্থ বছরে অঙ্গনার আর্থিক অবস্থা

- ২০২০-২০২১ অর্থ বছরে অঙ্গনার মাধ্যমে মহিলা উদ্যোক্তাদের সরবরাহকৃত ৬,৪৫,১২৫/- (ছয় লক্ষ পয়তাল্লিশ হাজার একশত পঁচিশ)টাকারমালামাল বিক্রয় করা হয়েছে ।
- ২০২০-২০২১ অর্থ বছরে অঙ্গনার মাধ্যমে বিক্রয়কৃত অর্থের ৫% মুনাফা ৩১,৭৬৬/০১ (একত্রিশ হাজার সাতশত ছেষট্টি টাকা এক পয়সা)টাকা অর্থবছর শেষে চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে।
- ২০২০-২০২১ অর্থ বছরে অঙ্গনার মাধ্যমে উদ্যোক্তাদের সরবরাহকৃত মালামালের বিল বাবদ ৮,৫১,৬৫৫/-(আট লক্ষ একান্ন হাজার ছয়শত পঞ্চান্ন) টাকার চেক উদ্যোক্তাদের বিতরণ করা হয়েছে।

অঙ্গনার সাফল্য:

মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র অঙ্গনার মাধ্যমে তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তাগণ তাদের তৈরিকৃত মালামাল সরবরাহ করে আর্থিকভাবে স্বাবলম্বী ও আত্মনির্ভরশীল হচ্ছে। অঙ্গনার মাধ্যমে প্রতিবছর নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি হচ্ছে। এভাবেই অঙ্গনা সরাসরি নারী উন্নয়ন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে ও সরকারের বার্ষিক আয়ে সম্পৃক্ত হচ্ছে।

স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন, নিয়ন্ত্রণ ও অনুদান বিতরণ

জাতীয় পর্যায়ে নারীকে উন্নয়নের মূলস্রোতধারায় সম্পৃক্ত করে ইতিবাচক পরিবর্তন আনয়নে মহিলা বিষয়ক অধিদপ্তরের ভূমিকা অপরিসীম। নারী উন্নয়নে মাঠ পর্যায়ে সরকারের বাস্তবায়নকারী প্রতিষ্ঠান হিসেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর ৬৪টি জেলা এবং ৪৩০ টি উপজেলায় সরকার কর্তৃক গৃহীত নারী উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন উন্নয়ন কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে । তন্মধ্যে তৃণমূল পর্যায়ের মহিলাদের সার্বিক উন্নয়ন ও দারিদ্র্য নিরসনকল্পে এবং তাদেরকে আর্থ-সামাজিকভাবে স্বাবলম্বী করে গড়ে তুলতে স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মহিলা বিষয়ক অধিদপ্তরের জেলা কর্মকর্তাদের মাধ্যমে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন করা হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিগুলোকে অনুদান প্রদান কার্যক্রম পশ্চাদপদ নারী সমাজকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ১৯৭৮ সাল থেকে অনুদান বিতরণ কার্যক্রম সফলভাবে দরিদ্র নারীদের কল্যাণে অবদান রাখছে। তারই ধারাবাহিকতায় ২০২০-২০২১ অর্থ বছরে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি সমূহের মধ্যে নিম্নেবর্ণিত অনুদান প্রদান করা হয়েছে:

সাধারণ অনুদানঃ

শ্রেণির ধরণ	টাকার হার	সমিতির সংখ্যা	টাকা
ক শ্রেণিভুক্ত সমিতি	৪০,০০০/-	৯০০ টি (৯০০X৪০,০০০)	৩,৬০,০০,০০০/-
খ শ্রেণিভুক্ত সমিতি	৩০,০০০/-	১১০০ টি (১১০০X৩০,০০০)	৩,৩০,০০,০০০/-
গ শ্রেণিভুক্ত সমিতি	২৫,০০০/-	১৫১৭ টি (১৫১৭X২৫,০০০)	৩,৭৯,২৫,০০০/-
মোট =		৩৫১৭ টি সমিতি	১০,৬৯,২৫,০০০/-

বিশেষ অনুদানঃ

২০২০-২০২১ অর্থ বছরে ১২৮টি সমিতিকে ৫০,০০০/- টাকা হারে (১২৮X৫০,০০০/-)=৬৪,০০,০০০/-) চৌষট্টি লক্ষ টাকা বিশেষ অনুদান বিতরণ করা হয়েছে।

স্বেচ্ছাধীন অনুদানঃ

২০২০-২০২১ অর্থ বছরে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক স্বেচ্ছাধীন অনুদান হিসাবে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা বিতরণ করা হয়েছে।

দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি

১.	কর্মসূচির নাম	:	দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি
২.	বাস্তবায়নকাল	:	জুলাই ২০০৭- হতে শুরু হয়ে চলমান রয়েছে।
৩.	২০২০-২০২১অর্থ বছরে ভাতা ভোগীর সংখ্যা	:	৭,৭০,০০০জন
৪.	২০২০-২০২১অর্থ বছরে বরাদ্দ	:	৭৫৩,৯৭,৩০,০০০/-(সাত শত তেপ্পান্ন কোটি সাতানব্বই লক্ষ ত্রিশ হাজার)
৫.	কর্ম এলাকা	:	৬৪টি জেলা ও ৪৯২টি উপজেলা।
৬.	কর্মসূচির উদ্দেশ্য	:	ক) দরিদ্র মা ও শিশু মৃত্যু হার হ্রাস
			খ) শিশুর ১০০০দিনের পুষ্টি নিশ্চিত করা।
			গ) গর্ভাবস্থায় উন্নত পুষ্টি উপাদান গ্রহণের হার বৃদ্ধি।
			ঘ) প্রসব ও প্রসবোত্তর সেবার হার বৃদ্ধি।
			ঙ)মাতৃদুগ্ধ পানের হার বৃদ্ধি।
			চ) ইপিআই ও পরিবার পরিকল্পনা গ্রহণের হার বৃদ্ধি
			ছ)জন্মনিবন্ধন উৎসাহিত করা।
			জ) বিবাহ নিবন্ধন উদ্বুদ্ধকরণ।
৭.	কর্মসূচির কায়ক্রম	:	১।প্রতি ভাতা ভোগী পছন্দমত মোবাইল একাউন্টের মাধ্যমে মাসিক ৮০০/-টাকা হারে ৩ বছর ভাতা প্রদান। ২। ভাতাভোগীকে শিশু পরিচর্যা,স্বাস্থ্য,টিকা ও জীবন দক্ষতা মূলক প্রশিক্ষণ প্রদান।
৮.	নতুন উপকারভোগী নির্বাচনের অবশ্যকীয় শর্তাবলী	:	ক)কর্মসূচির বিদ্যমান নীতিমালা ও প্রেরিত নির্দেশনা অনুসরন করতে হবে; খ) উপকারভোগীর বয়স ২০ থেকে ৩৫ বছর; গ) প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে; ঘ) প্রত্যেক উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র আবশ্যিক; ঙ) প্রত্যেক উপকারভোগীর নিজ নিজ পছন্দের সক্রিয় অনলাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংক (বিকাশ/রকেট/শিউরক্যাশ) হিসাবে হবে। চ) প্রত্যেক উপকারভোগীর নিজ স্ব মোবাইল নম্বর থাকতে হবে;
৯.	G2P(Government to person) পদ্ধতিতে ভাতা প্রদান	:	মাসিক ৮০০/- (আট শত টাকা) হারে উপকারভোগীকে তার পছন্দ মত নিজস্ব অনলাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংকের মাধ্যমে G2P(Government to person)পদ্ধতিতে ভাতা প্রদান করা হয়।

মাওশিশুসহায়তাকর্মসূচি

১.	কর্মসূচির নাম	:	মা ও শিশু সহায়তা কর্মসূচি (জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল, ২০১৫ নির্দেশনা অনুযায়ী বিদ্যমান মাতৃত্বকাল ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মা ভাতা কর্মসূচির সমন্বিত এবং উন্নত সংস্করণ)
২.	বাস্তবায়ন কাল	:	জুলাই ২০১৯ হতে শুরু হয়ে চলমান রয়েছে।
৩.	কর্মএলাকা	:	৮টি বিভাগের ৬৬টি উপজেলা এবং গাজীপুর জেলার বিজেএমইএ ও বিকেএমইএ এর আওতাধীন গার্মেন্টস সমূহ।
৪.	কর্মসূচিরউদ্দেশ্যে	:	দরিদ্র গর্ভবতী মা ও স্বল্প আয়ের কর্মজীবী মায়ের গর্ভকালীন যত্ন থেকে শুরু করে শিশুর জন্মের প্রথম গুরুত্বপূর্ণ ১০০০ দিনে শিশুর স্বাস্থ্য, পুষ্টি ও বুদ্ধি বৃত্তিক বিকাশে অবদান রাখা।
৫.	কর্মসূচিরকার্যক্রমওপ্রশিক্ষনেরবিষয়	:	১. প্রতিটি ইউনিয়ন ও ওয়ার্ডে কর্মসূচির উদ্দেশ্য এবং অন্তর্ভুক্তি সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণা চলবে। ২.গর্ভ ধারণ নিশ্চিত হওয়া মাত্র দরিদ্র ও স্বল্প আয়ের পরিবারের মায়েদের অনলাইন ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে প্রতিমাসে কর্মসূচিতে নিবন্ধিত হবেন। ৩.সুবিধাভোগী মা প্রতিমাসে তার পছন্দনীয় মোবাইল একাউন্টের মাধ্যমে ৮০০ (আট শত) টাকা আর্থিক সহায়তা ৩৬ মাস তার একাউন্টে পাবেন। ৪. এ সময় তারা ৪টি ANC সম্পন্ন করবেন। গর্ভকালীন সময়ের স্বাস্থ্য সেবা ও যত্ন পাবেন , টিকা, শিশুর প্রারম্ভিক বিকাশ, মায়ের বুকের দুধ, পুষ্টি ও পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ক সচেতনতায় নিয়মিত অংশগ্রহণের সুযোগ পাবেন। ৬. শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করবেন এবং উদ্দিপনা মূলক শৈশবকালীন যত্ন নিশ্চিত করবেন, বুকের দুধ, পুষ্টি বিষয়ক সচেতনতায় অংশগ্রহণের সুযোগ পাবেন। ৭.গর্ভবতী মা ও তার পরিবারের সদস্যদের জন্য মা ও শিশুর পুষ্টি ও যত্ন সম্পর্কিত আচরণ পরিবর্তন আনয়নের প্রশিক্ষণের আয়োজন করা হবে।
৬.	নতুন উপকারভোগী নির্বাচনের অবশ্যকীয় শর্তাবলী		ক) কর্মসূচির বিদ্যমান নীতি মালা ও প্রেরিত নির্দেশনা অনুসরণ করতে হবে; খ) উপকারভোগীর বয়স ২০ থেকে ৩৫ বছর; গ) প্রথম অথবা দ্বিতীয় গর্ভাবস্থা হতে হবে; ঘ) প্রত্যেক উপকারভোগীর জাতীয় পরিচয়পত্র আবশ্যিক; ঙ) প্রত্যেক উপকারভোগীর নিজ নিজ পছন্দের সক্রিয় অনলাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংক (বিকাশ/রকেট/শিউরক্যাশ) হিসাবে হবে। চ) প্রত্যেক উপকারভোগীর নিজস্ব মোবাইল নম্বর থাকতে হবে;
৭.	G2P (Government to person) পদ্ধতিতে ভাতা প্রদান		মাসিক ৮০০/-(আট শত টাকা) হারে উপকারভোগীকে তার পছন্দ মত নিজস্ব অন-লাইন ব্যাংক অথবা মোবাইল ব্যাংকের মাধ্যমে G2P (Government to person)পদ্ধতিতে ভাতা প্রদান করা হয়।

সেলাই মেশিন

নারীর আত্মকর্মসংস্থান ও অর্থনৈতিক কর্মকান্ডে সম্পৃক্ত করার জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ জেলা উপজেলা কার্যালয়ে সেলাই প্রশিক্ষণসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। ইচ্ছা থাকা সত্ত্বেও প্রশিক্ষিত নারী এবং সেলাই কাজে দক্ষ দুঃস্থ ও অসহায় নারী সেলাই মেশিনের অভাবে অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণ করতে পারে না। তাদের উৎপাদনের মূলধারায় সম্পৃক্ত করা ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে অধিদপ্তরের অনুকূলে প্রতি অর্থ বছর নির্ধারিত খাতে প্রদত্ত থোক বরাদ্দ হতে সেলাই মেশিন ক্রয় করে মহিলাদের মধ্যে বিতরণ করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ২০২১ সাল পর্যন্ত মোট ২৯,২১৮ টি পা-চালিত সেলাই মেশিন ক্রয় করা হয়েছেএবং তা বিতরণ করা হচ্ছে।তাছাড়া চলতি ২০২০-২০২১ অর্থ বছরে ৩ (তিন) কোটি টাকার ৩,৩২৭ টি সেলাই মেশিন ক্রয় করা হয়েছে। যা প্রশাসনিক মন্ত্রণালয় হতে বরাদ্দের জিও প্রাপ্তি সাপেক্ষে বিতরণকরা হচ্ছে।

সচেতনতা বৃদ্ধি ও জেন্ডার সমতামূলক কার্যক্রম

পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি

নারী অধিকার ও নারীর ক্ষমতায়নে সমাজে ব্যাপকভাবে আলোচিত বিভিন্ন ইস্যুর উপর ইতিবাচক মনোভাব ও সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিবীক্ষণ, সমন্বয় ও সচেতনতা সৃষ্টি শাখার মাধ্যমে বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু পাচাররোধ, কর্মস্থলে যৌন হয়রানী রোধ, অটিজম ও নিউরো ডেভেলপমেন্টাল ডিজ এ্যাবিলিটি,মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ এবং ব্র্যান্ডিং কার্যক্রম বিষয়ক ও NCWCD প্রভৃতি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে অত্র শাখা হতে একটি কর্মপরিকল্পনা গ্রহন করা হয়েছে।

১। বাল্য বিবাহ প্রতিরোধ : বাংলাদেশ সরকার জাতি সংঘের ঘোষিত MDG এর ৮টি লক্ষ্যমাত্রার মধ্যে বাল্য বিবাহ ও পুষ্টির অভাব শতভাগ পূরণ করতে সক্ষম হয়নি। ফলে ২০১৫-২০৩০ সালের জন্য ঘোষিত SDG5 এ উল্লেখিত লক্ষ্যমাত্রা পূরণে সরকার বাল্যবিবাহ নিরোধে ব্যাপক গুরুত্ব দিয়ে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তরে নিম্নলিখিত কার্যক্রম গৃহীত হয়েছে:

●মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টার সভাপতিত্বে বাল্যবিবাহ নিরোধ সংক্রান্ত একটি কমিটি রয়েছে। এই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সমাজের সাধারণ মানুষের মাঝে বিশেষ করে মহিলা, স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র শিক্ষক ও মসজিদের ইমামদের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, সেমিনার, উঠান বৈঠক এবং অবহিতকরণ সভা, মানববন্ধন,আলোচনা সভা অনুষ্ঠান করা। এছাড়া অধিদপ্তরে অনুষ্ঠিত বিভিন্ন ট্রেনিং প্রোগ্রামে উক্ত বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

●বাল্যবিবাহ পড়ানো হবে না মর্মে কাজী ও পুরোহিতদের নিকট থেকে অঙ্গীকার নামা গ্রহণ,ভিডি ও প্রদর্শনী, ইত্যাদি কার্যক্রম বাস্তবায়িত হয়।

●বাল্যবিবাহ রোধে মাঠ পর্যায় হতে মাসিক তথ্য সংগ্রহ ও সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ করা হয়।

●জুলাই' ২০ হতে জুন' ২১ পর্যন্ত মোট ১৫৭৭ জন শিশু বাল্যবিবাহ হতে পরিত্রাণ পেয়েছে। উক্ত শিশুদের নাম ও ঠিকানা জেলা/উপজেলা হতে প্রাপ্ত তথ্য সন্নিবেশিত করে প্রতিমাসে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ ও সংরক্ষণ করা হয়।

২। কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধ:

- কর্মক্ষেত্রে যৌন হয়রানী রোধে মহামান্য আদালতের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীটপিটিশন এর আলোকে মহিলা বিষয়ক অধিদপ্তরে একটি Complaint কমিটি রয়েছে।
- ●অধিদপ্তরের নীচ তলায় একটি অভিযোগ বাক্স রাখা হয়েছে।
- ●সংরক্ষিত অভিযোগ বাক্সটির অবস্থান সম্পর্কে সকলকে জানানোর লক্ষ্যে ভবনের প্রতি তলায় ছোট নির্দেশক চিহ্ন সম্বলিত বোর্ড স্থাপন করা হয়েছে।
- ●অভিযোগকারী লিখিতভাবে অভিযোগ প্রদান করতে পারেন।
- ●Complaint কমিটির সভা প্রতি দুই মাস পর পর অনুষ্ঠিত হয়।
- ●৬৪ টি জেলার উপপরিচালকের কার্যালয়ে Complaint কমিটি গঠন করা হয়েছে।

৩। অটিজম বিষয়ক :

- মহিলা বিষয়ক অধিদপ্তরে অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজ এ্যাবিলিটি বিষয়ক একটি সেল গঠন করা হয়েছে।
- মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচি, কিশোর-কিশোরী ক্লাব কর্মসূচির প্রশিক্ষণ মডিউলসহ অন্যান্য সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচির উপকারভোগীদের প্রশিক্ষণ কর্মসূচির উঠান বৈঠকে অটিজম বিষয়টি অন্তর্ভূক্ত করা হয়েছে।

● মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ একাডেমী কর্তৃক আয়োজিত মনোসামাজিক কাউন্সিলিং প্রশিক্ষণ কর্মসুচির মাধ্যমে এ পর্যন্ত ২৩৭ জন জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি বিষয়ে অবহিত করা হয়েছে।

● অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি বিষয়ক জুলাই' ২০ হতে জুন'২১ পর্যন্ত ৮০১৮টি উঠান বৈঠকের মাধ্যমে ৪,২৪,১৯০ জন উপকারভোগীকে সচেতন করা হয়।

● মাঠ পর্যায় হতে অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটি বিষয়ক তথ্য সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ করা হয়।

৪। মানব পাচার প্রতিরোধ:

● মানব পাচার প্রতিরোধে জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ উপকারভোগীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভাবে আলোচনা সভা ও উঠান বৈঠক করেন। মানব পাচার প্রতিরোধে মাঠ পর্যায় হতে মাসিক তথ্য সংগ্রহ ও সন্নিবেশিত করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ করা হয়।

● মানব পাচার প্রতিরোধ সম্পর্কে জুলাই'২০ হতে জুন'২১ পর্যন্ত ১৬,৬৫০টি উঠান বৈঠকের মাধ্যমে ৮,৬৩,৪৭০ জন উপকারভোগীকে সচেতন করা হয়।

৫। জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সংক্রান্তঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ১১/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) এর সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির (বিস্তারিত) প্রতিবেদন প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রতিমাসে প্রেরণ করা হয়। পরবর্তী সভা আহ্বানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়েছে।

৭। মাননীয় প্রধানমন্ত্রীর শেখ হাসিনার বিশেষ উদ্যোগ এবং ব্র্যান্ডিং কার্যক্রম বিষয়ক:

● ''শেখ হাসিনার বিশেষ উদ্যোগ" এবং ব্র্যান্ডিং কার্যক্রম বিষয়ে অত্র অধিদপ্তরে বিগত ২১/০১/২০২১ তারিখে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিতে সদস্য সচিব হিসেবে উপপরিচালক, পরিবীক্ষণ,সমন্বয় ও সচেতনতা সৃষ্টি দায়িত্ব পালন করছেন।

● উক্ত কমিটির কার্যক্রম বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির কর্মপরিধিতে উল্লেখ রয়েছে যে, কমিটি ডকুমেন্টরী ফিল্ম, পোষ্টার, লিফলেট, বিলবোর্ড, ফেষ্টুন, ব্রুশিয়ার ইত্যাদি কার্যক্রম প্রণয়ন ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

৮। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে গৃহীত কার্যক্রম সমূহ:

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শত বার্ষিকী উদযাপন উপলক্ষে ১৭মার্চ'২০২০ হতে ১৬ডিসেম্বর'২০২১ পর্যন্ত সময়কে মুজিব বর্ষ ঘোষণা করা হয়েছে। জাতির পিতার জন্ম শতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে অত্র শাখা হতে একটি কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়। যা নিম্নরুপ-

● মুজিব বর্ষের লোগো ব্যবহারের নির্দেশনা প্রদান।

●মুজিব বর্ষ সম্বলিত কোটপিন তৈরী ও বিতরণ ।

●মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল কার্যালয়ের জন্য অভিন্ন খাম,কলম ও নোট প্যাড তৈরী ও বিতরণ ।

●অধিদপ্তরের প্রতি ফ্লোরে নারী উন্নয়নে বঙ্গবন্ধুর অবদান,ছবি,উক্তি ও বাণী ডিসপ্লে।

●ভবনের নীচ তলায় একটি LED TV স্থাপন ।

বিভন্ন দিবস উদযাপন

নারী উন্নয়নে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচার মাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে সামাজিক জনসচেতনতা বৃদ্ধিকল্পে নারী ইস্যুভিত্তিক ও গুরুত্বপুর্ণ বিষয়াদি তৃণমূল পর্যায়েও গণমাধ্যমে প্রচার করা হয়ে থাকে। জাতীয় পর্যায়ে এবং সদর কার্যালয়সহ ৬৪টি জেলা ও জেলাধীন উপজেলা, বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্র ও মহিলা সহায়তা কর্মসূচী সমূহে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসসমূহ উদযাপন করা হয়।

১৫ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাৎ বার্ষিকী ২০২০

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাৎ বার্ষিকীতে মহিলা বিষয়ক অধিদপ্তর পরিবার গভীরভাবে শোকাহত। জাতির পিতার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে মহিলা বিষয়ক অধিদপ্তর পরিবার, প্রধান কার্যালয়সহ ৬৪ জেলা ও জেলাধীন উপজেলাগুলোর মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন কর্মসূচির আয়োজন করে। মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে নিম্নবর্ণিত অনুষ্ঠানমালার আয়োজন করা হয়।

১৫ আগস্ট সূযোর্দয়ের সাথে সাথে মহিলা বিষয়ক অধিদপ্তর ভবনে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়।

১৫ আগষ্টসকাল ৭:৩০ থেকে কোরআনখানি, ১ মিনিট নিরবতা পালন, কর্মকর্তা/কর্মচারীদের কালো ব্যাজ ধারণ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মন্ত্রণালয়ের সাথে একত্রিত হয়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পন করা হয়।।

কোভিড-১৯ এর কারণে মন্ত্রণালয় এবং দপ্তর সংস্থা একত্রিত হয়ে বাংলাদেশ শিশু একাডেমীতে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কামরুন নাহার এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক জনাব বদরুন নেছা।

জাতীয় কন্যা শিশু দিবস

‘‘জাতীয় কন্যা শিশু দিবস’’ উদযাপন উপলক্ষে আলোচনা সভা, মানব বন্ধন, র‍্যালী ও মহিলা বিষয়ক অধিদপ্তরে ভার্চুয়ালী আলোচনা সভার আয়োজন করা হয়। কন্যা শিশু দিবস উপলক্ষে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় অংশ গ্রহণকারীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেনমহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক জনাব পারভীন আখতার

এছাড়া''জাতীয় কন্যা শিশু দিবস'' উপলক্ষে জেলা, উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়।

বেগম রোকেয়া দিবস

নারী শিক্ষা সম্প্রসারণ ও নারী মুক্তির অগ্রদূত বেগম রোকেয়ার স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে মহিলা বিষয়ক অধিদপ্তর ৯ ডিসেম্বর ২০২০ তারিখ বেগম রোকেয়া দিবস ২০২০ উদযাপন করে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে সকাল ১০:০০টায় বাংলাদেশ শিশু একাডেমীতে বেগম রোকেয়া পদক, ২০২০ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনা। বিশেষ অতিথি ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি, উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কাজী রওশন আক্তার।

অনুষ্ঠানের প্রধান অতিথি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, জননেত্রী শেখ হাসিনা নারীর অগ্রযাত্রায় অবদানের জন্য ৫ (পাঁচ) জন বিশিষ্ট নারীকে 'বেগম রোকেয়া পদক, ২০২০' সম্মাননা প্রদান করেন। আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মহান বিজয় দিবস

''মহান বিজয় দিবস'' ২০২০ উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তর ভবন আলোকসজ্জায় সজ্জিত করা হয় এবং প্রধান কার্যালয়ে দিবসটি উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাল্টিপারপাস (৫ তলা) হলরুমে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ে জেলা এবং জেলাধীন উপজেলায় জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

আন্তর্জাতিক নারী দিবস

আন্তর্জাতিক নারী দিবস নারী সমাজের অধিকার প্রতিষ্ঠার ক্ষেত্রে এক অনন্য দিন।

৮ মার্চ সকাল ১০:০ টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও ০৫(পাঁচ)জন জয়িতাকে জয়িতা সম্মাননা প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীজননেত্রী শেখ হাসিনা । সভাপতিত্ব করেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন Mia Seppo Country Representative, UN women.
স্বাগত ভাষণ প্রদান করেন মাননীয় সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে সারা দেশব্যাপি দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোমবার (৮ মার্চ, ২০২১) গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তন প্রান্তে যুক্ত হয়ে "আন্তর্জাতিক নারী দিবস-২০২১" উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এসময় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা শ্রেষ্ঠ পাঁচ জয়িতাদের হাতে সম্মাননা পদক তুলে দেন -ফোকাস বাংলা নিউজ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২১ উদযাপন উপলক্ষে মন্ত্রণালয়ের সাথে সমন্বিতভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়। এছাড়া জাতীয় পতাকা উত্তোলন এবং অধিদপ্তর ভবন আলোকসজ্জায় সজ্জিত করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধুশেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাস্তবায়িত কর্মসূচির বিবরণ

১। জাতির পিতা বঙ্গবন্ধুশেখ মুজিবুর রহমানকে নিয়ে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায়শিশুদের লেখা সেরা ১০০টি রচনা নিয়ে ‘‘আমরা লিখেছি ১০০ মুজিব’’ ও শিশুদের আঁকাসেরা ১০০টি ছবি নিয়ে ‘‘আমরা এঁকেছি ১০০ মুজিব’’ শিরোনামে ২টি গ্রন্থ বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশ করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিশব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২০ উদযাপন উপলক্ষ্যে ভার্চুয়াল পদ্ধতিতে আয়োজিতঅনুষ্ঠানে বই দুইটিরমোড়ক উন্মোচন করেন।প্লাইয়ার

২। মুজিব বর্ষের লোগো সংবলিত ক্যারিব্যাগ, মগ, টিশার্ট, পলোশার্ট, ব্যাজ, ফাইলফোল্ডার, প্লাইয়ার ওটেবিল ক্যালেন্ডারতৈরি করা হয়। মন্ত্রণালয়, বিভিন্ন দপ্তর সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমিরকেন্দ্রীয় কার্যালয়সহ ৬৪টি জেলা এবং ৬টি উপজেলা কার্যালয়ে বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বিতরণ করা হয়

৩। জাতির পিতা বঙ্গবন্ধুশেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক নিম্নলিখিত ২৫টি সিরিজ গ্রন্থ শিশুগ্রন্থমালা ‘‘মুজিববর্ষ’’ সংস্করণ বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশ করা হয়েছে।

ক্র.নং	বইয়ের নাম	লেখক/সম্পাদক
১.	জাতির পিতা : তাঁর সারা জীবন	সম্পাদকম-লী কর্তৃক সম্পাদিত
২.	Father of The Nation His Life and Achievements	Edited by The Board of Editors

৩.	প্রিয় মানুষ শেখ মুজিব	সেলিনা হোসেন
৪.	OUR BELOVED SHEIKH MUJIB	Selina Hossain
৫.	মুক্তির সংগ্রামে শেখ মুজিব	সুব্রত বড়ুয়া ও মুনতাসীর মামুন
৬.	ছবি ছড়ায় বঙ্গবন্ধু	লুৎফর রহমান রিটন ও আমীরুল ইসলাম সম্পাদিত
৭.	কবিতায় বঙ্গবন্ধু	বেলাল চৌধুরী ও হাবীবুলস্নাহ সিরাজী সম্পাদিত
৮.	বঙ্গবন্ধু কোষগ্রন্থ	মুনতাসীর মামুন সম্পাদিত
৯.	BONGOBONDHUPEDIA	Edited by Muntassir Mamoon
১০.	ছেলেবেলায় শেখ মুজিব	বেবী মওদুদ
১১.	৭ই মার্চ : বঙ্গবন্ধুর অসামান্য ভাষণ	মুনতাসীর মামুন
১২.	বঙ্গবন্ধুর স্বপ্ন ও সংগ্রাম	সুব্রত বড়ুয়া সম্পাদিত
১৩.	বঙ্গবন্ধু বললেন (বাংলা ও ইংরেজি)	মুহম্মদ শফিকুর রহমান সম্পাদিত
১৪.	খ্যাতিমানদের চোখে বঙ্গবন্ধু (বাংলা ও ইংরেজি)	মুনতাসীর মামুন সম্পাদিত
১৫.	মানুষের বন্ধু বঙ্গবন্ধু	মুনতাসীর মামুন সম্পাদিত
১৬.	আমরা এঁকেছি ১০০ মুজিব	
	(ছোটদের বন্ধু বঙ্গবন্ধু -১)	সম্পাদিত
১৭.	আমরা লিখেছি ১০০ মুজিব	
	(ছোটদের বন্ধু বঙ্গবন্ধু -২)	সম্পাদিত
১৮.	শেখ মুজিবের জীবন : ২৬টি চিত্র, ২৬টি ঘটনা (বাংলা ও ইংরেজি)	হাশেম খান ও মুনতাসীর মামুন সম্পাদিত
১৯.	২৬টি চিত্রে শেখ মুজিব (বড় শিল্পীদের অাঁকা বঙ্গবন্ধুর ২৬টি ছবির অ্যালবাম)	হাশেম খান সম্পাদিত
২০.	শুভেচ্ছা পত্র- ১	হাশেম খান সম্পাদিত
২১.	শুভেচ্ছা পত্র- ২	হাশেম খান সম্পাদিত
২২.	রং রেখায় খোকার ছেলেবেলা (শিশুদের জন্য চিত্রগল্পের বই)	আলপ্তগীন তুষার অঙ্কিত ও ফাল্গুনী হামিদ রচিত
২৩.	শিল্পীর আঁকায় শেখ মুজিব (কিশোরদের জন্য চিত্রগল্পের বই)	আব্দুল মোমেন মিল্টন অঙ্কিত ও সুজন বড়ুয়া রচিত

২৪.	রঙছবি- ১	হাশেম খান
২৫.	রঙছবি- ২	হাশেম খান

৪। মুজিববর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি থেকে প্রকাশিত মাসিক ‘শিশু’ পত্রিকার আগস্ট ২০২০ সংখ্যাটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবসে বিশেষ সংখ্যা হিসেবে প্রকাশিত হয়।

একইভাবে মার্চ ২০২১ সংখ্যাটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবসে জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বিশেষ সংখ্যা হিসেবে প্রকাশিত হয়েছে।

৫। মুজিববর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি কেন্দ্রীয় কার্যালয় প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের টাইলস ম্যুরাল স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধুশেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বাসত্মবায়িত কর্মসূচির সচিত্র বিবরণ

১। জাতির পিতা বঙ্গবন্ধুশেখ মুজিবুর রহমানকে নিয়ে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায়শিশুদের লেখা সেরা ১০০টি রচনা নিয়ে ‘‘আমরা লিখেছি ১০০ মুজিব’’ ও শিশুদের আঁকাসেরা ১০০টি ছবি নিয়ে ‘‘আমরা এঁকেছি ১০০ মুজিব’’ শিরোনামে ২টি গ্রন্থ বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশ করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিশব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২০ উদযাপন উপলক্ষ্যে ভার্চুয়াল পদ্ধতিতে আয়োজিতঅনুষ্ঠানে বই দুইটিরমোড়ক উন্মোচন করেন।

মাননীয় প্রধানমন্ত্রী মুজিববর্ষ উপলক্ষ্যে ‘‘আমরা এঁকেছি ১০০ মুজিব’’ বইয়ের মোড়ক উন্মোচন করেন

২। জাতির পিতা বঙ্গবন্ধুশেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক নিমণলিখিত ২৫টি সিরিজ গ্রন্থ শিশুগ্রন্থমালা ‘‘মুজিববর্ষ’’ সংস্করণ বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশ করা হয়েছে।

মুজিববর্ষ উপলক্ষ্যে ভার্চুয়াল পদ্ধতিতে আয়োজিত অনুষ্ঠানে ‘‘আমরা এঁকেছি ১০০ মুজিব’’ বইয়ের মোড়ক উন্মোচনে বাংলাদেশ শিশু একাডেমি প্রান্ত থেকে মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন্নেছা ইন্দিরা এমপি অংশগ্রহণ করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বিশব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২০ উদযাপন উপলক্ষ্যে ভার্চুয়াল পদ্ধতিতে আয়োজিত অনুষ্ঠানে শিশুগ্রন্থমালা ‘‘মুজিববর্ষ’’ এরমোড়ক উন্মোচন করেন।

মুজিববর্ষ উপলক্ষ্যে ভার্চুয়াল পদ্ধতিতে আয়োজিত অনুষ্ঠানে গণভবন প্রান্ত থেকে মাননীয় প্রধানমন্ত্রী সংযুক্ত থেকে

‘‘আমরা এঁকেছি ১০০ মুজিব’’ বইয়ের মোড়ক উন্মোচন করেন।

পরিচিতি

নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে নারীকে বিভিন্ন ধরনের ব্যবসা উদ্যোগে সম্পৃক্ত হওয়ার সুযোগ ও সহায়তাদানের জন্য ১৬ নভেম্বর, ২০১১ সালে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জয়িতার শুভ উদ্বোধন করেন। দেশের নারীসমাজকে ব্যবসা উদ্যোগে সম্পৃক্ত করে নারীদের সম্মানজনক জীবিকায়নে প্রয়োজনীয় সমর্থন ও সহযোগিতা করার জন্য জয়িতা ফাউন্ডেশনেরসৃষ্টি। জয়িতার উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বতঃস্ফূর্তভাবে ঘোষণা করেন, '...যে জয়িতা আজ আমরা ঢাকায় চালু করলাম, পর্যায়ক্রমিকভাবে জেলা উপজেলা এবং ডিভিশনাল হেড কোয়ার্টারেও আমরা করতে যাচ্ছি।' তারই ধারাবাহিকতায়, জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পের আওতায় বর্তমান সরকার কর্তৃক প্রদানকৃত ঢাকার ধানমন্ডিস্থ বাড়িঃ ৪০৫/বি(পুরাতন),২০/এ (নতুন), রোডঃ ২৭(পুরাতন), ১৬ (নতুন)তে প্রায় ১বিঘা (১৯.৯০ কাঠা) ভূমির উপর ১২তলা জয়িতা টাওয়ার নির্মাণের কার্যক্রম চলছে। ইতিমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জয়িতা টাওয়ারের খসড়া নকশা অনুমোদিত হয়েছে। এছাড়াও সরকার দেশের প্রতিটি বিভাগীয় সদরে ঢাকার অনুরূপ জয়িতা টাওয়ার নির্মাণের জন্য ১ (এক) বিঘা করে বাণিজ্যিক জমি প্রতীকীমূল্যে বরাদ্দ করেছেন।

রূপকল্পওঅভিলক্ষ্য

রূপকল্পঃ নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন

অভিলক্ষ্যঃ নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে নারী উদ্যোক্তা উন্নয়ন ও দেশব্যাপী নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক তৈরিকরণ।

কৌশলগতউদ্দেশ্য

ক) নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে একটি বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবেজয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধি করা;

খ) জয়িতা ফাউন্ডেশনের আওতায় কর্মরত তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তা সমিতিসমূহের ব্যবসা অনুকূলপ্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা;

গ) সকল প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও ব্যবসা অনুকূল পরিবেশ সৃজনসহ নারীবান্ধব ভৌত বাজার কাঠামো গড়ে তোলা;

ঘ) বহুমূখী ব্যবসা উদ্যোগের জন্য নারীদেরকে সক্ষমওদক্ষকরেগড়েতোলা;

ঙ) নতুন নতুন পণ্য উদ্ভাবন/উৎপাদনে সহায়তা করা।

গঠন

- মাননীয় প্রধানমন্ত্রীশেখহাসিনার দিক নির্দেশনায় মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য ফেব্রুয়ারি ২০১১ থেকে জুন ২০১৩ মেয়াদে "**নারী উদ্যোক্তা উন্নয়ন প্রয়াস কর্মসূচি**"র কার্যক্রম শুরু হয়। নারী উদ্যোক্তাদের জন্য '**মহিয়সী**' বিপণন কেন্দ্রটিকে পরবর্তীতে "**জয়িতা**" নামকরণ করা হয়।
- পরবর্তীকালে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় কর্মসূচি থেকে ফাউন্ডেশনে রূপান্তরের বিভিন্ন দিক নির্দেশনা দেওয়া হয়। পর্যায়ক্রমে মে১৫, ২০১৩ ও জুলাই০৭, ২০১৩ তারিখে অনুষ্ঠিত সভায় বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে ফাউন্ডেশন গঠনের জন্য Memorandum of Associationand Rules and Regulationsচূড়ান্ত করা হয়।
- জয়িতা ফাউন্ডেশন Societies Registration Act-1860এর আওতায় একটি অলাভজনক ও স্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন Joint Stock Companies and Firmsএ নিবন্ধনকৃত।
- Memorandum of Association and Rules and Regulationsঅনুযায়ীনীতি নির্ধারণী থেকে বাস্তবায়ন পর্যন্ত বিভিন্ন স্তরে ৪ টি এক্সিকিউটিভবডি(Executive Body) কাজ করে।
    - জেনারেল কাউন্সিল

- বোর্ড অব গভর্নরস
- এক্সিকিউটিভ কমিটি
- অপারেশনাল সেট আপ

- Memorendum of Association and Rules and Regulationsঅনুযায়ীজয়িতা ফাউন্ডেশনের বোর্ডঅবগভর্নরস জয়িতা ফাউন্ডেশনের নীতি নির্ধারণের সর্বোচ্চ কর্তৃপক্ষ।
- মহিলাওশিশুবিষয়কমন্ত্রণালয়েরদায়িত্বেনিয়োজিতমন্ত্রী/প্রতিমন্ত্রীপদাধিকারবলে ২৯ সদস্য বিশিষ্ট বোর্ডঅবগভর্নরস এর চেয়ারপার্সন।

চলমানপ্রকল্পসমূহ

- "জয়িতা টাওয়ার নির্মাণ" প্রকল্প
- "জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ" প্রকল্প

চলমানকর্মসূচি

জয়িতা-রখাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণকর্মসূচিঃ

তিনবছরমেয়াদিখাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণকর্মসূচিটিরমেয়াদ৩০জুন২০১৯তারিখশেষহয়েযায়।পরবর্তী সময়ে২০১৯-২০এবং২০২০-২১অর্থবছরেরজন্যNo Cost Extensionকরাহয়।

দ্বিতীয়অধ্যায়

ক.১ জয়িতাফাউন্ডেশনেরকর্মকর্তা/কর্মচারীদের সংখ্যাঃ

অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
৩৩	২৩	১০
মোট ৩৩	২৩	১০

ক.২ শূন্যপদের বিন্যাসঃ

অতিরিক্ত সচিব/তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
০	০	১০	০	০	০	১০

জয়িতাফাউন্ডেশনের২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরেবরাদ্দকৃতঅর্থওব্যয়েরপরিমাণ

- **২০১৯-২০২০ অর্থ বছরে মূল বরাদ্দঃ ৬,২০,০০,০০০/-টাকা**

২০১৯-২০২০ অর্থবছরের প্রকৃত ব্যয়ঃ ৬,০৫,৬২,৫০৪.১/-টাকা

অব্যয়িত অবশিষ্ট অর্থঃ ১৪,৩৭,৪৯৫.৯/-টাকা

- **২০২০-২১ অর্থ বছরে মূল বরাদ্দঃ ৬,৮৬,০০,০০০/-টাকা**

  ২০২০-২১ অর্থ বছরের প্রকৃত ব্যয়ঃ ৬,৭২, ৫৫, ৭১২/-টাকা

  অব্যয়িত অবশিষ্ট অর্থঃ ১৩, ৪৪,২৮৮/-টাকা

জয়িতা ফাউন্ডেশনের শাখা সমূহ

- প্রশাসন শাখা
- সমন্বয় শাখা
- বাজেট, ওঅডিট শাখা
- আর্থিক ব্যবস্থাপনা শাখা
- আইসিটি শাখা
- পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা শাখা
- এমআইএস শাখা
- বিপণন ও সম্প্রসারণ শাখা
- প্রমোশন শাখা
- কারু শিল্পশা খা
- ফ্যাশন/ডিজাইন শাখা
- প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন শাখা
- আইন শাখা
- ক্রয় ও ভান্ডার ব্যবস্থাপনা শাখা

জয়িতা ফাউন্ডেশনের বিভিন্ন শাখার কার্যক্রম

প্রশাসন শাখার কার্যক্রম

১. কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে কর্মবন্টন, আঞ্চলিক ও অভ্যন্তরীণ বদলী।
২. জনবল কাঠামো নির্ধারণ, প্রস্তুত ও প্রয়োজনীয় অনুমোদনের ব্যবস্থাকরণ।
৩. কর্মকর্তা/ কর্মচারদের নিয়োগ, পদোন্নতি, সিলেকশন গ্রেড ও উচ্চতর বেতন স্কেল প্রদান।
৪. কর্মকর্তা/ কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ ও সংরক্ষণ।
৫. কর্মকর্তা/ কর্মচারীদের ব্যক্তিগত নথি, যোগদান, ছাড়পত্র ও ছুটি।
৬. সিটিজেন চার্টার প্রস্তুত ও প্রকাশ।
৭. কর্মকর্তা-কর্মচারীদের পেনশন মঞ্জুরী ও পিআরএল তালিকা হালনাগাদকরণ।
৮. আঞ্চলিক কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীদের কর্মবন্টন।
৯. আঞ্চলিক কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, পদোন্নতি, ছুটি।
১০. জয়িতা বিপণন ফ্লোরসমূহের জনবল ব্যবস্থাপনা।

১১. জয়িতা ফাউন্ডেশন ও আঞ্চলিক কার্যালয়ের জনবল নিয়োগ।
১২. আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ।
১৩. নিয়োগ কমিটি গঠন।
১৪. জয়িতা ফাউন্ডেশনের জন্য পরামর্শক নিয়োগ।
১৫. কর্মকর্তা ও কর্মচারীদের পেশাগত অসদাচারণ, অপরাধ ও শৃঙ্খলা ব্যবস্থাপনা।
১৬. অফিস স্পেস বরাদ্দ সংক্রান্ত কাজ এবং কর্মকর্তা/ কর্মচারীদের কক্ষ বরাদ্দ।
১৭. চিঠি-পত্র গ্রহণ ও প্রেরণ।
১৮. ড্রাইভারদের ছুটি ও অন্যান্য বিষয়।
১৯. ক্রয় কমিটি ও অন্যান্য কমিটি গঠন।
২০. গাড়ীর জ্বালানী ইস্যু, বিল পরিশোধ ও লগ বহি সংরক্ষণ।
২১. কর্মকর্তাদের অফিসে যাতায়াত সংক্রান্ত যানবাহন ব্যবস্থাপনা।
২২. কম্পিউটারে ইন্টারনেট সংযোগ ও আবাসিক টেলিফোনে এ.ডি.এস.এল. সংযোগ।
২৩. অফিসের ভাড়া, সার্ভিস চার্জ, বিদ্যুৎ বিল, পানি বিল, গ্যাস বিল ও ইন্টারনেট বিল পরিশোধ।
২৪. প্রয়োজনে বিশেষ অনুষ্ঠানের জন্য গাড়ী, স্থান ভাড়া করা।
২৫. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

জনবল ব্যবস্থাপনা, নিয়োগ সংক্রান্ত কার্যক্রম,কর্মকর্তা-কর্মচারীদের কর্মবণ্টন, বদলী,পদোন্নতি, ছুটি, শৃঙ্খলা ব্যবস্থাপনা, কমিটি গঠন, সরাসরি ক্রয় ব্যতীত সকল প্রকার ক্রয় কার্যক্রম সম্পাদন, যানবাহন ব্যবস্থাপনাসহ অফিস স্ট্যাবলিশমেন্ট সংক্রান্ত সকল প্রকার কার্যক্রম প্রশাসন শাখা সম্পাদন করে থাকে। প্রশাসন শাখা কর্মকর্তা-কর্মচারী, নারী উদ্যোক্তা ও সাধারণনা গরিকদের সুবিধার্থে সিটিজেন চার্টার প্রস্তুত ও প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকে।এছাড়াও প্রশাসন শাখা কর্তৃক গাড়ী ব্যবস্থাপনা,গাড়ীর জ্বালানী ইস্যু, বিল পরিশোধ ও লগ বহি সংরক্ষণ, কর্মকর্তাদের অফিসে যাতায়াত সংক্রান্ত যানবাহন ব্যবস্থাপনা, কম্পিউটারে ইন্টারনেট সংযোগ ও আবাসিক টেলিফোনে এ.ডি.এস.এল. সংযোগ, অফিসের ভাড়া, সার্ভিস চার্জ, বিদ্যুৎ বিল, পানি বিল, গ্যাস বিল ও ইন্টারনেট বিল পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠান হতে আগত চিঠি/ডাকগ্রহণ, এবং ডাক-রেজিস্ট্রার ব্যবস্থাপনার কার্যক্রম প্রশাসন শাখা কর্তৃক গৃহীত হয়। এছাড়াও কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী সম্পাদন করা হয়।

অর্থ ও বাজেট শাখার কার্যক্রম

১. জয়িতা ফাউন্ডেশনের রাজস্ব বাজেট প্রণয়ন ও বিওজিতে উপস্থাপন।

২. মধ্যমেয়াদী বাজেট কাঠামো (এমটিবিএফ) প্রণয়ন।

৩. সংশোধিত বাজেট প্রণয়ন, অর্থ উপযোজন।

৪. অব্যয়িত অর্থের হিসাব সংগ্রহ, সমন্বয় এবং অর্থ বিভাগে ও সিএও অফিসে প্রেরণ।

৫. বার্ষিক আর্থিক প্রতিবেদন প্রণয়ন।

৬.ব্যাংক হিসাব সংরক্ষণ।

৭. ক্যাশ বই সংরক্ষণ।

৮. আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন।

৯. তাৎক্ষণিক ব্যয় নির্বাহের জন্য ইমপ্রেস্ট ফান্ড (Imprest Fund) সংরক্ষণ ও ব্যয়ের সমন্বয়করণ।

১০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ের সাথে যাবতীয় আয় ব্যয়ের হিসাব রিকনসিলিয়েশন।

১১. কর্মকর্তা/কর্মচারীদের বেতন নির্ধারন, বেতন বিল/ ভ্রমণ বিলসহ অন্যান্য সকল বিল প্রণয়ন ও পাসের ব্যবস্থা গ্রহণ।

১২. অর্জিত ছুটির সংরক্ষণ এবং সাধারণ ভবিষ্য তহবিল এর বাৎসরিক হিসাব প্রদান, ভবিষ্যৎ তহবিলের অগ্রিম গ্রহণ।

১৩.জাতীয় ও আন্তর্জাতিক অনুষ্ঠানাদির ব্যয় নির্বাহের জন্য বিল প্রণয়ন, অনুমোদন এবং ব্যয় সমন্বয়।

১৪. কর্মকর্তা / কর্মচারীদের পেনশন ও আনুতোষিক এর হিসাব।

১৫. রাজস্ব ও উন্নয়ন বাজেটের অডিট নিষ্পত্তিতে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা আহ্বানসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

১৬. অডিট সংক্রান্ত পাবলিক একাউন্টস কমিটি ও সিএজি অফিসের সাথে যোগাযোগ, সভায় যোগদান এবং প্রতিবেদন প্রেরণ।

১৭. সরকারী অডিট টিমকে সার্বিক সহযোগিতা করা।

১৮. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

সমন্বয় শাখার কার্যক্রম

১. ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস সভা অনুষ্ঠান ও কার্যক্রমের বাস্তবায়ন।

২. মাসিক সমন্বয় সভা অনুষ্ঠান ও কার্যক্রম বাস্তবায়ন।

৩. মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন।

৪. জাতীয় সংসদের প্রশ্নোত্তর, সংসদীয় স্থায়ী কমিটিতে প্রেরিতব্য প্রতিবেদন।

৫. মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতব্য মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ।

৬.ফাউন্ডেশনের কর্মকান্ডের মাসিক, বার্ষিক ও ০৫ বছরের তথ্যাদি সংগ্রহ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ।

৭. ফাউন্ডেশন সম্পর্কিত মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন সংগ্রহ ও প্রেরন।

৮.জাতীয় সংসদের অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণে অন্তভূর্ক্তির জন্য তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;

৯. অন্যান্য মন্ত্রণালয় কর্তৃক চাহিত মতামত/তথ্যাদি সরবরাহ।

১০. মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বিজয় দিবসসহ সকল জাতীয় দিবসসমূহ পালন।

১১. ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন প্রস্তুতকরণ।

১২. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

জয়িতা ফাউন্ডেশনের Memorandum of Associations and Rules of Regulationঅনুযায়ী বছরে জয়িতা ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস (BOG) এর কমপক্ষে ৩টি সভা অনুষ্ঠিত হতে হবে। জয়িতা ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরস সভা আয়োজন, সভার কার্যবিবরণী প্রণয়ন ও সংশ্লিষ্ট কার্যক্রম সমন্বয় শাখা কর্তৃক কর্মকর্তা সম্পাদন করে।

এছাড়া ফাউন্ডেশনের মাসিক সমন্বয় সভা আয়োজন ও কার্যবিবরণী প্রণয়ন এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের সমন্বয় সভার জন্য তথ্য প্রেরণ সমন্বয় শাখার কার্যক্রম। সমন্বয় শাখা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিতব্য মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ করে, জাতীয় সংসদের প্রশ্নোত্তর প্রেরণ, সংসদীয় স্থায়ী কমিটিতে প্রেরিতব্য প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ এবং ফাউন্ডেশনের কর্মকান্ডের মাসিক, বার্ষিক ও ০৫ বছরের তথ্যাদি সংগ্রহ এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ সম্পর্কিত কার্যাবলী সম্পাদন করে।

এছাড়া জাতীয় সংসদের অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণে অন্তভূর্ক্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগে তথ্যাদি প্রেরণ করে। সমন্বয় শাখা মহান স্বাধীনতা দিবস, বিজয় দিবস, নারী দিবসসহ সকল জাতীয় দিবসসমূহ পালন করে এবং জয়িতা ফাউন্ডেশনের বিভিন্ন অনুষ্ঠান উৎসবাদি উদযাপন সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করে। সমন্বয় শাখা জয়িতা ফাউন্ডেশনের বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রকাশ করে। এছাড়াও কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী সম্পাদন করে।

বিপণন ও সম্প্রসারণ শাখার কার্যক্রম

১. নারী উদ্যোক্তাদের জন্য দেশব্যাপী একটি আলাদা নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক গড়ে তোলা।

২. নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক গ্রাম থেকে শহর অবধি, উৎপাদন থেকে বিপণন পর্যন্ত আলাদা সাপ্লাই চেইন গড়ে তুলে নারীদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে চেইনের বিভিন্ন পর্যায়ে তাদেরকে অর্থনৈতিকভাবে নিয়োজিত করা।

৩. সকল প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও ব্যবসা অনুকূল পরিবেশ সৃজনসহ নারীবান্ধব ভৌত বাজার কাঠামো গড়ে তোলা।

৪. বহুমূখী ব্যবসা উদ্যোগের জন্য নারীদের প্রয়োজনীয় সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি।

৫. নারী উদ্যোক্তাদের জন্য আঞ্চলিক, জেলা, বিভাগীয় ও আন্তর্জাতিক পর্যায়ে মেলার আয়োজন।

৬. আন্তর্জাতিক বাণিজ্য মেলার আয়োজন।

৭. বাংলাদেশে প্রচলিত ও বিলুপ্ত প্রায় হস্তশিল্প ও কারুশিল্পজাত পণ্য ও এসকল পণ্যের সাথে জড়িত নারী উদ্যোক্তা অন্বেষণ ও তাদের উন্নয়নে কার্যক্রম গ্রহণ।

৮. জয়িতা বিপণন কেন্দ্রসমূহে উদ্যোক্তাদের মধ্যে স্টল বরাদ্দকরণ।

৯. জয়িতার প্রচার সংক্রান্ত অন্যান্য যাবতীয় কার্যক্রম।

১০. কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

উন্নয়নের মূল স্রোত-ধারায় নারী উদ্যোক্তাদের অন্তর্ভুক্তি এবং নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে নানাবিধ উদ্যোগ গ্রহণ করা জয়িতা ফাউন্ডেশনের অন্যতম প্রধান কাজ। এসংক্রান্ত উল্লেখযোগ্য কার্যক্রম সমূহঃ নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ডে উৎসাহিত করণের লক্ষ্যে নতুন উদ্যোক্তা অন্বেষণ কার্যক্রম, নারী উদ্যোক্তাদের জন্য আলাদা নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক গড়ে তুলতে পদক্ষেপ গ্রহণ, বহুমূখী ব্যবসা উদ্যোগের জন্য নারীদের প্রয়োজনীয় সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ফ্যাশন ডিজাইন খাদ্য পণ্য প্রস্তুতসহ

নানাবিদ প্রশিক্ষণ পরিচালনার জন্য ভৌত অবকাঠামোগত সুযোগ সুবিধা তৈরিকরণ,নারী উদ্যোক্তাদেরকে খাদ্য পণ্যের প্রস্তুত প্রণালী ও এবিষয়ে ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের সাথে একাধিক প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়েছে বিপণন শাখা কর্তৃক। নারীবান্ধব বাংলা খাবারের আধুনিক ফুড কোর্ট সংস্কার এবং খাদ্য পণ্যের ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে নানা উদ্যোগ গ্রহণ, উদ্যোক্তাদের ব্যবসায়িক প্রসারের জন্য বানিজ্য মেলাসহ বিভিন্ন মেলায় অংশগ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, নারী উদ্যোক্তাদের নতুন ব্যবসা উদ্যোগ নার্সারি ব্যবসা পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে বিপণন ও সম্প্রসারণ শাখা। উদ্যোক্তাদের ব্যবসায়িক কার্যক্রম সহজিকরণের লক্ষ্যে জয়িতা অ্যাপস চালু করা হয়েছে। উদ্যোক্তাদের ব্যবসার এবং পণ্যের প্রচারের জন্য নানাবিধ কার্যক্রম গ্রহণ এবং জয়িতা বিপণন কেন্দ্রেসমূহে উদ্যোক্তাদের মধ্যে স্টল বরাদ্দ করণ সংক্রান্ত কাজ বিপণন ও সম্প্রসারণ শাখা সম্পাদন করে।

প্রমোশন শাখার কার্যক্রম

১.জয়িতা ফাউন্ডেশনের আওতায় কর্মরত তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তা সমিতিসমূহের ব্যবসানুকূল প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা।

২. সৃজনশীল ভাবনা উৎসাহিতকরণসহ পেশাগত মান উন্নয়নে চাহিদা-ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অব্যহতভাবে সেবার গুণগত মান উন্নয়নের ব্যবস্থা করা।

৩. সেবার গুণগত মান উন্নয়নে নারী উদ্যোক্তাসহ সকল স্টেক হোল্ডারদের মতামত গ্রহণ করা।

৪. নারী উদ্যোক্তাদের পেশাদারিত্ব ও সৃজনশীলতার উন্নয়নে উৎসাহ প্রদান করা।

৫. সকল ধরনের সৃজনশীল ধ্যান ধারণা উৎসাহিত করা।

৬. সৃজনশীল ধ্যান ধারণা বাস্তবায়নে সুফল পেলে সংশ্লিষ্ট ব্যক্তি/দলকে পুরস্কৃত করা।

৭. জয়িতার অনলাইন ব্যবসা সম্পর্কিত যাবতীয় কার্যক্রম।

৮. কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

জয়িতা ফাউন্ডেশনের প্রচার সংক্রান্ত কার্যক্রম প্রমোশন শাখা কর্তৃক সম্পন্ন করা হয়। জয়িতা ফাউন্ডেশন এবং জয়িতার ব্র্যান্ডিং অক্ষুণ্ন রাখার জন্য নারী উদ্যোক্তাদেরকে সকল ধরনের সৃজনশীল ধ্যান ধারণায় উৎসাহিত করা এবং সে অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা, সৃজনশীল ধ্যান ধারণা বাস্তবায়নে সুফল পেলে সংশ্লিষ্ট ব্যক্তি/দলকে পুরস্কৃত করা, নারী উদ্যোক্তাদের পেশাদারিত্ব ও সৃজনশীলতার উন্নয়নে উৎসাহ প্রদান করার মাধ্যমে জয়িতার ব্র্যান্ডিং করা, বিভিন্ন স্টেকহোল্ডার কিংবা অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত হয়ে জয়িতার প্রচার ও প্রসারে কাজ করা প্রমোশন শাখার কার্যক্রম। এছাড়াও প্রমোশন শাখা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলী সম্পাদন করে।

এম আই এস শাখার কার্যক্রম

১. জয়িতা ফাউন্ডেশনের প্রকাশনা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা, সম্পাদন।

২. জয়িতা ফাউন্ডেশনের প্রধান বার্তাসমূহ অন্যান্য সরকারী প্রতিষ্ঠান ও জনগনের মধ্যে সম্প্রচারের ব্যবস্থাকরণ।

৩. গণমাধ্যমগুলোর সঙ্গে জয়িতার প্রচার বিষয়ে কাজ করার জন্য যোগাযোগ এবং কর্মসম্পর্ক স্থাপন করা।

৪. জয়িতার ব্রশিউর এবং নিউজ লেটার তৈরী ও বিতরণ।

৫. কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

আইসিটি শাখারকার্যক্রম

১. ফাউন্ডেশনের ওয়েবসাইট হালনাগাদ করন।

২. ফাউন্ডেশনের কর্মকর্তা / কর্মচারীগণের নিয়োগ এবং পেশাগত তথ্য সংগ্রহ এবং হালনাগাদকরণ।

৩. ফাউন্ডেশনের কর্মকর্তা / কর্মচারীগণের জন্য নিয়মিত সফটওয়ার কম্পিউটার প্রশিক্ষণ কোর্স এর আয়োজন।

৪. নতুন কম্পিউটার প্রযুক্তি (সফটওয়ার) সম্পর্কে কর্মকর্তা / কর্মচারীদেরকে অবহিতকরণ ও প্রশিক্ষণ আয়োজন।

৫. কম্পিউটার সংক্রান্ত বই, জার্নাল, ম্যাগাজিন, নীতিমালা, প্রভৃতি সংগ্রহ প্রতিপালন।

৬. ইনোভেশন টিম এর সাথে যোগাযোগ রক্ষা ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সহায়তা প্রদান।

৭. তথ্য অধিকার আইনের আওতাধীন যাবতীয় কার্যক্রম পরিচালনা।

৮. অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বাস্তবায়ন।

৯. জাতীয় শুদ্ধাচার কৈশল (NIS) বাস্তবায়ন।

১০. উত্তম চর্চাসমূহের (best practices) বাস্তবায়ন।

১১. ই-নথি সংক্রান্ত কার্যক্রম।

১২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, সম্পাদন, বাস্তবায়ন ও মনিটরিং।

১৩. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

জয়িতা ফাউন্ডেশনের আইসিটি শাখা জয়িতা ফাউন্ডেশনের ওয়েব সাইট হালনাগাদ করে। ইনোভেশন সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করে। ইনোভেশন টিম এর সাথে যোগাযোগ রক্ষা ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সহায়তা প্রদান করে। এছাড়াও তথ্য অধিকার আইনের আওতাধীন যাবতীয় কার্যক্রম পরিচালনা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) বাস্তবায়ন, জাতীয় শুদ্ধাচার কৈশল (NIS) বাস্তবায়ন, উত্তম চর্চাসমূহের (best practices) বাস্তবায়ন এবং ই-নথি সংক্রান্ত কার্যক্রমবাস্তবায়ন করে। কম্পিউটার সংক্রান্ত বই, জার্নাল, ম্যাগাজিন, নীতিমালা, প্রভৃতি সংগ্রহ প্রতিপালন ও নতুন কম্পিউটার প্রযুক্তি (সফটওয়ার) সম্পর্কে কর্মকর্তা/ কর্মচারীদেরকে অবহিতকরণ ও প্রশিক্ষণ আয়োজন করা উক্ত শাখার কার্যক্রম। এছাড়াও কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য কার্যাবলী আইসিটি শাখা সম্পাদন করে। ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, সম্পাদন, বাস্তবায়ন ও মনিটরিং কার্যক্রম আইসিটি শাখা কর্তৃক বাস্তবায়িত হয়েছে।

আর্থিক ব্যবস্থাপনা শাখার কার্যক্রম

১. ক্ষুদ্র ঋণ নীতিমালা প্রণয়ন ও হালনাগাদ করণ।

২. বিপণন কেন্দ্র ও ফুড কোর্টের ভাড়া আদায়, ব্যাংকে জমা ও হিসাব সমন্বয় সংক্রান্ত ব্যবস্থাপনা।

৩. উদ্যোক্তাদের প্রণোদনা সংক্রান্ত কার্যক্রম ।

৪. সিড ক্যাপিটাল ব্যবস্থাপনা ।

৫. অর্জিত ছুটির সংরক্ষণ এবং সাধারণ ভবিষ্য তহবিল এর বাৎসরিক হিসাব প্রদান, ভবিষ্যৎ তহবিলের অগ্রিম গ্রহণ।

প্রণোদনা ঋণ বিতরন:

করোনা ভাইরাস জনিত (কোভিড-১৯) পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক ক্ষতি মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী গত ০৫ এপ্রিল ২০২০ তারিখে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতের জন্য ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেন। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ প্রদানের লক্ষ্যে জয়িতা বিপণন কেন্দ্রের ক্ষতিগ্রস্ত নারী উদ্যোক্তাদের অবেদন এর আহবান করা হয়। আবেদনকৃত নারী উদ্যোক্তাদের লক ডাউন পরিস্থিতিতে ব্যবসা ক্ষতির কথা বিবেচনা করে অগ্রণী ব্যাংক লিঃ এর মাধ্যমে ঋণ প্রদানের ব্যবস্থা করা হয়। অগ্রণী ব্যাংক লিঃ এর মোহাম্মদপুর ও ধানমন্ডি শাখা হতে ২০২০-২১ অর্থ বছরে জয়িতা বিপণন কেন্দ্রের ক্ষতি গ্রস্ত ৩০জন নারী উদ্যোক্তার মধ্যে ৫ (পাঁচ) লক্ষ টাকা হারে ঋণ প্রদান করা হয়।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, বিশেষ করে পল্লী ও প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তারা কাঙ্খিত মাত্রায় ঋণ প্রাপ্ত হয়নি- এমন বাস্তবতার প্রেক্ষিতে সরকার পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে ঋণদান কার্যক্রম সম্প্রসারণের জন্য ১৫০০ (পনের শত) কোটি টাকার নতুন প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে। উক্ত প্যাকেজের আওতায় জয়িতা ফাউন্ডেশনের জন্য মোট ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বরাদ্দ রাখা হয়, যার মধ্যে অর্থ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ীজয়িতা ফাউন্ডেশন উক্ত টাকা নারী উদ্যোক্তোদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণের লক্ষ্যে উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করে। জয়িতা ফাউন্ডেশনের নিজস্ব কোন ঋণ কর্মসূচি নেই। জয়িতা ফাউন্ডেশনের পরিচালক পর্ষদের (BOG) ১৭ তম সভায় 'ঋণ বিতরণ নীতিমালা' অনুমোদনের পর উক্ত নীতিমালা অনুযায়ী এবং ব্যাংকের প্রতিনিধিবৃন্দের সাথে সম্পাদিত চুক্তি (MOU) এর মাধ্যমে ঋণ বিতরণ প্রক্রিয়া শুরু করে।

সারাদেশ থেকে করোনায় ক্ষতিগ্রস্ত কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি পর্যায়ের৯৯ জন নারী উদ্যোক্তার মাঝে গত ২০২০-২১ অর্থবছর উক্ত ১০ (দশ) কোটি টাকা ঋণ বিতরণ সম্পন্ন করে।

জয়িতা ফাউন্ডেশন কর্তৃক উক্ত প্রণোদনা ঋণ বিতরণ এর ক্ষেত্রে যে বিষয়গুলো উল্লেখ করা যায়ঃ

লক্ষ্য: করোনা মহামারি (কোভিড-১৯) পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক পুনরুদ্ধার ত্বরান্বিতকরণ এবং পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন।

উদ্দেশ্য:করোনার কারণে ক্ষতিগ্রস্ত গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি নারী উদ্যোক্তাদের অনুকূলে সহজশর্তে, স্বল্পসুদে এবং স্বল্প সময়ের মধ্যে ঋণ বিতরণের মাধ্যমে তাদের ব্যবসা চালু, সম্প্রসারণ ও টেকসই করা।

ঋণ প্রাপ্তির জন্য যোগ্যতা, ঋণের পরিমাণ, সুদের হার ও মেয়াদ

ঋণ প্রাপ্তির জন্য যোগ্যতা: করোনা মহামারির কারণে গ্রামীণ এবং প্রান্তিক পর্যায়ের ক্ষতিগ্রস্ত অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি নারী উদ্যোক্তা, বিশেষ করে যারা-

- জয়িতা ফাউন্ডেশনে রেজিস্ট্রেশনকৃত নারী উদ্যোক্তা
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থায় রেজিস্ট্রেশনকৃত নারী উদ্যোক্তাগণ
- সরকারের প্রথম দফার প্রণোদনার আওতায় ঋণপ্রাপ্ত হননি এধরণের নারী উদ্যোক্তা
- অগ্রাধিকারভুক্ত এসএমই সাব-সেক্টর এবং ক্লাস্টারের সাথে সংশ্লিষ্ট নারী উদ্যোক্তা (ভ্যালু চেইনের আওতাভুক্ত নারী উদ্যোক্তা)
- পশ্চাদপদ অঞ্চল, ক্ষুদ্র নৃগোষ্ঠী, শারীরিকভাবে অক্ষম নারী উদ্যোক্তা এবং
- দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত ট্রেডবডি, এসএমই এসোসিয়েশন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব, নারী উদ্যোক্তা নিয়ে কাজ করে এধরণের সরকারি-বেসরকারি সংস্থাসহ জেলা ও উপজেলা প্রশাসনের সুপারিশকৃত নারী উদ্যোক্তা ইত্যাদি।

ঋণের পরিমাণ: গ্রাহক পর্যায়ে ঋণের পরিমাণ ন্যূনতম ৫০ (পঞ্চাশ) হাজারটাকাহতে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত।

ঋণের প্রকৃতি ও উদ্দেশ্য: করোনাভাইরাস পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি নারী উদ্যোক্তাদের ব্যবসা চালু, পরিচালনারজন্য চলতি মূলধনী ঋণ এবং কিস্তিভিত্তিক ঋণসহ মূলধনী যন্ত্রপাতি সংগ্রহ এবং ব্যবসার সম্প্রসারণের উদ্দেশ্যে ঋণ বিতরণ করা।

গ্রাহক পর্যায়ে সুদের হার: গ্রাহক পর্যায়ে ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ৪%, যা ক্রমহ্রাসমান স্থিতি (রিডিউসিং ব্যালেন্স) পদ্ধতিতে হিসাবায়ন হবে। ব্যাংক নারী উদ্যোক্তাদের নিকট হতে এ হারের অধিক সুদ আদায় করতে পারবে না।

গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের মেয়াদ: গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়সীমা হবে সর্বোচ্চ ২ (দুই) বছর, যা ৬ (ছয়) মাসের গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১৮ (আঠার) টি সমান মাসিক কিস্তিতে আদায়/পরিশোধযোগ্য হবে। তবে ব্যাংকার-কাস্টমার সম্পর্কের ভিত্তিতে সর্বোচ্চ ২৪ (চব্বিশ) টি সমান মাসিক কিস্তিতে পরিশোধ করা যাবে।

বিশেষ অগ্রাধিকার: ঋণের গ্রাহক নির্বাচন ও ঋণ বিতরণের ক্ষেত্রে গ্রামীন ও প্রান্তিক নারী উদ্যোক্তাদের বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে।

সীড ক্যাপিটাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা লিঙ্গ সমতাভিত্তিক সমাজ বিনির্মাণের এক অনন্য প্রতীক। আর নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের মাধ্যমেই লিঙ্গ সতাভিত্তিক সমাজ বিনির্মাণ প্রক্রিয়া তরান্বিত করা সম্ভব। দক্ষ মানবসম্পদ নিশ্চিত করণ, সামাজিক ন্যায়পরায়নতা বৃদ্ধি, ২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করণ, ২০৩০ সালের মধ্যে SDG (sustainable development goals) অর্জন এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশের সারিতে বাংলাদেশকে উন্নীতকরণে সরকার দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ। এরই ধারাবাহিকতায় নারীর প্রতি বিশেষ অগ্রাধিকার বিবেচনার করে নারীর অর্থনৈতিক ক্ষমতায়নকে নিশ্চিতকরণের প্রত্যয়ে দেশের নারী সমাজের উন্নয়নের লক্ষ্যে জয়িতা ফাউন্ডেশনকে আর্থিকভাবে স্বাবলম্বী করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী ১০০ (এক শত) কোটি টাকা সীড ক্যাপিটাল প্রদানের প্রতিশ্রুতি প্রদান করেছেন। এর মধ্যে জয়িতা ফাউন্ডেশনকে ইতোমধ্যে ৪০ (চল্লিশ) কোটি টাকা প্রদান করা হয়েছে, অবশিষ্ট ৬০ (ষাট) কোটি টাকা প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। সীড ক্যাপিটাল হিসাবে প্রাপ্ত ও ভবিষ্যতে প্রাপ্য টাকা নিরাপদ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে সিড ক্যাপিটাল ব্যবস্থাপনার একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি সীড ক্যাপিটাল তহবিলের হিসাব সংরক্ষণ করে থাকে।

বোর্ড অব গভর্নরস (BOG) এর পূর্বানুমোদন সাপেক্ষে জয়িতা ফাউন্ডেশন উক্ত সীড ক্যাপিটালের লভ্যাংশের ৮০% (আশি শতাংশ) ব্যয় করতে পারে এবং অবশিষ্ট ২০% (বিশ শতাংশ) সীড ক্যাপিটালে আসল হিসেবে অন্তর্ভুক্ত হয়। সীড ক্যাপিটাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক তহবিলের বিনিয়োগ, আয় ও ব্যয়ের হিসাব নির্দিষ্ট সময়ান্তে প্রতিবেদন প্রস্তুত করে প্রয়োজন মোতাবেক সেই প্রতিবেদন বোর্ড অব গভর্নরস (BOG) ও সরকারের নিকট দাখিল করে থাকে।

জয়িতা বিপণন কেন্দ্রের স্টলভাড়াঃ

ধানমন্ডিস্থ রাপা প্লাজার ৪র্থ ও ৫ম তলায় অবস্থিত জয়িতা বিপণন কেন্দ্র ও জয়িতা ফুডকোর্ট এর উদ্যোক্তা সমিতিগুলো থেকে মাত্র ৫০০০/- টাকা হারে প্রতি মাসে স্টল ভাড়া আদায় করে জয়িতা ফাউন্ডেশন। আদায়কৃত ভাড়া "জয়িতা নারী উদ্যোক্তা উন্নয়ন প্রয়াস" নামে আই.এফ.আইসি (IFIC) ব্যংকের সঞ্চয়ী হিসাবটিতে জমা করা হয়।

প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন শাখার কার্যক্রম

১. কর্মকর্তাদের দেশে (অভ্যন্তরীণ) ভ্রমণ ও প্রশিক্ষণ ।

২. কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ/ প্রশিক্ষনের জন্য অগ্রিম অর্থ উত্তোলন ও সমন্বয়করণ।

৩. কর্মকর্তা/ কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষনের জন্য প্রশিক্ষণ ফি বাবদ অর্থ ছাড়করণ।

৪. বিদেশ ভ্রমণ ও প্রশিক্ষণ সংক্রান্ত রিপোর্ট রিটার্ন গ্রহণ ও ক্ষেত্রমত প্রেরণ।

৫. জাতীয় সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়াম ও সম্মেলনে প্রতিনিধি প্রেরণ।

৬. জাতীয় সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়াম ও সম্মেলন আয়োজন।

৭. ডিজাইন সেন্টার ব্যবস্থাপনা।

৮. জিরানী প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবস্থাপনা।

৯. এপিএ অনুযায়ী প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতকরণ।

১০. প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।

১১. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

প্রশিক্ষণশাখাকর্মকর্তা, কর্মচারীওনারীউদ্যোক্তাদেরজন্যপ্রশিক্ষণেরব্যবস্থাকরে।এইশাখাএপিএ অনুযায়ী প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করে এবং সে অনুযায়ী বাস্তবায়ন করে। কর্মকর্তাদের দেশে (অভ্যন্তরীণ) ভ্রমণ ও প্রশিক্ষণ, কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ/ প্রশিক্ষনের জন্য অগ্রিম অর্থ উত্তোলন ও সমন্বয়করণ, কর্মকর্তা/ কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষনের জন্য প্রশিক্ষণ ফি বাবদ অর্থ ছাড়করণ, বিদেশ ভ্রমণ ও প্রশিক্ষণ সংক্রান্ত রিপোর্ট রিটার্ন গ্রহণ ও ক্ষেত্রমত প্রেরণ প্রশিক্ষণ শাখার কার্যক্রম। প্রশিক্ষণ শাখা প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে। এছাড়াও কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী সম্পাদন করে।

পরিকল্পনা উন্নয়ন ও গবেষণাশাখারকার্যক্রম

১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প বাস্তবায়ন।

২. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহ বাস্তবায়ন।

৩. বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাকে উন্নয়ন প্রকল্প সম্পর্কিত তথ্য প্রদান।

৪. জয়িতা নারী উদ্যোক্তা উন্নয়ন পরিকল্পনা, কর্মসূচী প্রণয়ন, গ্রহন ও বাস্তবায়ন।

৫. আইএমইডি'তে 'আইএমইডি-০৫ ও ক্রয় সংক্রান্ত অগ্রগতি'র রিপোর্ট প্রেরণ।

৬. উন্নয়ন প্রকল্পের মাসিক পর্যালোচনা সভা/ প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠান।

৭. পঞ্চ বার্ষিকী পরিকল্পনা বাস্তবায়ন।

৮. উন্নয়ন কর্মকান্ড সংক্রান্ত বিষয়ে বার্ষিক প্রতিবেদন প্রণয়নে তথ্য সরবরাহ।

৯. প্রেক্ষিত পরিকল্পনা ও সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সম্পাদন।

১০. প্রকল্পসমূহ যাচাই-বাচাইপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ কার্যক্রম গ্রহণ ও ফলো-আপকরণ।

১১. এডিপি/ আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের মাসিক ও ত্রৈমাসিক হিসাব বিবরণী অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে প্রেরণ।

১২. বিভাগীয়/ আঞ্চলিক কার্যালয় স্থাপন সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।

১৩. বিভাগীয় ভবন নির্মানের জন্য জমি অধিগ্রহন ও নির্মানকাজ তদারকি।

১৪. জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প বাস্তবায়ন।

১৫. জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প বাস্তবায়ন।

১৬. জাতিসংঘ/ ইউএনডিপি/ ইউনিসেফ/ ইউএসএফপিএ সহ সকল আন্তর্জাতিক সংস্থা সংক্রান্ত কার্যক্রম সম্পাদন।

১৭. নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে একটি বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধিকরণ।

১৮. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

অসচ্ছল ও অসহায় কর্মক্ষম নারীদের জন্য জয়িতা ফাউন্ডেশন নতুন উদ্যোক্তা তৈরী ও তাদের ব্যবসায়িক ক্ষেত্রে সহায়তা করার লক্ষ্যে গৃহীত কার্যক্রমগুলো ঢাকা বিভাগসহ পর্যায়ক্রমে ৮ বিভাগের বিভাগীয় জয়িতাদের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে বিস্তৃত হবে, যাতে তৃণমূল গ্রামীণ নারীগণ ব্যাপক পরিসরে উদ্যোক্তায় পরিণত হওয়ার একটি বড় প্ল্যাটফর্ম পাবেন। এটি গ্রামীণ নারীদের আর্থ-সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নে বিশেষ ভূমিকা রাখবে।

সরকার জয়িতা টাওয়ার নির্মাণের লক্ষ্যে ঢাকার ধানমন্ডিতে ১ বিঘা জমি প্রতীকী মূল্যে বরাদ্দ প্রদান করেছে। ঢাকা ছাড়াও অন্য ৭টি বিভাগেও প্রত্যেকটিতে ঢাকার অনুরূপ জয়িতা টাওয়ার নির্মাণের লক্ষ্যে প্রতীকী মূল্যে ১ বিঘা জমি প্রদান করেছে। ইতিমধ্যে ঢাকার জয়িতা টাওয়ার নির্মাণের কার্যক্রম শুরু হয়েছে। জয়িতা টাওয়ার নির্মানের জন্য খুলনা, রাজশাহী, বরিশাল, ময়মনসিংহ, চট্টগ্রাম, সিলেট ও রংপুর বিভাগেও গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয় কর্তৃক বরাদ্দকৃত জমি অধিগ্রহন করা হয়েছে এবং বরাদ্দকৃত জমির লীজ দলিল সম্পাদনের জন্য এ পর্যন্ত ৫টি বিভাগীয় সদরে অবস্থিত জমি পরিদর্শন করা হয়েছে এবং সম্ভাব্যতা যাচাই (Feasibility study)ও ডিপিপি (DPP)প্রণয়ন করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

পরিকল্পনা শাখা বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করে। জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প বাস্তবায়ন এবং জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প বাস্তবায়ন উক্ত শাখার কার্যক্রম। বিভাগীয় ভবন নির্মানের জন্য জমি অধিগ্রহন ও নির্মানকাজ তদারকি ও বিভাগীয়/ আঞ্চলিক কার্যালয় স্থাপন সংক্রান্ত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত প্রয়োজনীয় কার্যক্রম পরিকল্পনা, উন্নয়ন ও গবেষণা শাখার কার্যক্রম। এছাড়া এডিপি/ আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের মাসিক ও ত্রৈমাসিক হিসাব বিবরণী অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে প্রেরণ ও জাতিসংঘ/ ইউএনডিপি/ ইউনিসেফ/ ইউএসএফপিএ সহ সকল আন্তর্জাতিক সংস্থা সংক্রান্ত কার্যক্রম উক্ত সম্পাদন করে।

বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থাকে উন্নয়ন প্রকল্প সম্পর্কিত তথ্য প্রদান, আইএমইডি'তে 'আইএমইডি-০৫ ও ক্রয় সংক্রান্ত অগ্রগতি'র রিপোর্ট প্রেরণ, উন্নয়ন প্রকল্পের মাসিক পর্যালোচনা সভা/ প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠান, প্রেক্ষিত পরিকল্পনা ও সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) সংশ্লিষ্ট যাবতীয় কার্যক্রম সম্পাদন এবং প্রকল্পসমূহ যাচাই-বাচাইপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ কার্যক্রম গ্রহণ ও ফলো-আপকরণ সংক্রান্ত কার্যক্রম উক্ত শাখার কার্যক্রম।

ফ্যাশন ডিজাইন শাখার কার্যক্রম

১. সময় উপযোগী পন্যের ডিজাইন তৈরিকরণ।

২. বিভিন্ন উৎসব এবং ঋতু কেন্দ্র করে অগ্রীম পোষাক ডিজাইনকরণ এবং আগ্রহী উদ্যোক্তাদের উক্ত পোষাক তৈরির সহযোগিতা।

৩. উদ্যোক্তাদের সময় উপযোগী ডিজাইন প্রশিক্ষনের জন্য উৎসাহদান ও মনোনয়ন।

৪. ডিজাইন এবং সেম্পলিং তৈরিতে প্রয়োজণীয় উপকরন সংগ্রহের ব্যবস্থা করন।

৫. পন্যের কোয়ালিটি এবং পন্য মান উন্নয়নে সার্বিক দায়িত্ব পালন।

৬. উদ্যোক্তা ও পন্য মান উন্নয়নে প্রয়োজন নিরিখে প্রশিক্ষণের জন্য সিলেকশন এবং প্রশিক্ষণ শাখাকে অবহিতকরন।

৭. ডিজাইন সেন্টার এর সাথে সমন্বিতভাবে কাজ করা।

৮. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

জয়িতা'র নারী উদ্যোক্তাদের জন্য বিভিন্ন উৎসব এবং ঋতুকে কেন্দ্র করে অগ্রীম পোশাক ডিজাইনকরণ এবং আগ্রহী উদ্যোক্তাদের উক্ত পোশাক তৈরিতে সহায়তা করা ফ্যাশন ডিজাইন শাখার অন্যতম একটি কাজ। এছাড়াসময় উপযোগী পণ্যের ডিজাইন তৈরি এবং উদ্যোক্তাদের সময় উপযোগী ডিজাইন প্রশিক্ষনের জন্য উৎসাহ প্রদান ও প্রশিক্ষণের জন্য নারী উদ্যোক্তাদের মনোনয়ন, ডিজাইন এবং স্যাম্পল তৈরিতে প্রয়োজনীয় উপকরণ সংগ্রহের ব্যবস্থাকরণ, পণ্যের কোয়ালিটি ও পণ্যের মান উন্নয়নে সার্বিক দায়িত্ব পালন এবং উদ্যোক্তা ও পণ্যের মান উন্নয়নে প্রয়োজনের নিরিখে প্রশিক্ষণের জন্য সিলেকশন এবং প্রশিক্ষণ শাখাকে অবহিতকরণ, সারা দেশের সম্ভাবনাময় নারী উদ্যোক্তাদের উক্ত ট্রেড বিষয়ে এবং ফ্যাশন ডিজাইন বিষয়ে সম্যক ধারণা প্রদান করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ উক্ত শাখার কার্যক্রম। এছাড়াও ফ্যাশন ডিজাইন শাখা লালমাটিয়ায় অবস্থিত জয়িতা ডিজাইন সেন্টারের সাথে সমন্বিতভাবে কাজ করে যাচ্ছে। ফ্যাশন ডিজাইন শাখা ফ্যাশন ডিজাইন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে এবং কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী সম্পাদন করে।

২০২০-২১ অর্থ বছরে প্রশিক্ষণ শাখার সাথে সমন্বিতভাবে এই শাখার তত্ত্বাবধানে নিম্নোক্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে।

- জয়িতা নারী উদ্যোক্তাদের জন্য তাদের উৎপাদিত পণ্যের ডেভলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ।
- জয়িতা নারী উদ্যোক্তাদের জন্য ফ্যাশন ডিজাইন কর্মশালা।
- বাংলাদেশের সর্বস্তর থেকে উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে দরখাস্ত আহবানের মাধ্যমে নারীদের ফ্যাশন ডিজাইন বিষয়ক প্রশিক্ষণ।
- উদ্যোক্তাদের সময় উপযোগী পন্যের ডিজাইন তৈরিতে সার্বক্ষনিক সহায়তা প্রদান।
- পন্য ও সেবার গুনগত ও নান্দনিক মান নিয়ন্ত্রনের জন্য জয়িতা ফাউন্ডেশনের কর্মকর্তাদের সক্ষমতা উন্নয়নে 'বিক্রয় পরিসেবা ও বিক্রয় কেন্দ্রের পরিচর্যা ও বিক্রয় কেন্দ্রের সৌন্দর্য বর্ধনে কৌশলগত প্রক্রিয়া' বিষয়ক প্রশিক্ষণ ।
- জয়িতা ফাউন্ডেশনের কর্মকর্তাদের উৎপাদন ব্যবস্থাপনায় সময় এর সঠিক ব্যাবহার ও পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ ।
- উচ্চমানের উদ্যোক্তা তৈরিতে কৌশলগত ব্যবস্থাপনায় প্রক্রিয়াগত পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান ।

কারু শিল্প শাখার কার্যক্রম

১. কারুশিল্পজাত পণ্য নির্বাচন, পণ্য মান উন্নয়নমূলক কাজ।

২. উদ্যোক্তাদের সাথে প্রত্যক্ষভাবে পণ্য উৎপাদন ও উন্নয়নের জন্য কাজ করা।

৩. পন্যের গুনগত মানোন্নয়ন করার পরামর্শ দান, অঞ্চল ভেদে বিখ্যাত ও ঐতিহ্যবাহী পন্য ও উদ্যোক্তার অনুসন্ধান এবং তা জয়িতায় সম্পৃক্তকরন।

৪. উদ্যোক্তা ও পন্য মান উন্নয়নে প্রয়োজন নিরিখে প্রশিক্ষণের জন্য নির্বাচন এবং প্রশিক্ষণ শাখাকে অবহিতকরন।

৫. কারুশিল্প সম্পর্কিত সকল তথ্য সংগ্রহ ও সংরক্ষণ।

৬. ডিজাইন সেন্টার এর সাথে সমন্বিতভাবে কাজ করা।

৭. ফাউন্ডেশনের অনুষ্ঠানের জন্য ব্যানার, কার্ড ইত্যাদির ডিজাইন।

৮. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

জয়িতা ফাউন্ডেশনের কারু শিল্প শাখা দেশের প্রান্তিক অঞ্চলের হস্ত ও কারু শিল্পীদের সকল তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করে পণ্যের গুনগত মান উন্নয়ন করার পরামর্শ দান করার পাশাপাশি অঞ্চল ভেদে ও ঐতিহ্যবাহী পণ্য উদ্যোক্তাদের অনুসন্ধান এবং তা জয়িতায় সম্পৃক্ত করণে সচেষ্ট থাকে। কারু শিল্প জাত পণ্য নির্বাচন, পণ্যের মান উন্নয়নে উদ্যোক্তা কারু শিল্পীর সাথে প্রত্যক্ষভাবে পণ্য উৎপাদনে সহায়তা, প্রশিক্ষণের ব্যবস্থা ইত্যাদি কার্যাবলী কারু শিল্প শাখা সম্পাদন করে থাকে।

লালমাটিয়াস্থ ডিজাইন সেন্টারে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন ও বাস্তবায়নে সহায়তা করা ও কারিগরি বিভিন্ন বিষয়ে তদারকি করা। জয়িতা ফাউন্ডেশনের নতুন উদ্যোক্তা তৈরির লক্ষ্যে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কারুশিল্পীদের প্রশিক্ষণের আয়োজন ও বাস্তবায়ন এই শাখা করে থাকে।

ফাউন্ডেশনের বিভিন্ন অনুষ্ঠানাদির প্রচার প্রকাশনামূলক কার্যক্রম বাস্তবায়নে কারুশিল্প শাখা সহযোগীতা করে থাকে। জয়িতা ফাউন্ডেশনের বিভিন্ন অনুষ্ঠানের ছবি ও ভিডিও আর্কাইভ করে থাকে।

আইন শাখার কার্যক্রম

১. অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সাথে আইনী বিষয়ে সমন্বয়।
২. বিভিন্ন আদালতে মামলাসমূহ পরিচালনা।
৩. বিদ্যমান আইন যুগ উপযোগী করার উদ্যোগ।
৪. আইনের আওতায় গঠিত বিভিন্ন কমিটির কার্যক্রম তদারকি।
৫. অমীমাংসিত বিষয় নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ।
৬. সময়ভিত্তিক প্রতিবেদন প্রণয়ন করত: সমন্বয় সভায় উপস্থাপন।
৭. আইন/নীতিমালা ও বিধিমালা প্রণয়ন।
৮. অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারি কর্তৃক আদালতে দায়েরকৃত মামলার কার্যাবলী।
৯. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

“জয়িতা ফাউন্ডেশন”-দি সোসাইটি রেজিষ্টেশন এ্যাক্ট ১৮৬০ এর আওতায় “রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানী এন্ড ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক ০৩/১০/২০১৩ তারিখে অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে নিবন্ধিত হয় (No-S-11756)। জয়িতা ফাউন্ডেশনের অভিষ্ঠ ভিশন, মিশন ও উদ্দ্যেশাবলী অর্জনে সঠিক মানব সম্পদ সংগ্রহ, উন্নয়ন, রক্ষণ, সংরক্ষন, প্রনোদনা ও জবাবদিহিতার মাধ্যমে মানব সম্পদের দক্ষ ও কার্যকর ব্যবহার নিশ্চিতকরণের জন্য মানবসম্পদ নীতিমালা-২০১৭ এবং জয়িতা অর্থ সম্পদের দক্ষ ও কার্যকর ব্যবহার নিশ্চিতকরণের জন্য আর্থ ব্যবস্থাপনা নীতিমালা-২০১৭ প্রণয়ন করা হয়েছে।
বিভিন্ন প্রকার আইন সংক্রান্ত তথ্য সংগ্রহ সংরক্ষণ, অভিযোগ গ্রহণ, নিস্পত্তির ব্যবস্থা, মামলা পরিচালনার বিষয়ে সংশ্লিষ্ঠ শাখায় যোগাযোগ, প্রশাসনিক মন্ত্রণালয়ে তথ্যপ্রদান ও নির্দেশনা গ্রহণ এবং এতদবিষয়ে আইন শাখা কাজ করছে।
বর্তমানে জয়িতা ফাউন্ডেশনের সম্পদ বৃদ্ধি পাওয়ায় এর আইনী ভিত্তি শক্তিশালীকরণ,জয়িতা ফাউন্ডেশন কর্তৃক অর্জিত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনা, স্বায়ত্তশাসিত ও নারী উন্নয়নে সহায়তাদান প্রতিষ্ঠান হিসাবে জয়িতা ফাউন্ডেশনকে স্থায়িত্ব প্রদানের জন্য জয়িতা ফাউন্ডেশন আইন,২০১৯” (খসড়া) প্রণয়নপূর্বক প্রশাসনিক মন্ত্রনালয়ে প্রেরণ করা হয়েছে।
জয়িতা ফাউন্ডেশনের জন্য আউটসোসিং পদ্ধতিতে ১৭ জন জনবল সংগ্রহের বিরুদ্ধে সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক, জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক সহ অন্যান্যদের বিবাদী করে “বায়োস্কোপ লিমিটেড নামীয় একটি প্রতিষ্ঠান মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে একটি রিট পিটিশন দাখিল করে (রিট পিটিশন নং-১৮৪০০/২০১৭)।
বায়োস্কোপ লিমিটেড প্রতিষ্ঠানটি ইতিপূর্বে পরিকল্পনা মন্ত্রণালয়াধীন বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ (IMED DIVISION) এর সেন্টাল প্রকিউমেন্ট টেকনিক্যাল ইউনিট (CPTU) বরাবরে অভিযোগ দায়ের করলে উক্ত প্রতিষ্ঠানের প্রতিকূলে এবং জয়িতা ফাউন্ডেশনের অনুকূলে রায় হয়। জয়িতা ফাউন্ডেশন, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের আওতাধীন একটি প্রতিষ্ঠান হিসাবে মামলাটি এটর্নি জেনারেল অফিসের মাধ্যমে সংশ্লিষ্ট আদালতে পরিচালনার জন্য মন্ত্রনালয়ের সিদ্ধান্ত মোতাবেক সলিসিটর উইং- এ প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র প্রেরণ করা হয়। বর্তমানে রিট পিটিশন মামলাটি মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বিচারাধীন আছে।

ক্রয় ও ভান্ডার শাখার কার্যক্রম

১. বাৎসরিক Procurement Plan প্রস্তুতকরণ।
২. স্টোরে সকল প্রকার মালামাল গ্রহণ ও বিতরণ, হিসাব সংরক্ষণ, স্টক রেজিস্টার সংরক্ষণ।
৩. সকল প্রকার ক্রয় ও মেরামত।
৪. গাড়ী, ফ্যাক্স, ফটোকপিয়ার, কম্পিউটার, এসি, প্রিন্টার ক্রয় ও টিওএন্ডই ভূক্তকরণ।
৫. সকল প্রকার দাওয়াত কার্ড, ঈদ কার্ড, নববর্ষের কার্ড এবং ভিজিটিং কার্ড প্রস্তুতকরণ।

৬. কর্মকর্তাদের আবাসিক ও দাপ্তরিক টেলিফোন সংযোগ ও বিল পরিশোধ।
৭. সকল কর্মকর্তা ও কর্মচারীদের বাংলাদেশ সচিবালয় টেলিফোন নির্দেশিকা সরবরাহ।
৮. কর্মকর্তাদের দাপ্তরিক টেলিফোন মেরামত ও সরবরাহ।
৯. কর্মকর্তাদের নাম, কক্ষ, টেলিফোন ও ইন্টারকম নম্বর সম্বলিত তালিকা হালনাগাদকরণ।
১০. ভূমি কর পরিশোধ।
১১. সংবাদপত্র সরবরাহ,বই ক্রয় এবং বিল পরিশোধ।
১২. পুরাতন মালামাল নিলামে বিক্রয়।
১৩. Foundation এর চাবি সংরক্ষণ।
১৮. কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় প্রদত্ত অন্যান্য কার্যাবলী।

অর্থের উৎসের ভিত্তিতে সংগ্রহ ও ক্রয় ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালিত হচ্ছে। সরকারী উৎস হতে প্রাপ্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকার নির্ধারিত ক্রয় নীতিমালা অনুসরন করে সকল সম্পদের মওজুদ রেজিস্টারে সংরক্ষণ করা হয়। ক্রয় ও ভান্ডার শাখা বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত , অফিস ব্যসস্থাপনার নিত্যপ্রয়োজনীয় সামগ্রী ক্রয়ের পাশাপাশি মুজিব শতবর্ষ উপলক্ষ্যে জয়িতা ফাউন্ডেশনের সকল নারী উদ্যোক্তা এবং কর্মকর্তা কর্মচারীদের মাঝে বঙ্গবন্ধুর রাজনৈতিক চেতনা ভিত্তিক প্রকাশনা (১) কারাগারের রোজনামচা, (২) অসমাপ্ত আত্মজীবনী বিতরণের লক্ষ্যে ক্রয় করা হয়। জয়িতা ফাউন্ডেশন বঙ্গবন্ধুর বাল্যকাল, কারাগারের বন্দী জীবন, ভ্রমন অভিজ্ঞতাসহ উল্লেখযোগ্য বইগুলো (১) আমার দেখা নয়া চীন (২) কারাগারের রোজনামচা (৩) অসমাপ্ত আত্মজীবনী (৪) শেখ মুজিব আমার পিতা (৫) নির্বাচিত প্রবন্ধ (৬) রচনাসমগ্র পার্ট ১ ও ২ (৭) বঙ্গবন্ধুর জীবন ও কর্ম (৮) বঙ্গবন্ধুর বিখ্যাত ভাষণ (৯) বঙ্গবন্ধুর হত্যাকান্ড (১০) দেশ রতন (১১) যারা ভোর এনেছিল (১২) উষার দুয়ারে (১৩) একাত্তরের দিনগুলি (১৪) একাত্তরের চিঠি, ক্রয়পূর্বক জয়িতা লাইব্রেরিতে সংরক্ষণ করা হয়েছে।

ক্রয় ও ভান্ডার শাখা বার্ষিক ভিত্তিতে প্রত্যেক স্থায়ী সম্পদের অপচয় নির্ধারণ ও হিসাব সংরক্ষণ করছে। বাতিল ও অকেজো সম্পদ নিলামে বিক্রি করা হয়ে থাকে। সম্পদের মজুদ রেজিস্টারে সংরক্ষণ করা হচ্ছে।

জয়িতা ফাউন্ডেশনের চলমান প্রকল্পসমূহের পরিচিতি

জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প

প্রকল্পের নাম

জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্প

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন 'জয়িতা ফাউন্ডেশন' কর্তৃক বাস্তবায়নাধীন 'জয়িতা টাওয়ার নির্মাণ' শীর্ষক প্রকল্পটি এপ্রিল ২০১৮ হতে ডিসেম্বর ২০২৩ মেয়াদে ১৬৮.৩৯ কোটি (এক শত আটষট্টি কোটি উনচল্লিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। এ অনন্য উদ্যোগের স্বপ্নদ্রষ্টা মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুসারে দেশের নারী উদ্যোক্তাদের উন্নয়ন ও বিকাশ সাধনের জন্য ঢাকার গুরুত্বপূর্ণ এলাকা ধানমন্ডিতে সরকারের বিশেষ আনুকূল্যে 'জয়িতা ফাউন্ডেশন' বরাবর প্রাপ্ত এক বিঘা জমিতে প্রয়োজনীয় ভৌত অবকাঠামোগত সুবিধাদি সম্বলিত ২টি বেজমেন্টসহ ১২তলা বিশিষ্ট 'জয়িতা টাওয়ার নির্মাণ' প্রকল্পের মূল উদ্দেশ্য।

লক্ষ্য মাত্রাঃ নির্মিতব্য জয়িতা টাওয়ারে-

ক) দেশের নারী উদ্যোক্তাদের উৎপাদিত ও প্রক্রিয়াজাত বিভিন্ন ধরনের বাজার চাহিদা ভিত্তিক পণ্য এবং সেবা বিপণনের ভৌত অবকাঠামোগত সুবিধা থাকবে।

খ) নারী উদ্যোক্তা উন্নয়নে জ্ঞান ভিত্তিক, দক্ষতা ভিত্তিক ও ব্যবসা ব্যবস্থাপনা ভিত্তিক প্রশিক্ষণের জন্য ভৌত অবকাঠামোগত সুবিধাদি থাকবে।

গ) প্রশিক্ষণার্থী নারী উদ্যোক্তাদের জন্য ভবনে Break Out Room (বিশ্রাম কক্ষ) থাকবে।

ঘ) জয়িতা ফাউন্ডেশনের সদর দপ্তর পরিচালনার উপযোগী ভৌত অবকাঠামোগত সুবিধাদি থাকবে।

ঙ) শিশু দিবা যত্ন কেন্দ্র, নারীদের জন্য জিমনেসিয়াম, বাচ্চাদের জন্য সুইমিংপুল (আয় বর্ধক) ও অন্যান্য বিনোদন সুবিধা সম্বলিত জেন্ডার সংবেদনশীল ভৌত অবকাঠামোগত সুবিধাদি থাকবে।

চ) তা'ছাড়া জয়িতা ফাউন্ডেশনের আয় অর্জনের জন্য মাল্টিপারপাসহলসহ আনুষঙ্গিক ভৌত সুবিধাদি থাকবে।

ছ) দেশের প্রায় অর্ধেক জনগোষ্ঠী নারীর সার্বিক ক্ষমতায়নের মূর্ত প্রতীক হিসেবে দেশের রাজধানী শহর ঢাকায় যথোপযুক্ত স্থাপত্য শৈলীসহ 'জয়িতা টাওয়ার'হবে নারী উদ্যোক্তা উন্নয়নের প্রয়োজনীয় সকল ভৌত সুবিধাদি সম্বলিত পরিবেশ ও প্রতিবন্ধী বান্ধব একটি আইকনিক স্থাপনা।

জ) সর্বপরি দক্ষিণ এশিয়া অঞ্চলে নারীর অর্থনৈতিক ক্ষমতায়নমূখী এ অনন্য উদ্যোগের 'জয়িতা' নামকরণের সার্থক প্রতিফলন জয়িতা টাওয়ারের স্থাপত্য ও নির্মাণ শৈলীতে প্রস্ফুটিত হবে। ফলশ্রুতিতে এ স্থাপনাটি দেশের নারী সমাজকে এক একজন 'জয়িতা' হতে নিরন্তর অনুপ্রেরণা ও আস্থা জোগাবে।

- **প্রকল্পের জনবলঃ**
  ১) প্রকল্প পরিচালক ০১ জন
  ২) হিসাব রক্ষক ০১ জন
  ৩) কম্পিউটার অপারেটর ০১ জন
  ৪) ড্রাইভার ০২ জন
  ৫) অফিস সহায়ক ০২ জন

ভবন সম্পর্কিত তথ্যাদিঃ

সংশোধিত প্রাক্কলিত মূল্য	: ১৬৮.৩৯ কোটি টাকা
নির্মাণের মেয়াদকাল	: এপ্রিল ২০১৪-ডিসেম্বর ২০২৩
ফাউন্ডেশন	: ২টি বেজমেন্টসহ ১২ তলা ভবন
ফ্লোর এরিয়া	: ১২৯৬৭৭.৭১ বর্গফুট
ভূমি	: ২০ কাঠা
ধরন	: বাণিজ্যিক (অনাবাসিক)
ক্যাটাগরি	: সুপেরিয়র
অন্যান্য সুবিধাদি	: ৫টি লিফট, ৫ জোড়া এস্কেলেটর ১৫০০ কেভিএ সাব-স্টেশন ৫০০ কেভিএ জেনারেটর ৫৫০টন এসি (VRF),৫০টি কার পার্কিং



“জয়িতা টাওয়ার”

প্রকল্পের নাম

জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্প

প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য

প্রকল্পটির মূল লক্ষ্য হচ্ছে জয়িতা ফাউন্ডেশনকে একটি অনন্য বিশেষায়িত প্রতিষ্ঠান হিসেবে বিনির্মাণ করা যাতে এটি বহুমুখী ব্যবসা উদ্যোগে বর্ধিষ্ণু অর্থনৈতিক সম্পৃক্ততার মাধ্যমে দেশের নারী জনগোষ্ঠীর জীবন-মান উন্নয়নে এবং ক্রমান্বয়ে তাদেরকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে গড়ে তুলতে পারে।

সুনির্দিষ্ট উদ্দেশ্য সমূহ

- জয়িতা ফাউন্ডেশনকে প্রাতিষ্ঠানিক, কারিগরি ও অর্থনৈতিকভাবে সক্ষম ও স্বাবলম্বী করে তোলা যাতে এটি নারী উদ্যোক্তা সমিতি (WEAs)/ব্যক্তি নারী উদ্যোক্তাদেরকে (IWEs)বহুমুখী ব্যবসা উদ্যোগ সফল ও ফলপ্রসূভাবে পরিচালনা করতে সক্ষম করে গড়ে তুলতে পারে।
- পর্যায়ক্রমে ২৮,০০০ এর অধিক নারীকে সম্পৃক্ত করে নারী উদ্যোক্তা সমিতি (WEAs)/ব্যক্তি নারী উদ্যোক্তাদের (WEAs)/বহুবিধ ব্যবসা উদ্যোগের সক্ষমতা উন্নয়ন করা।

- প্রকল্পের মেয়াদঃ জানুয়ারি ২০১৯ থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত
- প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ ২৬২৯৯.৪৫০ লক্ষ টাকা

প্রকল্পের জনবলঃ

১) প্রকল্প পরিচালক ০১জন
২) পিএ প্রকল্প পরিচালক ০১জন
৩) হিসাব রক্ষক ০১জন
৪) প্রকিউরমেনট ০১জন
৫) কম্পিউটার অপারেটর ০২জন
৬) ড্রাইভার ০১জন
৭) অফিস সহায়ক ০৪জন
৮) ম্যাসেঞ্জার ০১ জন
৯) ক্লিনার ০১ জন

তৃতীয় অধ্যায়

২০২০-২০২১
জয়িতা ফাউন্ডেশন কর্তৃক গৃহীত কার্যক্রমসমূহ

- **ই-জয়িতা প্ল্যাটফর্মঃ**

জয়িতা ফাউন্ডেশনের নারী উদ্যোক্তাদের ব্যবসা কার্যক্রমকে অনলাইন মাধ্যমে চালু করার জন্য এবং তাদের ব্যবসাকে আরো সম্প্রসারিত করার লক্ষ্যে ই-জয়িতা (অনলাইন প্ল্যাটফর্ম) চালু করা হয়েছে। জয়িতা ফাউন্ডেশনের নারী উদ্যোক্তাগণ জয়িতা বিপণন কেন্দ্রের পাশাপাশি ই-জয়িতা'র মাধ্যমেও তাদের ব্যবসা পরিচালনা করতে পারবেন। এছাড়াও সারাদেশের নারী উদ্যোক্তাগণ ই-জয়িতা ওয়েবসাইটে নিবন্ধনের মাধ্যমে তাদের ব্যবসা পরিচালনা করতে পারবেন। পণ্য ডেলিভারী সংক্রান্ত সেবাসহ অন্যান্য বিভিন্ন সুবিধা এই প্ল্যাটফর্মে বিদ্যমান রয়েছে।

- **জয়িতা এ্যাপসঃ**

জয়িতা ফাউন্ডেশন নারী উদ্যোক্তাদের ব্যবসায়ে সহযোগিতা করার জন্য যে কয়টি সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে জয়িতা এ্যাপস তার মধ্যে অন্যতম। জয়িতা এ্যাপস জয়িতা নারী উদ্যোক্তাদের সেবা সংক্রান্ত নোটিফিকেশন ভিত্তিক দ্বিমুখী প্রকল্প। জয়িতা ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত জয়িতা এ্যাপসটি বাংলা ভাষায় পরিচালিত হবে এবং এর মাধ্যমে নারী উদ্যোক্তারা যে সুবিধাগুলো পাবে তা নিম্নরূপঃ

- নিবন্ধন
- উদ্যোক্তাদের প্রোফাইল
- প্রশিক্ষণের জন্য আবেদন
- বিজ্ঞপ্তি/ঘোষণা
- মতামত/পরামর্শ

- ভাড়া সংক্রান্ত তথ্য
- জয়িতা সম্পর্কিত তথ্য

- **ক্ষুদ্র ঋণ সহায়তাঃ**

করোনা ভাইরাস জনিত (কোভিড-১৯) পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক ক্ষতি মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী গত ০৫ এপ্রিল ২০২০ তারিখে অন্যান্য খাতের পাশাপাশি কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) খাতের জন্য ২০,০০০ (বিশ হাজার) কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেন। করোনার মহামারীতে ক্ষতিগ্রস্থ উদ্যোক্তাদের বেশীর ভাগই পুঁজি শুণ্য হয়ে পরে।তাদেরকে নতুন ভাবে ঘুরে দাঁড়ানোর জন্য মাননীয় প্রধানমন্ত্রী কতৃক ঘোষিত প্রনোদনা প্যকেজের আওতায় নারী উদ্যোক্তাদের ক্ষুদ্র ঋন প্রদানের জন্য ব্যবস্থা গ্রহন করা হয়েছে। সরকার ঘোষিত প্রণোদনা প্রাপ্তির জন্য ৩০জন নারী উদ্যোক্তা আবেদন করলে অগ্রণী ব্যাংক হতে মোট ১,৩৯,৪৯,০০০/- (এক কোটি উনচল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার টাকা) প্রণোদনা পেয়েছেন।

উক্ত প্রণোদনার আওতায় কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা, বিশেষ করে পল্লী ও প্রান্তিক পর্যায়ের উদ্যোক্তারা কাঙ্খিত মাত্রায় ঋণ প্রাপ্ত হয়নি- এমন বাস্তবতার প্রেক্ষিতে সরকার পল্লী এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে কুটির, অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতকে লক্ষ্য করে ঋণদান কার্যক্রম সম্প্রসারণের জন্য ১৫০০ (পনের শত) কোটি টাকার নতুন প্রণোদনা প্যাকেজ ঘোষণা করে। উক্ত প্যাকেজের আওতায় জয়িতা ফাউন্ডেশনের জন্য মোট ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বরাদ্দ রাখা হয়, যার মধ্যে অর্থ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী ২০২০-২১ অর্থবছরে ১০ (দশ) কোটি টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের জন্য ৪০ (চল্লিশ) কোটি টাকা বিতরণ করা হবে। এ অনুযায়ী অর্থ বিভাগের ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখের প্রজ্ঞাপন নং-০৭.১০১.০২০.০৩.০৯.০০৪.২০২০-৩৩৮ সরকারি আদেশ দ্বারা অর্থ বিভাগের অধীন "১০৯০১০১-১২০০০১০০০-৩৯১১১১২- অপ্রত্যাশিত ব্যয়" খাত হতে চলতি অর্থবছরে বিশেষ অনুদান হিসেবে ১০ (দশ) কোটি টাকা জয়িতা ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দ করা হয়েছে।

জয়িতা ফাউন্ডেশন ২০২০-২১ অর্থ বছরের ৩০ জুন এর মধ্যে উক্ত ১০ (দশ) কোটি টাকা নারী উদ্যোক্তোদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণের লক্ষ্যে উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ করেছে। জয়িতা ফাউন্ডেশনের নিজস্ব কোন ঋণ কর্মসূচি নেই। তাই অংশীদার ব্যাংকের মাধ্যমে এ ঋণ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে অংশীদার ব্যাংকের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং তারা চুক্তি অনুযায়ী ঋণ বিতরণ কার্যক্রম শুরু করেছে।

- **মুজিববর্ষ উদযাপন**

- মুজিববর্ষ উদযাপন উপলক্ষে জয়িতা ফাউন্ডেশন কর্তৃক জয়িতা নারী উদ্যোক্তাদের শুভেচ্ছা উপহার হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধুর লেখা "অসমাপ্ত আত্মজীবনী'', "কারাগারের রোজনামচা" ও "আমার দেখা নয়া চীন" নামক তিনটি আত্মজীবনীমূলক বই নারী উদ্যোক্তাদের এবং কর্মকর্তাদের মাঝে বিতরণ করা হয়েছে।
- জয়িতা নামক অনন্য উদ্যোগের স্বপ্নদ্রষ্টা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিপ্রায় অনুসারে দেশের নারী উদ্যোক্তাদের উন্নয়ন ও বিকাশ সাধনের জন্য দেশের রাজধানী ঢাকার গুরুত্বপূর্ণ এলাকা ধানমন্ডিতে বর্তমান সরকারের বিশেষ আনুকূল্যে

জয়িতা ফাউন্ডেশন কর্তৃক প্রাপ্ত এক বিঘা জমিতে নির্মিত হবে জয়িতা টাওয়ার। মুজিববর্ষ উদযাপনকে আরো স্মরনীয় করে রাখতে নারী উদ্যোক্তাদের অনুপ্রেরণা ও আস্থার জয়িতা টাওয়ার এর নির্মাণ কাজ ২০২১ সালে শুরু করার প্রস্তুতি চলছে।

- ১৭ ই মার্চ ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০১ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জয়িতা ফাউন্ডেশনে আলোচনা সভার আয়োজন করা হয়।
- বাংলাদেশের নারী উদ্যোক্তাদের নিয়ে জয়িতা ফাউন্ডেশনের কার্যক্রমকে বিশ্ববাসীর কাছে সুপরিচিত করে তোলার লক্ষ্যে এবং জয়িতা ফাউন্ডেশনের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে ১৬ নভেম্বর, ২০২১ তারিখে দেশের এবং দেশের বিশিষ্টজনদের নিয়ে একটি সেমিনার আয়োজন করা হবে, যেখানে বাংলাদেশে নারীর অবস্থান, নারীর ক্ষমতায়ন এবং নারী উদ্যোক্তাদের নিয়ে জয়িতা ফাউন্ডেশনের কার্যক্রম তুলে ধরা হবে।
- মুজিববর্ষ উদযাপন এর অংশ হিসেবে জয়িতা ফাউন্ডেশন অনলাইন মার্কেটিং ব্যবস্থা চালু করেছে যা ই-জয়িতা প্লাটফর্ম নামে পরিচিত। এ প্লাটফর্মের মাধ্যমে জয়িতা নারী উদ্যোক্তাদের পাশাপাশি সারাদেশের নারী উদ্যোক্তারা তাদের উৎপাদিত পণ্য প্রদর্শন এবং বিক্রয়ের ব্যবস্থা করতে পারবে।

- **৭টি বিভাগীয় সদরে জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পঃ**

জয়িতা ফাউন্ডেশন কর্তৃক ৭টি বিভাগীয় সদরে জয়িতা টাওয়ার নির্মাণের জন্য প্রয়োজনীয় প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রকল্পের Feasibility Study এবং DPP প্রণয়নের কাজ চলমান রয়েছে।

- **কর্মকর্তাদের প্রশিক্ষণঃ**

জয়িতা ফাউন্ডেশন ও এর আওতাধীন ২টি প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের নিম্নোক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছেঃ

- পিপিআর-২০০৮ (সংশোধনীসহ) এবংনথি ব্যবস্থাপনা, নোট লিখন ও পত্র লিখন এর উপর প্রশিক্ষণ কর্মশালা।
- ই-ফাইলিং সংক্রান্ত অন-লাইন কর্মশালা।
- জাতীয় শুদ্ধাচার কৌশল, সরকারী কর্মচারী আচরন বিধিমালা-১৯৭৯ ও অন্যান্য বিষয়ের উপর প্রশিক্ষণ কর্মশালা।
- সচিবালয় নির্দেশমালা-২০১৪, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বিষয়ের উপর প্রশিক্ষণ কর্মশালা।
- জেন্ডার সংবেদনশীলতা ও শিষ্টাচার বিষয়ের উপর প্রশিক্ষণ কর্মশালা।
- করোনা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কর্মশালা।
- আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।
- সুশাসন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।
- নির্ধারিত ছুটি বিধিমালা -১৯৫৯, ভবিষ্য তহবিল বিধিমালা-১৯৭৯ ও অন্যান্য বিষয়ের উপর প্রশিক্ষণ কর্মশালা।
- উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ কর্মশালা।

- উদ্ভাবন সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ দিনের প্রশিক্ষণ কর্মশালা।
- দূর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।
- নারী উদ্যোক্তাদের উন্নয়নে প্ল্যানিং বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।

- **নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণঃ**

জয়িতা নারী উদ্যোক্তাদেরকে বিভিন্ন গ্রুপে ভাগ করে প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়। এদের মধ্যে যারা খাদ্যজাত ব্যবসার সাথে জড়িত তাদেরকে প্রফেশনাল ফুড ট্রেইনারদের দ্বারা প্রশিক্ষন প্রদান করা হয় এবং যারা হস্তজাত শিল্পের সাথে জড়িত তাদের দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কারুশিল্প বিষয়ের অধ্যাপকবৃন্দের দ্বারা নকশা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জয়িতা ফাউন্ডেশন ও এর আওতাধীন দু'টি প্রকল্পের আওতায় এখন পর্যন্ত মোট ১৮৬৩ জন নারী উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এ সকল প্রশিক্ষণের মধ্যে রয়েছেঃ

- জয়িতা ফাউন্ডেশনের নারী উদ্যোক্তাদের জন্য উৎপাদিত পণ্যের ডেভেলপমেন্ট বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।
- ফ্যাশন ডিজাইন বিষয়ক কর্মশালা (চলমান)।
- অন-লাইনে ব্যবসা ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধির বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা।
- ই-জয়িতা প্ল্যাটফর্ম বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।
- চারু ও কারুকলা পণ্যের নকশা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।
- ব্র্যাক ইউনির্ভাসিটির ব্র্যাক আইইডি হতে ডে-কেয়ার/চাইল্ড কেয়ার বিষয়ক অন-লাইন প্রশিক্ষণ কর্মশালা। উক্ত প্রশিক্ষনে মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় পরিচালিত ডে-কেয়ার সেন্টারে কর্মরত কর্মকর্তাদের প্রশিক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে।
- বর্তমান করোনা পরিস্থিতিতে জয়িতা নারী উদ্যোক্তাদের ই-কমার্স:সুযোগ, সম্ভাবনা ও চ্যালেঞ্জ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা।

- **জয়িতা বিপণন কেন্দ্র ও ফুডকোর্টে POS & Barcode System প্রবর্তনঃ**

ডিজিটাল যুগে বাজার ব্যবস্থার একটি অত্যাবশ্যকীয় সিস্টেম পয়েন্ট অফসেলস (POS)। স্টক ম্যানেজ করা, সময় বাঁচিয়ে কার্যকরীভাবে বিক্রয় কার্যক্রম চালাতে POS এর বিকল্প নেই। রাপা প্লাজাতে অবস্থিত জয়িতা বিপণন কেন্দ্র এবং ফুড কোর্টকে জয়িতা উদ্যোক্তাদের বিক্রয় সহজীকরণের জন্য এবং ডিজিটাইজেশন এর লক্ষ্যে পয়েন্ট অফ সেলস সিস্টেম এর আওতায় আনা হয়েছে। POS ব্যবহারের মাধ্যমে নিম্নলিখিত সুবিধাগুলো পাওয়া যাবে:

১. বিক্রয় প্রক্রিয়া সহজ হবে,

২. বিক্রয় কর্মীর কাজ সহজ হবে,

৩. সময় বাঁচবে

৪. ক্রেতা নগদ টাকা ছাড়াও কার্ড এ পেমেন্ট দিতে পারবে

৫. বিক্রেতার ইনভেন্টরি ম্যানেজমেন্ট এবং হিসাব রক্ষণ সহজ এবং লোন প্রক্রিয়ায় গ্রহণযোগ্য হবে।

৬. সকল পণ্য Fixed Price এ বিক্রয় করা হবে।

- **বিক্রয় কেন্দ্রে নান্দনিক স্টল তৈরিঃ**

জয়িতা নারী উদ্যোক্তাদের উৎপাদিত ও প্রক্রিয়াজাত গুনগত ও নান্দনিক মান সম্পন্ন পণ্য বাজারজাত করার জন্য এবং দেশব্যাপী একটি নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক গড়ে তোলার জন্য ঢাকার প্রাণ কেন্দ্র ধানমন্ডি-২৭ এর রাপা প্লাজায় অবস্থিত জয়িতা বিপণন কেন্দ্রটি সংস্কার করে নান্দনিক স্টল তৈরি করা হয়েছে।

- **ফুড কোর্ট পুর্নবিন্যাস**

জয়িতার খাদ্য জাত ব্যবসা শক্তিশালীকরণ কর্মসূচির আওতায় রাপা প্লাজার ৫ম তলায় অবস্থিত জয়িতা ফুড কোর্টের সংস্কার করা হয়েছে।ফুড কোর্টটি গত ১৮/৭/২০২১ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেছা ইন্দিরা, এমপি মহোদয় উদ্বোধন করেন।এ ফুড কোর্টটিতে একটি অত্যাধুনিক কিচেন তৈরী করা হয়েছে।ফুড কোর্টটির ব্যতিক্রমধর্মী নান্দনিক সৌন্দর্য ক্রেতা আকর্ষণ করবে বলে আশা করা যায়।

- **সেলাই মেশিন বিতরনঃ**

৮ ই আগস্ট, ২০২০, বঙ্গ মাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব এর ৯০ তম জন্মদিন উপলক্ষে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক জয়িতা ফাউন্ডেশনের নারী উদ্যোক্তাদের জন্য ৫২টি এবং জয়িতা ফাউন্ডেশন কতৃক পরিচালিত ডিজাইন সেন্টারে ১০টি সহমোট ৬২টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

- **জয়িতার ফেইস বুক পেইজঃ**

জয়িতার ফেইস বুক পেইজটি এক্টিভলি পরিচালনা করা হচ্ছে। বর্তমানে এই পেইজটির মাধ্যমে জয়িতা ফাউন্ডেশন ও নারী উদ্যোক্তাদের বিভিন্ন কার্যক্রমের তথ্য প্রকাশ করা হচ্ছে। জয়িতা ফাউন্ডেশনের প্রমোশনাল কাজে এটি ব্যাপকভাবে সহায়তা করছে। এ পেইজটিতে বর্তমানে ২৮,৩৭৪ জন ফলোয়ার আছেন।

- **জয়িতা নার্সারীঃ**

করোনা পরিস্থিতিতে কর্মহীন হয়ে পড়া নারী বিশেষতঃগৃ হকর্মীদের স্বনির্ভর করে তুলতে ধানমন্ডি ২৭নং রোডে জয়িতা টাওয়ার নির্মাণের জন্য বরাদ্দকৃত ১ বিঘা জমিতে ভবনের নির্মাণ কাজ শুরু হওয়ার পূর্ব পর্যন্ত সময় কালে ২০-২৫ জন কর্মহীন নারীদের দ্বারা ২২ডিসেম্বর ২০২০ তারিখ হতে জয়িতা নার্সারীর কার্যক্রম পরিচালনা করা হয়।

- **জয়িতা পিঠা উৎসবঃ**

জয়িতা খাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণ কর্মসূচির আওতায় গত ২৫ ফেব্রুয়ারী, ২০২১ হতে ২৭ ফেব্রুয়ারী, ২০২১ তিনদিন ব্যাপী "জয়িতা পিঠা উৎসব-২০২১" উদযাপিত হয়

২০২০-২১ অর্থবছরে প্রকল্প / কর্মসূচিসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম

(১) জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পঃ

হালনাগাদ ও সর্বশেষ অগ্রগতিঃ

- ন্যাশনাল কনসালট্যান্ট নিয়োগ করা হয়েছে।
- দেশব্যাপী জেলাভিত্তিক প্রসিদ্ধ ও ব্যবসা সম্ভাবনাময় পণ্য এবং কারু শিল্প ম্যাপিং ও ব্রান্ডিং এর লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) এর সাথে জয়িতা ফাউন্ডেশনের সক্ষমতা বিনির্মাণ প্রকল্পের যৌথ চুক্তি সাক্ষর করা হয়। চুক্তির মেয়াদ ১ সেপ্টেম্বর ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২২।
- জয়িতা ডিপার্টমেন্টাল ষ্টোর স্থাপনের জন্য রাজধানীর ধানমন্ডি -২৭ নম্বর রোডে ৫৪৪৫.০০ স্কয়ার ফুট জায়গায় নির্মান কাজ চলমান।
- জয়িতা ডিজাইন সেন্টারে নারী উদ্যোক্তাদের ডিজাইন বিষয়ক স্পেশাল প্রশিক্ষণ চলমান।
- জয়িতা ফাউন্ডেশন কার্যালয়ে কর্মকর্তা/কর্মচারীদের এবং নারী উদ্যোক্তাদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষন চলমান
- নারী উদ্যোক্তাদের প্রোডাক্ট ডেভলপমেন্ট বিষয়ে প্রশিক্ষণ চলমান।
- জয়িতা নারী উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে কার ড্রাইভিং বিষয়ে বিআরটিসি'র মাধ্যমে প্রশিক্ষণ প্রদানের জন্য সারাদেশের মহিলাদের নিকট হতে আবেদন আহ্বান করা হলে ২৭৭ জন মহিলা প্রশিক্ষণ গ্রহণের জন্য আবেদন করেছেন| এ পর্যন্ত প্রতি ব্যাচে ২০ জন করে মোট ৪০ জনকে কার-ড্রাইভিং বিষয়ে এক মাসের প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং বর্তমানে ২টি ব্যাচে ৪০ জন মহিলা প্রশিক্ষণ গ্রহণ করছেন এবং ডে-কেয়ার বিষয়ে ৮টি সেশনে মোট ১৬০ জন প্রশিক্ষন গ্রহন করেছেন।
- এ প্রকল্পের আওতায় আলাদা আলাদা ভাবে বিক্রয়কর্মী, উদ্যোক্তা ও কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এর মধ্যে ৪টি প্রশিক্ষনের মাধ্যমে মোট ৭৮ জন বিক্রয়কর্মী, ৪৪টি প্রশিক্ষনের মাধ্যমে মোট ৯৩৬ জন উদ্যোক্তা এবং ৪১টি প্রশিক্ষনের মাধ্যমে মোট ৭৬৭ জন কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

প্রকল্পের আর্থিক অগ্রগতি:

- ২০২০-২০২১ অর্থ বছরে ব্যয়ঃ ৭৭২.০০ লক্ষ টাকা

(২) জয়িতা টাওয়ার নির্মাণ প্রকল্পঃ

অগ্রগতিঃ

ক) পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক গত ২৯/০৪/২০২১তারিখে প্রকল্পের আরডিপিপি অনুমোদিত হয়। প্রকল্পের প্রাক্কলিত মূল্য ছিল ১৫৪২৪.৭৫ লক্ষ টাকা এবং আরডিপিপিতে সংশোধিত প্রাক্কলিত মূল্য ছিল ১৬৮৩৯.৭৪ লক্ষ টাকা।

খ) গণপূর্ত অধিদপ্তর কর্তৃক গত ১৫/০২/২০২১ তারিখে জয়িতা টাওয়ার নির্মাণের জন্য পুন:দরপত্র আহ্বান করা হয় এবং সর্বনিম্ন দরদাতাকে নির্বাচন করা হয়েছে।

গ) গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ কর্তৃক ভবন নির্মাণের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে গত০ ৩/৮/২০২১তারিখে কার্যাদেশ প্রদান করা হয়েছে।

ঘ) গত ১২/০৮/২০২১তারিখে ঠিকাদার প্রতিষ্ঠানকে জমির দখল হস্তান্তর করা হয়।

ঙ) জয়িতা টাওয়ার নির্মাণের কার্যক্রম শুরু করা হয়েছে।

হালনাগাদ/সর্বশেষ অগ্রগতি

- **নকশা অনুমোদন:**
  নির্মিতব্য টাওয়ারের সংশোধিত নকশা ইতোমধ্যে মন্ত্রণালয় কর্তৃক ৩০/০৯/২০২০ তারিখে অনুমোদিত হয়েছে।
- **নকশা ভেটিং:**

  স্থাপত্য অধিদপ্তর কর্তৃক সংশোধিত নকশা ১৫/১১/২০২০ তারিখে ভেটিংকরণ সম্পন্ন হয়েছে।

- **ডিপিপি সংশোধন:**

  পরিকল্পনা কমিশন কর্তৃক ২৯/০৪/২০২১ তারিখ আরডিপিপি অনুমোদিত হয়।

- **প্রকল্পের মেয়াদ বৃদ্ধি:**

  এপ্রিল ২০১৮ থেকে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত।

প্রকল্পের আর্থিক অগ্রগতি:

২০১৮- ২০১৯ অর্থ বছরে ব্যয়ঃ ১১৮.৪৪ লক্ষ টাকা

২০১৯-২০২০ অর্থ বছরে ব্যয়ঃ ৮১.৮৪ লক্ষ টাকা

২০২০-২০২১ অর্থ বছরে ব্যয়ঃ ১২৭.১৩ লক্ষ টাকা

সর্বশেষ সংশোধিত নকশা অনুযায়ী নির্মিতব্য জয়িতা টাওয়ার

(৩) জয়িতা'র খাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণ কর্মসূচির হালনাগাদ তথ্যঃ

জয়িতা'র খাদ্যজাত ব্যবসা শক্তিশালীকরণ কর্মসূচির আওতায় জয়িতা ফুডকোর্ট এর উদ্যোক্তাদের বিভিন্ন ক্যাটাগরিতে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ক) জয়িতার খাদ্য ব্যবসার সাথে জড়িত উদ্যোক্তা এবং খাদ্য পণ্যের প্রশিক্ষণ নিয়ে সাবলম্বি হতে চায় এমন আগ্রহী নারী উদ্যোক্তাদের নিয়ে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনে কুকিং এন্ড বেকিং শীর্ষক প্রশিক্ষণ কোর্স পরিচালিত হয়। প্রতি ব্যাচে ২০ জন করে প্রশিক্ষনার্থী নিয়ে ১২ টি ব্যাচ সম্পন্ন হয়েছে।

(কর্মসূচিতে ৩০০ জনের প্রশিক্ষণ দেয়ার বিষয়ে উল্লেখ থাকলেও প্রশিক্ষণ প্রাপ্ত বা উপকারভোগীর সংখ্যা প্রায় ৫২০ জন)

খ) রাপা প্লাজার ৫ম তলার জয়িতা ফুডকোর্টকে বাংলা খাবারের আধুনিক ফুডকোর্ট তৈরীর জন্য কর্মসূচির অর্থায়নে সংস্কার কাজ করা হয়েছে।

কর্মসূচির মেয়াদ গত ৩০ জুন, ২০২১ তারিখ শেষ হয়।

বিশ্বে যা - কিছু মহান সৃষ্টি চির - কল্যাণকর
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর
এ বিশ্বে যত ফুটিয়াছে ফুল, ফলিয়াছে যত ফল
নারী দিল তাহে রূপ - রস - মধু-গন্ধ সুনির্মল
জ্ঞানের লক্ষ্মী, গানের লক্ষ্মী, শস্য লক্ষ্মী নারী
সুষমা - লক্ষ্মী নারীই ফিরিছে রূপে রূপে সঞ্চারি
নর দিল ক্ষুধা, নারী দিল সুধা, সুধায়
joyeeta
জয়িতা
ক্ষুধায় মিলে, জন্ম লভিছে -
মহামানবের মহাশিশু তিলে তিলে
জগতের যত বড় বড় জয় বড় বড় অভিযান

৪র্থ অধ্যায়

২০২০-২১ অর্থ বছরে জয়িতা ফাউন্ডেশন কর্তৃক পালিত গুরুত্বপূর্ণ দিবসসমূহ

- ৮ ই আগস্ট, ২০২০, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব এর ৯০ তম জন্ম দিন উপলক্ষে মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক জয়িতা ফাউন্ডেশনের নারী উদ্যোক্তাদের জন্য ৫২টি এবং জয়িতা ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ডিজাইন সেন্টারে ১০টি সহ মোট ৬২ টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।
- ১৫ আগস্ট, ২০২০ তারিখে জাতীয় শোক দিবস উপলক্ষে জয়িতা ফাউন্ডেশনের কর্মকর্তা কর্মচারীগণ জাতির পিতাবঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।
- ১৬ নভেম্বর, ২০২০ তারিখ জয়িতা ফাউন্ডেশনের ৯ম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করা হয়।
- ১৭ ই মার্চ ২০২১ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০১ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে জয়িতা ফাউন্ডেশনে আলোচনা সভার আয়োজন করা হয়।
- মুজিববর্ষ উদযাপন উপলক্ষে জয়িতা ফাউন্ডেশন কর্তৃক জয়িতা নারী উদ্যোক্তাদের শুভেচ্ছা উপহার হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধুর লেখা “অসমাপ্ত আত্মজীবনী’’, “কারাগারের রোজনামচা” ও “আমার দেখা নয়া চীন” নামক তিনটি আত্মজীবনীমূলক বই নারী উদ্যোক্তাদের এবং কর্মকর্তাদের মাঝে বিতরণ করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১১ সালের ১৬ নভেম্বর জয়িতা’র শুভ উদ্বোধন করেন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এমপি মহোদয় জয়িতা ফুড কোর্টের উদ্বোধন করেন ও জয়িতা বিপণন কেন্দ্র পরিদর্শন করেন।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব সায়েদুল ইসলাম জয়িতা ফাউন্ডেশনের অফিস পরিদর্শন করেন ও জয়িতা অ্যাপস এর শুভ উদ্বোধন করেন। এসময় জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক সচিব মহোদয় কে ফুলেল শুভেচ্ছা জানান।

মুজিববর্ষউদযাপনউপলক্ষেজয়িতাফাউন্ডেশনকর্তৃকজয়িতানারীউদ্যোক্তাদেরশুভেচ্ছাউপহারহিসেবেজাতিরপিতা বঙ্গবন্ধুরলেখা “অসমাপ্তআত্মজীবনী’’, “কারাগারেররোজনামচা” ও “আমারদেখানয়াচীন” নামকতিনটিআত্মজীবনীমূলকবইনারীউদ্যোক্তাদেরএবংকর্মকর্তাদেরমাঝেবিতরণকরাহয়েছে

উদ্যোক্তাদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ স্থাপন ও অফিসিয়াল প্রয়োজনীয় তথ্য আদান-প্রদানের জন্য ‘জয়িতা অ্যাপস’ চালু করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপন



জয়িতা নারী উদ্যোক্তাদের অনলাইন ব্যবসা সম্প্রসারণ এর লক্ষ্যে ই-জয়িতা ওয়েবসাইট চালু করা হয়।

উদ্যোক্তাদের
সাথে সার্বক্ষণিক
যোগাযোগ
স্থাপন ও অফিসিয়াল
প্রয়োজনীয়
তথ্য আদান- প্রদানের জন্য
'জয়িতা অ্যাপস' চালু করা হয়।

জয়িতা ফাউন্ডেশনের ৯ম প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের পক্ষ হতে উদ্যোক্তাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করেন জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আফরোজা খান।

জয়িতা ফাউন্ডেশনের ৯ম প্রতিষ্ঠা বার্ষিকী অনুষ্ঠানে জয়িতা ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ

ফ্যাশন ডিজাইন কর্মশালায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের প্রোডাক্ট ডেভেলপমেন্ট প্রোগ্রামে নারী উদ্যোক্তাদের তৈরিকৃত পোশাক পরিদর্শন করছেন মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক (গ্রেড-১০) জনাব রাম চন্দ্র সাহা।

ফ্যাশন ডিজাইন কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব আফরোজা খান।

জয়িতা ফাউন্ডেশনের নারী উদ্যোক্তাদের জন্য আয়োজিত প্রশিক্ষণ অনুষ্ঠানে জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান জনাব চেমন আরা তৈয়ব, জয়িতা ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দও নারী উদ্যোক্তাগণ

নারী উদ্যোক্তাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ শেষে তাদের মাঝে সনদ বিতরণ করা হয়।

ফ্যাশন ডিজাইন কর্মশালায় অংশগ্রহণকারী নারী উদ্যোক্তাদের কার্যক্রমের চিত্র



ফ্যাশনডিজাইনকর্মশালা এবং ক্র্যাফটসসংক্রান্তকর্মশা






নান্দনিক ও আধুনিক সাজে সজ্জিত জয়িতা ফুডকোর্ট ও ক্র্যাফটস জোনের খন্ডচিত্র

নান্দনিক ও আধুনিক সাজে সজ্জিত জয়িতা ফুডকোর্ট ও ক্র্যাফটস জোনের খন্ডচিত্র

জয়িতা ফাউন্ডেশনের কার্যালয়ে “বঙ্গবন্ধু গ্যালারী”

জয়িতা ফাউন্ডেশনের কার্যালয়ে ‘ওয়েটিং জোন’

জয়িতা ফাউন্ডেশন ও বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক যৌথভাবে পরিচালিত ট্রেনিং ইন কুকিং অ্যান্ড বেকিং শীর্ষক ১০ (দশ) দিনের প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহণ করে জয়িতা ফুড কোর্টের নারী উদ্যোক্তাগণ। (চিত্রঃ উদ্বোধনী অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক জনাব আফরোজা খান ও বিশিষ্ট অতিথিবৃন্দ)

জয়িতা নার্সারীর উদ্বোধন অনুষ্ঠান

জয়িতা নারী উদ্যোক্তাদের উৎপাদিত খাদ্য পণ্য ও পিঠাপুলি নিয়ে জয়িতা পিঠা উৎসব ২০২১ আয়োজন করা হয়।

জয়িতা ফাউন্ডেশনের চলচ্চিত্র উৎসব ২০২১

জাতীয় মহিলা সংস্থার পরিচিতি

১.১ পটভূমি

মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বাংলাদেশের নারীদের জন্যে নতুন যুগের সূচনা করে। ১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধে বাংলাদেশের নারীগণের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে অংশগ্রহণ এবং বলিষ্ঠ ভূমিকা ছিল। স্বাধীনতা যুদ্ধে ক্ষতিগ্রস্থ নারীদের পুনর্বাসন ও ক্ষমতায়নের লক্ষ্যে ১৯৭২ সনে জাতির পিতা বঙ্গবন্ধু কর্তৃক নারী পুর্ণবাসন বোর্ড গঠনের মাধ্যমে শুরু হয় মহিলাদের উন্নয়নের প্রাতিষ্ঠানিক যাত্রা। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নারী উন্নয়নে সরকারের জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকার রক্ষার্থে বাংলাদেশের সর্বস্তরের মহিলাদের সার্বিক উন্নয়ন ও তাদের অবস্থার পরিবর্তনের লক্ষ্যে একটি সাংগঠনিক কাঠামো তৈরী করার জন্য সমাজকল্যাণ অধিদপ্তরের মহা পরিচালককে নির্দেশ প্রদান করেন। তৎপ্রেক্ষিতে একটি মহিলা সংস্থার রূপরেখা প্রণীত হয়, যা বাংলাদেশ জাতীয় মহিলা সংস্থা নামে প্রতিষ্ঠা লাভ করে। ১৯৯১ সনের ৯নং আইন বলে জাতীয় মহিলা সংস্থা মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনএকটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে প্রতিষ্ঠিত হয়।

২. জাতীয় মহিলা সংস্থার মিশন ও ভিশন

২.১. রূপকল্প (Vision) : নারীর ক্ষমতায়ন ও সুরক্ষা।

২.২. অভিলক্ষ্য (Mission) : নারীর ক্ষমতায়ন, প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও উন্নয়নের মূল ধারায় সম্পৃক্তকরণ।

৩. জাতীয় মহিলা সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য

- ❑ জাতীয় জীবনের সকল ক্ষেত্রে মহিলাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করা;
- ❑ কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে মহিলাদের স্বাবলম্বিতা অর্জনে সহায়তা করা;
- ❑ মহিলাদের আইনগত অধিকার রক্ষার্থে সাহায্য করা;
- ❑ মহিলাদের কল্যাণে নিয়োজিত সরকারী ও বেসরকারী, দেশী-বিদেশী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন করা;
- ❑ জাতীয় উন্নয়নমূলক কর্মকান্ডে মহিলাদের সম্পৃক্ত করার জন্য উদ্যোগ গ্রহণ করা;
- ❑ মহিলাদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন সম্মেলন, সেমিনার ও কর্মশালার আয়োজন করা;

৪. জাতীয় মহিলা সংস্থা আইন ১৯৯১

- ❑ জাতীয় মহিলা সংস্থা প্রতিষ্ঠাকল্পে ১৯৯১ সালে ৯নং আইনের মাধ্যমে জাতীয় মহিলা সংস্থা আইন প্রণীত হয়।

৫.জাতীয় মহিলা সংস্থার বিধিমালাসমূহ

- ❑ জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ এর ২৫ নং ধারা বলে ১৯৯৬ সালে জাতীয় মহিলা সংস্থা (কর্মকর্তা, কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৯৬ বিধিমালা প্রণীত হয় (যা ২০১১ সালে আংশিক সংশোধিত।)

- ❑ জাতীয় মহিলা সংস্থা কর্মচারী (অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল) ২০১৩ বিধিমালা।

৬. জাতীয় মহিলা সংস্থার বিদ্যমান সাংগঠনিক কাঠামো

(জনবল-৪৬৫ জন)



৭. জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম সমূহ

ট্রেডের নাম	প্রশিক্ষণ এলাকা	কোর্সের মেয়াদ	ব্যাচ সংখ্যা
সেলাই ও এমব্রয়ডারী	সংস্থার প্রধান কার্যালয়	৪ মাস	৩০ জন
ব্লক ও বাটিক	সংস্থার প্রধান কার্যালয়	৪ মাস	২০ জন
চামড়াজাত শিল্প	সংস্থার প্রধান কার্যালয়	৪ মাস	২০ জন
খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ	সংস্থার প্রধান কার্যালয়	২ মাস	৪০ জন

সেলাই ও এমব্রয়ডারীর প্রশিক্ষণরত প্রশিক্ষার্থী

ব্লক বাটিক প্রশিক্ষণরত প্রশিক্ষার্থী

৮. জাতীয় মহিলা সংস্থা পরিচালিত ডে-কেয়ার সেন্টার কার্যক্রম

- জাতীয় মহিলা সংস্থা কমপ্লেক্স সম্প্রসারণ ও উন্নয়ন শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় সংস্থার প্রধান কার্যালয়ে ২০০২ সালে ৫০টি আসন বিশিষ্ট একটি ডে-কেয়ার সেন্টার চালু করা হয়।
- কর্মজীবী মায়েদের ০১ বছর থেকে ০৬ বছরের শিশুদের দিবাকালীন দেখাশোনার পাশাপাশি খেলাধুলা, ছবি আকাঁ, অক্ষর পরিচিতি, ছড়া শেখা ও চিত্তবিনোদনের ব্যবস্থা রয়েছে।
- শিশু ভর্তি ফি ১,৫০০/- টাকা এবং মাসিক বেতন ৮০০/- টাকা। শিশুরা বাড়ি থেকে যার যার খাবার নিয়ে আসে। সরকারী ছুটির দিন ব্যতীত প্রতি কর্মদিবসে সকাল ৮.৩০ মিঃ হতে বিকাল ৬.০০ মিঃ পর্যন্ত ডে-কেয়ার সেন্টারটির কার্যক্রম পরিচালিত হয়।

জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের ডে-কেয়ার সেন্টার এ শিশুরা
খেলাধূলা ও পড়ালেখায় ব্যস্ত

৯. জাতীয় মহিলা সংস্থা পরিচালিত শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল

"জাতীয় মহিলা সংস্থা কমপ্লেক্স সম্প্রসারণ ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় এপ্রিল ২০০৭ সাল থেকে সংস্থা ভবনের ৯ম থেকে ১২ তলা পর্যন্ত কর্মজীবী মহিলাদের জন্য ২০২ টি সীট বিশিষ্ট মহিলা হোস্টেল চালু আছে।২০১০ সালে শহীদ আইভি রহমান এর স্মরণে এ হোস্টেলটিকে "শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল" নামকরণ করা হয়। হোস্টেলের সীট বরাদ্দের আবেদনসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেমটিকে (http//jmshostel.gov.bd, www.mygov.bd) অনলাইনের মাধ্যমে বাস্তবায়ন করা হয়েছে।

বর্তমানে হোস্টেলে নিম্নোক্ত ধরণের সীট রয়েছে:

সীটের ধরণ	সীটের সংখ্যা	সীট ভাড়া (আনুসঙ্গিকসহ)
সিঙ্গেল কক্ষ ৩০ টি	৩০×১=৩০ টি	৪,০৫০/-
ডাবল সীট বিশিষ্ট কক্ষ ১০ টি	১০×২=২০ টি	৩,০৫০/-
৪ সীট বিশিষ্ট কক্ষ ৩টি	৪×৩=১২ টি	২,৩৫০/-
৬ সীট বিশিষ্ট কক্ষ ৭টি	৬×৭=৪২ টি	১,৭০০/-
৭ সীট বিশিষ্ট কক্ষ ১৪টি	৭×১৪=৯৮ টি	১,৫৫০/-
২ সীট বিশিষ্ট কক্ষ ২টি গেষ্ট রুম	২×২=৪ টি	প্রতিদিন ৫০০/-, ৭৫০/-
৬ সীট বিশিষ্ট কক্ষ ১টি	৬×১=৬ টি	(জেলা চেয়ারম্যানদের জন্য) প্রতিদিন ৫০/-
মোট	২১৪টি	

জাতীয় মহিলা সংস্থা পরিচালিত শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেল

১০. জাতীয় মহিলা সংস্থার ঋণ কার্যক্রম

বর্তমানে সংস্থার দুই ধরণের ঋণ কার্যক্রম চলমান রয়েছে :

১০.১ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রম সংস্থার ৬৪ জেলা ও ৫০ উপজেলা কার্যালয়ে চলমান রয়েছে।

১০.২) স্ব-কর্ম সহায়ক ঋণ কার্যক্রম সংস্থার ৬৪ জেলা ও ২৯ উপজেলা কার্যালয়ে চলমান রয়েছে।

১০.১ জাতীয় মহিলা সংস্থা পরিচালিত মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম

কার্যক্রমের নাম	:	মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম।
কার্যক্রমের মূল উদ্দেশ্য	:	দেশের আর্থিক সংগতিহীন কর্মক্ষম মহিলাদের উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ ও তাদের আত্মনির্ভরশীল করার লক্ষ্যে ক্ষুদ্রঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
ঋণের পরিমাণ	:	অনুমোদিত নীতিমালা অনুযায়ী ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে মাথাপিছু জামানত বিহীন এককালীন ৫,০০০/- থেকে ১৫,০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে।
ঋণ ব্যবহার পদ্ধতি	:	ঋণের অর্থ আয়বর্ধক কার্যক্রম যেমন-মুদি দোকান, পোলট্রি ফার্ম, গাভী পালন, নার্সারী, ধান ভাংগা, সেলাই-এমব্রয়ডারী ও মোবাইল সার্ভিসিং ইত্যাদি কাজে ব্যবহার করা যাবে।
ঋণ ও সার্ভিস চার্জ নির্ধারণ ও আদায়	:	১ অথবা ২ বছর মেয়াদে ঋণ বিতরণ করা যাবে। প্রদত্ত ঋণের ৫% সার্ভিস চার্জ আদায় করা হবে। নীতিমালা অনুযায়ী সার্ভিস চার্জ এর ২.৫% মূলধন হিসাবে ঘূর্ণায়মান তহবিলের সাথে যুক্ত হবে এবং ২.৫% কমিটির অনুমোদনক্রমে ঋণ আদায় ও অন্যান্য খাতে খরচ করা যাবে। ঋণ গ্রহণের ২ মাস পর হতে কিস্তি প্রদান শুরু হয়।

২০০৩ থেকে জুন/২০২১ পর্যন্ত ১০৮ টি জেলা ও উপজেলা শাখায়ঋণ বিতরণ ও আদায়ের প্রতিবেদন

০১	মোট বরাদ্দ প্রাপ্তি	:	৩৬.৭৫ কোটি টাকা।
০২	মোট ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ	:	৮১.১২ কোটি টাকা।
০৩	মোট ঋণ আদায়ের হার	:	৮১%

০৪	মোট উপকারভোগীর সংখ্যা	:	৬৬.৫৬২ জন।
০৫	চলতি অর্থ বছরের বরাদ্দ	:	৩.০০ কোটি টাকা।

জাতীয় মহিলা সংস্থার সাভার উপজেলা কার্যলয়ের মাধ্যমে ক্ষুদ্র ঋণ বিতরণ

১০.২ জাতীয় মহিলা সংস্থা পরিচালিত স্ব-কর্ম সহায়ক ঋণ কার্যক্রম

কার্যক্রমের নাম	মাননীয় প্রধান মন্ত্রীর বিশেষ তহবিলে পরিচালিত"স্ব-কর্ম সহায়ক ঋণ কার্যক্রম"। মোট প্রাপ্ত অনুদান ১.২০ কোটি টাকা।
কার্যক্রমের মূল উদ্দেশ্য	এ ঋণ কার্যক্রমের মাধ্যমে কর্মক্ষম, আর্থিক সঙ্গতিহীন মাহিলাদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন আয়বর্ধক ও অর্থনৈতিক উদ্যোগ গ্রহণের জন্য ঋণ প্রদান করা হবে।
ঋণের পরিমান	অনুমোদিত নীতিমালা অনুযায়ী ৩০০/-নন জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে মাথাপিছু জামানত বিহীন এককালীন ৩০০০/- টাকা থেকে ৫০০০/- টাকা এবং দলগতভাবে ২৫,০০০/- পর্যন্ত ঋন প্রদান করা যাবে।
ঋণ ব্যবহার পদ্ধতি	ঋণের অর্থ আয়বর্ধক কার্যক্রম যেমন- মহিলারা ধান ভাংগা,মুদি দোকান, হাঁস-মুরগী পালন, গাভী পালন, মৎস্যচাষ, পোশাক শিল্প ইত্যাদি কাযে ব্যবহার করা যাবে।
ঋণ ও সার্ভিস চার্জ নির্ধারণ ও আদায়	ঋণ গ্রহণের পর ৩ মাস গ্রেস পিরিয়ড। পরবর্তীতে ১০%(ফ্লাট রেট) সার্ভিজ চার্জসহ ২০ মাসের মধ্যে ২০ টি মাসিক কিস্তিতে সমুদয় ঋণের অর্থ পরিশোধ করতে হবে।

১৯৯২ (শুরু) থেকে জুন/২০২১ পর্যন্ত ৬৪ জেলা ও ২৯ টি উপজেলা শাখায় ঋণ বিতরন ও আদায়ের প্রতিবেদনঃ

ক্রঃ নং	মোট প্রাপ্ত অনুদান	মোট ক্রমপুঞ্জিত ঋণ বিতরন (ঘূর্নায়মান বিতরন/চলমান)	মোট উপকার ভোগীর সংখ্যা	মোট আদায় যোগ্য ঋণের পরিমান (২০ মাস পর) (চলমান)	মোট আদায়কৃত ঋণের পরিমান (চলমান)	খেলাপী/ অনাদায়ী ঋণের পরিমান	আদায়ের হার।
০১	১,২০,০০০০০/- (এক কোটি বিশ লাখ)।	২,৯২,৪০,০০০/- (দুই কোটি বিরানব্বই লাখ চল্লিশ হাজার) টাকা।	৫৪৬৫ জন।	৩,৩৭,৮৩,৯৯৮/-	২,৯২,১২,৭৩৬/-	৪৫,৭১,২৬২/- (খেলাপী ৩৮,৬৫,৮৭২/- টাকা এবং অনাদায়ী ৭,০৫,৩৯০/-)	৮৮%

জাতীয় মহিলা শেরপুর জেলা কার্যালয় কর্তৃক স্ব-কর্ম সহায়ক ঋণ বিতরণ

১১. নারী নির্যাতন প্রতিরোধ সেল:

জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ে নারী নির্যাতন প্রতিরোধ সেল '১৯৯৬ সনে' প্রতিষ্ঠিত হয়।

নারী নির্যাতন প্রতিরোধ সেলটি ১জন ফোকাল কর্মকর্তা, ১জন আইনজীবী ও ৩জন কর্মচারীর মাধ্যমে সংস্থার নিচ তলায় পরিচালিত হয়।প্রতি সপ্তাহে ৩ (তিন) কার্যদিবসে আইনগত সহায়তা প্রদান করা হয়।

এই সেলের মাধ্যমে দেশের দু:স্থ, অসহায়,নির্যাতিত মহিলাদের বিনা খরচে আইনগত সহায়তা প্রদান করা হয়। পারিবারিক বিবাদ মিমাংশা, পারিবারিক সম্পর্ক পুনঃস্থাপন,স্ত্রী ও সন্তানের ভরণপোষণ আদায়, কাউন্সিলিং এর মাধ্যমে যে সকল অভিযোগ নিস্পত্তি করা সম্ভব হয় না নির্যাতিতার পক্ষে সেলের আইনজীবির মাধ্যমে আদালতে মামলা পরিচালনা করা হয়। তালাকপ্রাপ্ত মহিলাদের দেনমোহর, সন্তানের ভরণপোষণ আদায়ের মাধ্যমে মহিলাদের আইনগত সহায়তা প্রদান করা হয়।খোরপোষ বাবদ আদায় করে দেয়া হয়েছে - ৮৬,৬৬,৪৫০/-টাকা।২০২০-২০২১ অর্থবছরের পর্যন্ত মোট ৩,৯১৬ জন জন নারীকে আইনি সহায়তা প্রদান করা হয়।

নারী নির্যাতন প্রতিরোধ সেলের সেবা প্রদান প্রদানকারী ও সেবা গ্রহণকারী

১২. জাতীয় মহিলা সংস্থার অন্যান্য কার্যক্রম

১২.১ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব অডিটোরিয়াম

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবের নামে ২০০২ সালে বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব অডিটোরিয়ামটি প্রতিষ্ঠিত হয়।অডিটোরিয়ামটির মোট আসন সংখ্যা ৩০০।অডিটোরিয়ামে সংস্থার বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হয়। এছাড়াও আবেদনের প্রেক্ষিতে অডিটোরিয়ামটি বিভিন্ন প্রতিষ্ঠানকে ভাড়া দেওয়া হয়।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব অডিটোরিয়াম এর অনুষ্ঠান (২য় তয়ায়)

১২.২ জাতীয় মহিলা সংস্থার আধুনিক সম্মেলন কক্ষ

জাতীয় মহিলা সংস্থার ৭ম তলায় ২০০৫ সালে একটিআধুনিক সম্মেলন কক্ষস্থাপন হয়।সম্মেলন কক্ষে মোট আসন সংখ্যা ৬০।সম্মেলন কক্ষটিতে মল্টিমিডিয়া প্রজেক্টর ও Wifi ব্যবস্থা রয়েছে।সম্মেলনকক্ষটিতে সংস্থার কর্মকর্তা/কর্মচারিদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়।আবেদনের প্রেক্ষিতে সম্মেলন কক্ষটি অন্যান্য প্রতিষ্ঠানকে ভাড়া দেওয়া হয়।

জাতীয় মহিলা সংস্থার আধুনিক সম্মেলন কক্ষ (৭ম তলায়)

১২.৩ জাতীয় মহিলা সংস্থার ডিজিটাল কম্পিউটার ল্যাব

কম্পিউটার ল্যাবটি সংস্থা ভবনের ৭ম তলায় ২০১৮ সালে প্রতিষ্ঠিত হয়।কম্পিউটার ল্যাবটিতে মোট আসন সংখ্যা ২০।কম্পিউটার ল্যাবটিতে মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং সার্বক্ষণিক ইন্টারনেট ও Wifi ব্যবস্থা রয়েছে। কম্পিউটার ল্যাবটিতে সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়।কম্পিউটার ল্যাবটিতে বিভিন্ন নিয়োগের ব্যবহারিক পরীক্ষা নেওয়া হয়।আবেদনের প্রেক্ষিতে কম্পিউটার ল্যাবটি অন্যান্য প্রতিষ্ঠানকে ভাড়া দেওয়া হয়।

জাতীয় মহিলা সংস্থার ডিজিটাল কম্পিউটার ল্যাব (৭ম তলায়)

১২.৪.জাতীয় মহিলা সংস্থার গ্রন্থাগার

জাতীয় মহিলা সংস্থার গ্রন্থাগারটি ২০০৬ তারিখে প্রতিষ্ঠা হয়। গ্রন্থাগারটিতে সর্বমোট ৩,৩৯৫টি বই সংগৃহীত আছে।বঙ্গবন্ধু, বঙ্গমাতা এবং শেখ হাসিনাকে নিয়ে রচিত বইসমূহ সরকারি বইসমূহ। এছাড়াও কবিতা, গল্প, সাহিত্য, ছোটগল্প, রচনাবলী, উপন্যাস সমগ্র, গল্প সমগ্র, রূপকথা, রাজনীতি, ইসলামী বই, খাদ্যপুষ্টি, স্বাস্থ্য, কম্পিউটার, বিভিন্ন অফিসিয়াল বই রয়েছে।

সংস্থার গ্রন্থাগারে রক্ষিত বিভিন্ন বই সমূহ(৫মতলায়)

১৩. মুজিব জন্মশতবর্ষ উপলক্ষ্যে জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমসমূহ

১৩.১ বঙ্গবন্ধু কর্ণার

বঙ্গবন্ধু কর্ণার (সংস্থা ভবনের নীচতলায়)

১৩.২ বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব স্মৃতি জাদুঘর

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেছা ইন্দিরা এমপি
জামাতা ফজিলাতুননেছা মুজিব স্মৃতি জাদুঘর শুভ উদ্বোধন করেন (২য় তলায়)।

১৩.৩ চারুলতা (কারুপণ্য বিপণন কেন্দ্র)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেছা ইন্দিরা এমপি
চারুলতা (কারুপণ্য বিপণন কেন্দ্র) পরিদর্শন করেন (সংস্থা ভবনে নীচ তলায়)

১৩.৪ **মমতাজ চত্বর**

(প্রয়াত চেয়ারম্যান অধ্যাপক মমতাজ বেগম এ্যাডভোকেট এর স্মরণে)

মমতাজ চত্বর (সংস্থা ভবনের ২য় তলায়)

১৪. জাতীয় মহিলা সংস্থার জেলা ও উপজেলার নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম

- সংস্থার ৬৪টি জেলা কার্যালয় এবং ৫০টি উপজেলা কার্যালয়ের মাধ্যমে মহিলাদের ৪মাস ব্যাপী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডএ প্রশিক্ষণ প্রদান করা হয়।
- প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে ভাতা প্রদান করা হয়।
- প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের দক্ষতা উন্নয়ন সার্টিফিকেট প্রদান করা হয়।

১৫. জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পালিত দিবস সমূহের বিবরণঃ

ক্র: নং	তারিখ	বিবরন
০১।	২১ ফেব্রুয়ারি	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।
০২।	০৮ মার্চ	আন্তর্জাতিক নারী দিবস।
০৩।	১৭ মার্চ	জাতীয় শিশু দিবস ও জাতির জনকের জন্মবার্ষিকী।
০৪।	২৬ মার্চ	মহান স্বাধীনতা ও জাতীয় দিবস।
০৫।	১৪ এপ্রিল	বাংলা নববর্ষ।
০৬।	০৮ আগস্ট	বঙ্গমাতার জন্মবার্ষিকী।
০৭।	১৫ আগস্ট	জাতীয় শোক দিবস।
০৮।	২১ আগস্ট	গ্রেনেড হামলায় শহীদ আইভি রহমানের মৃত্যুবার্ষিকী।
০৯।	অক্টোবর মাস	আন্তর্জাতিক স্তন ক্যান্সার সচেতনতা মাস।
১০।	নভেম্বর ২৫-ডিসেম্বর ১০	আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ।
১১।	১৬ ডিসেম্বর	মহান বিজয় দিবস।

১৬. জাতীয় মহিলা সংস্থার চলমান প্রকল্প সমূহ

১৬.১ জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।

দেশের শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের কম্পিউটার এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে "জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)" শীর্ষক প্রকল্প গৃহীত হয়েছে। তথ্য প্রযুক্তি খাতে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা এবং তথ্য প্রযুক্তি জ্ঞান কাজে লাগিয়ে দক্ষতা ও উৎপাদনশীলতা বাড়াতে "জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)" শীর্ষক প্রকল্প দেশের ৬৪ জেলায় কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করে যাচ্ছে। এ প্রকল্পের মাধ্যমে জুলাই ২০২১ হতে জুন ২০২৩ পর্যন্ত ৪৮,৬০৬ জন শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড অনুমোদিত ৬ মাস মেয়াদি (৩৬০ ঘন্টা) কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন এবং গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া কোর্সের উপর প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। এ পর্যন্ত ১২ ব্যাচে মোট ৩৫,৮১১ জন শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

প্রকল্পের কর্মকর্তাদের গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং কোর্সের প্রশিক্ষণ কর্মশালা-২০২১ উদ্বোধনী অনুষ্ঠান।

"জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)" শীর্ষক প্রকল্পের ২০২০-২১ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ১১৩৯.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি জুন ২০২১ পর্যন্ত ১০২৮.৫৩ লক্ষ টাকা, শতকরা হার ৯০.৩০%। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত সিলেবাস অনুযায়ী ৬ মাস মেয়াদী "কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন কোর্সে ২০২০-২১ অর্থ বছরের লক্ষ্যমাত্রা ছিল ৬৪০০ জন এবং মোট ৩২০৩ জন শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা ৬৪০০ জন এবং মোট ৩২০০ জন শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের প্রশিক্ষণ চলমান রয়েছে।

জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) শীর্ষক প্রকল্পের কম্পিউটার ল্যাবে প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থীবৃন্দ।

কোভিড-১৯ বৈশ্বিক মহামারীর কারণে জুলাই-ডিসেম্বর ২০২০ সেশনে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত রাখা হয়েছিল।

অল্প শিক্ষিত নারীরা স্বল্প মেয়াদি কম্পিউটার প্রশিক্ষণ নিয়ে সরকারী ও বেসরকারী পর্যায়ে অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি, গ্রাফিক্স ডিজাইন, সফটওয়্যার ও ওয়েব সাইট ডেভেলপমেন্টসহ প্রাক যোগ্যতা হিসেবে কম্পিউটার জ্ঞান সম্পৃক্ত অন্যান্য কর্মক্ষেত্রে যোগদান করতে পারে।তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে প্রশিক্ষণের মাধ্যমে একজন নারী চাইলে ঘরে বসে আউটসোর্সিং এর মাধ্যমে অর্থ উপার্জন করে সাবলম্বী হতে পারে। প্রকল্পটি উদ্যোক্তা সৃষ্টি ও কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীদের আর্থিক ও সামাজিক ক্ষমতায়নসহ ডিজিটাল বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

১৬.২ তথ্য আপাঃডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়) (১ম সংশোধন) শীর্ষক প্রকল্প।

- ❖ মেয়াদ : ০৬ বছর ০৩ মাস (এপ্রিল ২০১৭ থেকে জুন২০২৩)।
- ❖ প্রাক্কলিত ব্যয় : ৫৮৫৭৬.৬৪ লক্ষ টাকা (জিওবি)।
- ❖ প্রকল্প এলাকা : বাংলাদেশের ৮টি বিভাগের ৬৪ জেলাধীন ৪৯২টি উপজেলা।

উঠান বৈঠক ও সেবা প্রদান কার্যক্রমঃ

বাংলাদেশের ৪৯০টি উপজেলায় ৪৯০টি তথ্যকেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। নতুন ২টি তথ্যকেন্দ্র প্রতিষ্ঠার কার্যক্রম চলমান। ৪৯০টি তথ্যকেন্দ্র প্রতিষ্ঠার মাধ্যমে ডিসেম্বর, ২০১৮ মাস থেকে তথ্য প্রযুক্তি সম্পর্কে ০১ (এক) কোটি গ্রামীণ মহিলাদের তথ্যপ্রযুক্তির মাধ্যমে দৈনন্দিন সমস্যা সমাধান এবং উঠান বৈঠকের (সচেতনতা মূলক প্রশিক্ষণ) মাধ্যমে গ্রামীণ মহিলাদের উদ্বুদ্ধকরণের কার্যক্রম অব্যাহত রয়েছে।

সেবাগ্রহীতার সংখ্যা:

৪৯০টি উপজেলায় প্রতিষ্ঠিত ৪৯০ টি তথ্যকেন্দ্রের মাধ্যমে উঠান বৈঠক আয়োজন ও ডোর টু ডোর সেবা প্রদানের মাধ্যমে ২০২০-২০২১ অর্থ বছরে ৩৩,৫২,৬৯৪ (তেত্রিশ লক্ষ বায়ান্ন হাজার ছয়শত চুরানব্বই) জন সহ জুন, ২০২১ মাস পর্যন্ত সর্বমোট ৬৩,০২,০৮২ (তেষট্টি লক্ষ দুই হাজার বিরাশি) জন গ্রামীণ অনগ্রসর মহিলাকে তথ্যপ্রযুক্তির মাধ্যমে তাদের দৈনন্দিন সমস্যা সমাধান এবং তথ্যসেবা প্রদান করা হয়েছে।

তথ্য আপা: প্রকল্পের উঠান বৈঠক এবং ডোর টু ডোর সেবা কার্যক্রম

প্রশিক্ষণ কার্যক্রমঃ

অনলাইনের মাধ্যমে ১৬২ জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীদেরকে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পরবর্তীতে অনলাইনের মাধ্যমে ৭৯ জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীদেরকে মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।৪৯০ টি উপজেলার ১৪১০ জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীদেরকে অনলাইনের মাধ্যমে ই-কমার্স এ্যান্ড ই-লার্নিং প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ই-কমার্স প্রশিক্ষণের ধারাবাহিকতায় ৪৯০টি উপজেলায় ই-কমার্স বাস্তবায়নের নিমিত্ত গ্রামীণ নারী উদ্যোক্তাদের ই-কমার্স প্ল্যাটফর্মে নিবন্ধন এবং তাদের পণ্য আপলোডকরণে সহায়তা করার জন্য মোট ১২৬৭ জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীদেরকে ১২টি ইন্টারএ্যাকটিভ সেশনে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অনলাইনের মাধ্যমে প্রকল্পের প্রধান কার্যালয়ের ৭ জন ও জাতীয় মহিলা সংস্থার ৭ জন মোট ১৪ জন কে ৭ দিন ব্যাপি ই-জিপি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথ্য আপা প্রকল্পের আওতায় নির্মিত লাল সবুজ

ডট কম নামক মার্কেটপ্লেসে উদ্যোক্তাদের নিবন্ধন, রেজিস্ট্রেশন, পণ্য আপলোডসহ সার্বিক কার্যক্রমে সহায়তা করার জন্য বি. এফ. টি. আই এর মাধ্যমে “প্রশিক্ষক প্রশিক্ষণ (TOT)” বিষয়ে ২৮-০৬-২০২১ তারিখ পর্যন্ত ২৮ টি ব্যাচে ৫৫৮জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। অনলাইনের মাধ্যমে ২৮-০৬-২০২১ তারিখ পর্যন্ত MINA (Mind Inspired to National Achievement)দলের ১০০ জন সদস্যাকে ই-লার্নিং পদ্ধতিতে ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।





তথ্য আপা প্রকল্পের ২৮/০৬/২০২১ তারিখে জুম অনলাইন প্ল্যাটফর্মে প্রশিক্ষণ কার্যক্রম।

ওয়েব পোর্টাল, তথ্য ভান্ডার ও আইপি টিভি সংস্কার

গ্রামীণ সুবিধা বঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন করা তথ্যআপা প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রকল্পের আওতায় ৪৯০টি উপজেলায় প্রতিষ্ঠিত ৪৯০টি তথ্য কেন্দ্রের মাধ্যমে তথ্য প্রযুক্তিসহ শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, ব্যবসা, আইনি পরামর্শ, নারীর প্রতি সহিংসতা এবং জেন্ডার বিষয়ে সুবিধাবঞ্চিত মহিলাদের সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে।বর্ণিত সেবাসমূহ প্রদানের গুরুত্বপূর্ণ মাধ্যম হলো তথ্যআপা প্রকল্পের ওয়েব পোর্টাল, তথ্য ভান্ডার ও আইপি টিভি। প্রকল্পের আওতায় ওয়েব পোর্টাল, তথ্য ভান্ডার ও আইপি টিভি'র সংস্কার করা হয়েছে। প্রকল্পের আইপি টিভি নির্মাণ করে তা Bangladesh National Data Center এ হোস্ট করা হয়েছে। নিম্নোক্তURLএর মাধ্যমে সর্বজনীনভাবে accessকরা যাবে।

ই-কমার্স সহায়তা

তথ্য আপা প্রকল্পের সুনির্দিষ্ট লক্ষ্য এর মধ্যে অন্যতম হচ্ছে **তথ্যকেন্দ্রের মাধ্যমে ই-কমার্স সহায়তা** প্রদান। উক্ত লক্ষ্য বাস্তবায়নের জন্য তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়)এর আওতায় একটি ই-কমার্স মার্কেটপ্লেস পরিচালনার উদ্যোগ হিসেবে "**লাল সবুজ ডটকম**" প্ল্যাটফর্ম এর উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গত ৮ই জুলাই ২০২১ তারিখেই-কমার্স মার্কেট প্লেস'লাল সবুজ ডটকম' এর উদ্বোধন করা হয়। প্লাটফর্মটিকে https://laalsobuj.com/ ডোমেইনে URLএর মাধ্যমে সর্বজনীনভাবে browse করা যাবে। মার্কেট প্লেইসটিতে প্রায় ১২০০০ উদ্যোক্তা সংযুক্ত হয়েছেন।

গ্রামীণ উদ্যোক্তা ও ভোক্তাদের ই-কমার্সে অন্তর্ভূক্তকরণের উদ্দেশ্যে একটি ই-কমার্স মার্কেটপ্লেস তৈরি করা হয়েছে।মার্কেট প্লেসে বিক্রয়যোগ্য পণ্য নির্বাচন, পণ্যের গুনগত মান নির্ণয়, পণ্য সংগ্রহ, বাজার পর্যালোচনা, উদ্যোক্তা সংগ্রহ, উদ্যোক্তা ও ভোক্তা নিবন্ধন, বিক্রয় কার্যক্রম সম্পন্নকরণ, পণ্য ক্রেতার নিকট পৌঁছানো, বিল পরিশোধ, মনিটরিং, ক্রেতার অনুসন্ধানের জবাব প্রদান, প্রচার, সার্বক্ষণিক কারিগরী সহায়তা নিশ্চিতকরণ ইত্যাদি বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠান বাংলাদেশ ফরেন ট্রেড ইনস্টিটিউট কে দায়িত্ব প্রদান করা হয়েছে। দেশব্যাপী তথ্যআপা প্রকল্পে কর্মরত প্রশিক্ষণপ্রাপ্ত তথ্যআপাদের নেটওয়ার্ককে কাজে লাগিয়ে ই-কমার্সকে প্রত্যন্ত অঞ্চলে তৃণমূল নারীদের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষ্যে তথ্যআপারা উপজেলায় উদ্যোক্তা নির্বাচন, তাদের মোটিভেশন প্রদান ও তাদের পণ্য ই-কমার্স প্ল্যাটফর্মে উপস্থাপন কাজে সহায়তা করবে। গ্রামীণ নারী উদ্যোক্তারা এই প্ল্যাটফর্মে তাদের উৎপাদিত ও সংগৃহীত পণ্য বিক্রয় করে আর্থিকভাবে লাভবান হবেন। তাদের জীবন যাত্রার মান উন্নয়ন হবে। তাদের আর্থিক ক্ষমতায়ন নিশ্চিত হবে।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেছা ইন্দিরা এমপি
তথ্য আপা: ই-কমার্স মার্কেটপ্লেস 'লাল সবুজ ডটকম' এর উদ্বোধন।

অনলাইন হাজিরা মেশিন ও পোর্টেবল সাউন্ড সিস্টেম ক্রয়ঃ

তথ্যআপা প্রকল্প (২য় পর্যায়) এর কার্যক্রম তথ্যপ্রযুক্তি ভিত্তিক। বাংলাদেশের সকল উপজেলায় প্রকল্পের কার্যক্রম পরিচালনা/ পর্যবেক্ষণের জন্য অনলাইন হাজিরা মেশিন ক্রয় করা হয়েছে। তথ্যকেন্দ্রে উঠান বৈঠক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পোর্টেবল সাউন্ড সিস্টেম ক্রয় করা হয়েছে। প্রকল্পের আওতায় ৪৯২ টি উপজেলায় প্রতিষ্ঠিত ৪৯২ টি তথ্যকেন্দ্রের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রতিটি তথ্যকেন্দ্রে ১টি করে অনলাইন হাজিরা মেশিন ও সাউন্ড সিস্টেমক্রয়পূর্বক তথ্যকেন্দ্রসমূহে ইন্সটলেশান কার্যক্রম চলমান রয়েছে।

ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম সফ্টওয়্যারঃ

ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম সফ্টওয়্যার ডেভেলপমেন্টের মাধ্যমে প্রধান কার্যালয়ের সাথে ৪৯০টি তথ্যকেন্দ্রের সার্বক্ষণিক যোগাযোগ, বিভিন্ন রিপোর্ট, তথ্য আদান-প্রদান, সেবাগ্রহীতাদের ডাটাবেইজ প্রস্তুতের লক্ষ্যে RFP(ওপেন টেন্ডার)এর মাধ্যমে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম সফ্টওয়্যার নির্মাণ প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম সফ্টওয়্যার এর ১২টি মডিউল তৈরী করা হয়েছে।

১৬.৩ নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)

নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়)" ১ম সংশোধন শীর্ষক প্রকল্পটি শহর অঞ্চলের দরিদ্র, দুঃস্থ, বিত্তহীন ও অনগ্রসর মহিলাদের কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম ও দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার সুযোগ সৃষ্টির লক্ষ্যে জুলাই ২০১৬ হতে জুন ২০২১ মেয়াদে ৮৯৭৫.০০ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় ঢাকা মহানগরীতে ১০টি প্রশিক্ষণ কেন্দ্র, অন্য ৬২টি জেলা শহরে ৬২টি প্রশিক্ষণ কেন্দ্র এবং ৩টি উপজেলায় (ভৈরব, কালীগঞ্জ ও বাকেরগঞ্জ) ৩টি প্রশিক্ষণ কেন্দ্রসহ মোট ৭৫টি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। এই সকল প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ১০টি বিভিন্ন ট্রেডে মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

করোনা প্রাদুর্ভাবের কারণে প্রশিক্ষণ ঘাটতি পূরণের জন্য প্রকল্পের মেয়াদ ০১ বছর বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ২য় সংশোধিত প্রকল্পের ব্যয় ৯৯৮৩.০০ লক্ষ (নিরানব্বই কোটি তিরাশি লক্ষ) টাকা । প্রকল্প মেয়াদে মোট ৫৩৬০০ জন প্রান্তিক নারীকে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

প্রকল্প মেয়াদে অর্থাৎ জুলাই ২০১৬ হতে জুন ২০২১ পর্যন্ত মোট ৪৯৫০০ জন নারীকে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রকল্পের আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে মোট ৬৩৫০ জন নারীকে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্পের শুরু হতে অর্থাৎ এপ্রিল, ২০১৭ হতে জুন, ২০২১ পর্যন্ত মোট ৪২৩৫০ জন নারীকে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এদের মধ্য হতে ৪৫৯৩ জন উদ্যোক্তা তৈরী হয়েছে।

নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন (২য় পর্যায়)" এরমাধ্যমে বিউটিফিকেশন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে

প্রকল্পের প্রশিক্ষণ ট্রেডসমূহ

(১) সেলাই ও এমব্রয়ডারী, (২) ব্লক-বাটিক এন্ড স্ক্রীণ প্রিন্ট,
(৩) সাবান-মোমবাতি ও শোপিস তৈরী,
(৪) বাইন্ডিং এন্ড প্যাকেজিং, (৫) পোলট্রি উন্নয়ন,
(৬) খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ, (৭) চামড়াজাত দ্রব্য তৈরী,
(৮) নকশী কাঁথা ও কাটিং, (৯) মোবাইল সার্ভিসিং এবং (১০) বিউটিফিকেশন।

এই প্রকল্পের প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ০৪ (চার) মাস। প্রতি ব্যাচে সকাল ও বিকাল ০২ শিফটে (২৫+২৫)=৫০জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ প্রদানকালে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- টাকা হারে ভাতা প্রদান করা হচ্ছে।

নকশী কাঁথা ও কাটিং প্রশিক্ষণ

সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ

ব্লক-বাটিক ও স্ক্রীণ প্রিন্ট প্রশিক্ষণ

খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রশিক্ষণ

পোলট্রি উন্নয়ন প্রশিক্ষণ

মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ

এই প্রকল্পের মাধ্যমে শহর অঞ্চলের দরিদ্র, দুঃস্থ ও বিত্তহীন প্রান্তিক মহিলাদের কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম ও দক্ষ জনশক্তি হিসাবে গড়ে তোলার সুযোগ সৃষ্টি হবে। এর মাধ্যমে দারিদ্র বিমোচন এবং দরিদ্র, দুঃস্থ ও বিত্তহীন মহিলাদের জাতীয় উন্নয়নে পুরুষের সমকক্ষ করে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী ও আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে।

১৬.৪ অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (৩য়পর্যায়)

সুবিধা বঞ্চিত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আত্ম-নির্ভরশীলতা অর্জনে উদ্ধুদ্ধ ও সহায়তা প্রদানের পাশাপাশি নারী সমাজকে মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় জাতীয় মহিলা সংস্থা জুন ২০১৫ সাল থেকে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (৩য়পর্যায়) গ্রহণ করেছেন।

- প্রকল্পের মেয়াদ : জুলাই ২০১৫ থেকে ডিসেম্বর ২০২০
- প্রাক্কলিত ব্যয় (২য় সংশোধিত): ৯৯৩৪.১৫ লক্ষটাকা
- ২০১৯-২০ অর্থবছরের বরাদ্দ: ১৫১৮.৫০ লক্ষ টাকা
- অর্থের উৎস : জিওবি
- জনবল : ৪১জন

প্রকল্পের উদ্দেশ্য

দীর্ঘ মেয়াদী	স্বল্প মেয়াদী
বেকার ও সুবিধা বঞ্চিত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আত্ম-নির্ভরশীলতা অর্জনে উদ্বুদ্ধ ও সহায়তা প্রদানের পাশাপাশি নারী সমাজকে মানবসম্পদেপরিণত করা।	▶ প্রশিক্ষণের মাধ্যমে ৮৯,৫৫০ জন নারীর উন্নয়ন এবং ক্ষমতায়ন। ▶ নারী উদ্যোক্তাদের দ্বারা উৎপাদিত পণ্য সামগ্রী বিপণনে সহায়তা প্রদান করা। ▶ নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন ও অভিজ্ঞতা বিনিময়ের পাশাপাশি তাদের উৎপাদিত পণ্য সামগ্রী বিপণনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের উদ্যোগে প্রশিক্ষণ কেন্দ্রের সাথে ৩০টি বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র এবং চাহিদা অনুযায়ী ১৪টি পার্লার স্থাপন করা। ▶ প্রশিক্ষণ কেন্দ্রের সকল প্রশিক্ষণার্থীদের নিয়ে একটি তথ্য ব্যাংক স্থাপন করা।

প্রকল্প এলাকা : (৩০ টি নির্বাচিত উপজেলা)

ঢাকা হেডঅফিস, মুন্সিগঞ্জ সদর, টুঙ্গিপাড়া, কোটালিপাড়া, গজারিয়া, কালিগঞ্জ, গাজীপুর সদর, মোহনগঞ্জ, টাঙ্গাইল সদর ,হোসাইনপুর , পলাশ, নকলা, কসবা, সরাইল, কক্সবাজার, দেবিদ্বার, খাগড়ছড়ি সদর ,সুনামগঞ্জ সদর, হবিগঞ্জ সদর, বাকেরগঞ্জ, মির্জাগঞ্জ, ঝালকাঠি সদর, ভোলা সদর, গোদাগাড়ি, শিবগঞ্জ, খুলনা মেট্রোপলিটন সিটি, যশোর সদর, পাটগ্রাম, মেহেরপুর সদর এবংপীরগঞ্জ।

প্রকল্পের প্রশিক্ষণের বিষয় , মেয়াদ ও সংখ্যা:

ক্রঃ নং	প্রশিক্ষণের বিষয়	মেয়াদ	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১	বিউটিফিকেশন	৬৫দিন	১৬,০০০
২	ক্যাটারিং	৬৫দিন	১৬,০০০
৩	ফ্যাশন ডিজাইন	৬৫দিন	১৬,০০০
৪	বী এন্ড মাশরুম কালটিভেশন	৬৫দিন	১৫,৫০০
৫	ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট মেনেজমেন্ট	৬৫দিন	৫৫০
৬	বিজনসে ম্যনেজম্যান্ট এন্ড ই-কর্মাস		২৫,৫০০
		মোট	৮৯,৫৫০

বিউটিফিকেশন প্রশিক্ষণ,বী এন্ড মাশরুম কালটিভেশন প্রশিক্ষণ

প্রশিক্ষণ:

অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন (৩য় পর্যায়) প্রকল্পের অধীনে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগে ২৬টি জেলার ৩০টি প্রশিক্ষণ কেন্দ্রে ২০২০-২০২১ অর্থ বছরে ৬টি বিষয়ে ৪৩৪ ব্যাচে মোট ১০,৮৫০ জন বেকার ও সুবিধা বঞ্চিত নারীকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সে অনুযায়ী ৩০ টি প্রশিক্ষণ কেন্দ্রে বিষয় ভিত্তিক প্রতি ব্যাচে ২৫ জন করে ৬টি ট্রেডে মোট ৪৩৪ ব্যাচে ১০,৮৫০ জন বেকার ও সুবিধা বঞ্চিত নারীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

২০১৯-২০২০অর্থবছরে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, ময়মনসিংহ ও রংপুর বিভাগে লক্ষ্যমাত্রা অনুযায়ি বিষয় ভিত্তিক অগ্রগতি :

ট্রেডেরনাম	লক্ষ্যমাত্রা		অগ্রগতি		ড্রপআউট	অর্জন
	ব্যাচ	সংখ্যা	ব্যাচ	সংখ্যা	-	
বিউটিফিকেশন	৮০ব্যাচ	২,০০০জন	৮০ব্যাচ	২,০০০জন	-	১০০%
ক্যাটারিং	৮৬ব্যাচ	২,১৫০জন	৮৬ব্যাচ	২,১৫০জন	-	১০০%
ফ্যাশন ডিজাইন	৮৬ব্যাচ	২,১৫০জন	৮৬ব্যাচ	২,১৫০জন	-	১০০%
বী এন্ড মাশরুম কালটিভেশন	৭৪ব্যাচ	১,৮৫০জন	৭৪ব্যাচ	১,৮৫০জন	-	১০০%
ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট মেনেজমেন্ট	০২ব্যাচ	৫০জন	০২ব্যাচ	৫০জন	-	১০০%
বিজনসে ম্যনেজম্যান্ট এন্ড ই-কর্মাস	১০৬ব্যাচ	২,৬৫০জন	১০৬ব্যাচ	২,৬৫০জন	-	১০০%
মোট	৪৩৪ব্যাচ	১০,৮৫০জন	৪৩৪ব্যাচ	১০,৮৫০জন	-	১০০%

প্রশিক্ষণার্থীদের ভাতা প্রদান

দরিদ্র ও হত দরিদ্র মহিলাদের অর্থনৈতিকভাবে আত্মনির্ভরশীল হিসাবে গড়ে তোলার লক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা পরিচালিত অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় ৬টি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণার্থীদের প্রতিদিন আসা যাওয়া বাবদ ১০০ টাকা হারে যাতায়ত ভাতা প্রদান করা হয়। ২০২০-২০২১অর্থবছরের ১০,৮৫০ জন প্রশিক্ষণার্থীদের মধ্যে ভাতা বিতরণ করা হয়েছে।

বিক্রয় কেন্দ্র

অনেক ক্ষেত্রে দেখা যায় নারী উদ্যোক্তারা তাদের উৎপাদিত পণ্য বাজারজাত করতে নানা সমস্যার সম্মুখিন হয়। আর্থসামাজিক অবস্থা ও উপযুক্ত সুযোগের অভাবে নতুন উদ্যোক্তারা তাদের উৎপাদিত পণ্য সঠিকভাবে বাজারজাত করতে পারেনা। তাই নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য ও প্রকল্পের প্রশিক্ষণ কেন্দ্রের উৎপাদিত পণ্য সারাদেশে প্রশিক্ষণ কেন্দ্র সংলগ্ন ৩০টি বিক্রয় কেন্দ্রের মাধ্যমে বাজারজাত করা হয়েছে।নারী উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বাজারজাত করার জন্য রাজধানীর এলিফ্যান্ট রোডে ইষ্টার্ণ মল্লিকা শপিংকমপ্লেক্স-এ উন্মেষ নামে একটি বিক্রয় কেন্দ্র রয়েছে। উক্ত বিক্রয় কেন্দ্রটি ১০(দশ) জন নারী উদ্যোক্তার অংশগ্রহণের মাধ্যমে পরিচালিত হচ্ছে।

বিউটি পার্লারস্থাপন

প্রশিক্ষিত বেকার ও উদ্যোগী নারীদের জীবন জীবিকার অবস্থা পরিবর্তনের জন্য হাতে কলমে শিক্ষাকে কাজে লাগিয়ে আত্মর্কমসংস্থানের জন্য সারাদেশে ১৪ টি বিউটি পার্লার স্থাপন করা হয়। ১.ঢাকা, ২. কক্সবাজার, ৩. খুলনা মেট্রোপলিটন, ৪.সরাইল, ৫. মুন্সীগঞ্জ, ৬. যশোর, ৭. কালিগঞ্জ, ৮. খাগড়াছড়ি, ৯. টাঙ্গাইল, ১০. বরিশাল, ১১. মেহেরপুর, ১২. চিতলমারী, ১৩.পটুয়াখালী এবং ১৪. রংপুর।

১৭. জাতীয় মহিলা সংস্থারকর্মসূচি

গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার কর্মসুচি (২য় পর্যায়)

জাতীয় মহিলা সংস্থা কর্তৃক “গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার (২য় পর্যায়) শীর্ষক কর্মসূচির বাস্তবায়নের লক্ষ্যে জানুয়ারি ২০১৮ থেকে জুন ২০২১ মেয়াদে ৮৮৯.৪২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে পিপিএনবি এর আলোকে সংস্থার

নির্ধারিত ১৫টি জেলা/উপজেলা শাখায় উক্ত কর্মসূচির আওতায় ১৫টি ডে-কেয়ার সেন্টার বাস্তবায়ন করা হচ্ছে। কর্মসূচির আওতায় প্রতি মাসে ১৫টি সেন্টারে ৩০ জন করে মোট ৪৫০ জন শিশুকে দিবাকালীণ সেবা প্রদান করা হচ্ছে।

১.	কর্মসূচিরনাম	:	গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার কর্মসুচি (২য় পর্যায়)
২.	মন্ত্রণালয়/বিভাগ	:	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	জাতীয় মহিলা সংস্থা
৪.	কর্মসূচি পরিচালক	:	এ.কে.এম ইয়াহিয়া, সহকারী পরিচালক (অর্থ), জাতীয় মহিলা সংস্থা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৫.	কর্মসূচি এলাকা	:	গাজীপুর জেলায় ২টি (টঙ্গী ও বাসন), কালীগঞ্জ উপজেলায় ১টি, নারায়নগঞ্জ জেলায় ১টি (সদর), চট্টগ্রাম জেলায় ৩টি (বহদ্দারহাট, হালিশহর ও অক্সিজেন মোড়), সাভার উপজেলায় ৩টি (ইপিজেড, কর্ণপাড়া উলাইল ও আশুলিয়া), মানিকগঞ্জ জেলায় ১টি (জাগির), ঢাকা জেলায় ২টি (শেওড়াপাড়া/মিরপুর ও বাড্ডা/রামপুরা), কুমিল্লা জেলায় ১টি (ইপিজেড) ও রূপগঞ্জ উপজেলায় ১টি (তারাবো) মোট ১৫টি স্থানে কর্মসূচি বাস্তবায়ন হয়ে আসছে।
৬.	বাস্তবায়নকাল	:	জানুয়ারী ২০১৮-ডিসেম্বর ২০২০।
৭.	কর্মসূচির মোট বরাদ্দ	:	৮৮৯.৪২ লক্ষ টাকা।
৮.	কর্মসূচির মোট ব্যয়	:	৮৭০.৪০ লক্ষ টাকা (৯৮%)।
৯.	কর্মসূচির মূল কার্যক্রম	:	ক) গার্মেন্টস ও কারখানায় কর্মরত মহিলা শ্রমিকেরা দুঃশ্চিন্তা ও অসুবিধা হতে দুরে থেকে যাতে তাদের দায়িত্ব ও কর্তব্য পালন করতে পারে সেজন্য তাদের কর্মস্থলের আশে-পাশে ডে-কেয়ার সেন্টার স্থাপন তাদের শিশুদের নিরাপদ পরিবেশে সযত্নে দেখা শোনার সুযোগ সৃষ্টি করা; খ) গার্মেন্টস ও কারখানায় কর্মরত নারী শ্রমিকদের ১ থেকে ৬ বছর বয়সের সন্তানদের জন্য ১৫টি দিবাযত্ন কেন্দ্র স্থাপন করা; গ) শিশুদের সুস্থ শারীরিক ও মানসিক বিকাশের জন্য সুষম ও পুষ্টিকর খাদ্য সরবরাহ, স্বাস্থ্য সেবা পদ্রান, অক্ষরজ্ঞান দান, অভ্যন্তরীণ খেলাধুলা ও অন্যান্য বিনোদনমূলক কার্যক্রম গ্রহণ; ঘ) অর্থনৈতিক কর্মকান্ডের মূলস্রোতধারায় পূর্ণ অংশগ্রহণের মাধ্যমে নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন নিশ্চিত করা।
১০.	উপকারভোগীর সংখ্যা	:	১৩৫০ জন শিশুকে দিবাকালীন সেবা প্রদান।
১১.	সেশনসমূহ	:	প্রতি মাসে প্রতিটি সেন্টারে ৩০ জন করে ১৫টি সেন্টারে মোট ৪৫০ জন শিশুকে সকাল ৮.০০ ঘটিকা থেকে সন্ধ্যা ৬.০০ ঘটিকা পর্যন্ত দিবাকালীন মায়ের আদরে পরিচর্যা, প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান, অক্ষরজ্ঞান দান, পুষ্টি ও মানসিক স্বাস্থ্য গঠন, সুষ্ঠু পারিপার্শ্বিক ও সামাজিক পরিবেশ সম্পর্কে সচেতন করা এবং অভ্যন্তরীণ খেলাধুলা ও অন্যান্য বিনোদনমূলক কার্যক্রম গ্রহণ করা হয়। এছাড়া শিশুদের বিনামূল্যে দৈনিক ৩ (তিন) বার সুষম ও পুষ্টিকর খাদ্য সরবরাহসহ শিশুদের মাঝে স্বদেশ প্রেম, নৈতিক শিক্ষা, শৃঙ্খলা, জাতীয় ঐতিহ্যের প্রতি শ্রদ্ধাবোধ গড়ে তোলা এবং সুবিধাবঞ্চিত শিশুদের প্রাকশিক্ষা দানের মাধ্রমৈ বিদ্যালয়মূখী করণ করা হয়।

সংস্থার মাননীয় চেয়ারম্যান এবং নির্বাহী পরিচালক মহোদয়
গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার পরিদর্শন।

জাতীয় মহিলা সংস্থার কেন্দ্রীয়কার্যালয়সহ ৬৪ জেলা ও ৫০ উপজেলা কার্যালয়ে কার্যক্রম করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব জনিত পরিস্থিতি মোকাবেলায় সচেতনতা বৃদ্ধিমূলক নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয় :

(১) সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের নিরাপদ দূরত্ব বজায় রেখে এবংস্বাস্থ্যবিধি মেনে সীমিত আকারে অফিস পরিচালনা করা।
(২) বাধ্যতামূলক মাস্ক,হ্যান্ড গ্লাবস ও হ্যান্ডসেনিটাইজার ব্যবহারকরা।
(৩) নিয়মিত অফিস প্রাঙ্গণ পরিস্কার-পরিচ্ছন্ন এবং জীবানু মুক্ত রাখা।
(৪) কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলত্যাগ না করা।
(৫) সরকার/মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন করা হয়।

তৃতীয় অধ্যায়

৭. মন্ত্রণালয়ের প্রকল্পসমূহ

৭.১ নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামঃ

বাংলাদেশ ও ডেনমার্ক সরকারের যৌথ উদ্যোগে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম এর ৪র্থ পর্ব জুলাই ২০১৬ হতে শুরু হয়েছে এবং জুন ২০২২ সালে সমাপ্ত হবে। এ প্রকল্পের সহযোগী মন্ত্রণালয়গুলো হচ্ছে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের এই ফ্ল্যাগশীপ প্রকল্পটি বিগত জুলাই ২০০০ খ্রি: হতে চলমান রয়েছে।

প্রকল্পের উদ্দেশ্যাবলী:

সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও বেসরকারী সংস্থাসমূহের সাথে সমন্বিত উদ্যোগের মাধ্যমে নারী ও শিশু নির্যাতনে সহিংসতা হ্রাস করা এবং সেবা কার্যক্রম জোরদারকরণ করা ।

সুনির্দিষ্ট উদ্দেশ্যাবলী হচ্ছে:

- নারী নির্যাতন প্রতিরোধকল্পে সমন্বিত গুনগতমানসম্পন্ন, দক্ষ ও টেকসই সেবা প্রদান।
- নারী নির্যাতনের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি এবং নারী নির্যাতন প্রতিরোধকল্পে সরকারের গৃহীত পদক্ষেপ ও কার্যক্রম সম্পর্কে জনগণ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সচেতন করে এতসংক্রান্ত সেবাসমূহ গ্রহণের জন্য উদ্বুদ্ধ করা।
- সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার দক্ষতা বৃদ্ধিসহ সমন্বিতভাবে ন্যাশনাল সেন্টার অন জেন্ডার বেইজড ভায়োলেন্স এর কার্যক্রম পরিচালনা করা।
- বহুমূখী সমন্বিত কৌশলের মাধ্যমে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা (২০১৮-২০৩০) বাস্তবায়ন করা।
- নারী নির্যাতন প্রতিরোধ ও প্রতিকারের লক্ষ্যে সুনির্দিষ্ট আইন ও পদ্ধতি সংস্কারে সহায়তা করা।

প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ১৩১৯৩.৫৯ লক্ষ টাকা (জিওবি ৭৮৫১.৩৬ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ৫৩৪২.২৩ লক্ষ টাকা) । ২০২০-২১ অর্থ বছরের আরএডিপি অনুযায়ী মোট বরাদ্দ ২১০০.০০ লক্ষ টাকা (জিওবি ১৪০০.০০ এবং প্রকল্প সাহায্য ৭০০.০০ লক্ষ টাকা)।

প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহ

১। ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি)(১৩)

প্রকল্পের আওতায় ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরিশাল, রংপুর, ফরিদপুর, কক্সবাজার, বগুড়া, পাবনা, নোয়াখালী ও কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে নির্যাতনের শিকার নারী ও শিশুদের প্রয়োজনীয় সকল সেবা একস্থান থেকে প্রদানের উদ্দেশ্যে ১৩টি ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি) স্থাপন করা হয়েছে। স্বাস্থ্য সেবা, পুলিশী ও আইনী সহায়তা, মনোসামাজিক কাউন্সেলিং, আশ্রয়সেবা এবং ডিএনএ পরীক্ষার সুবিধা ওসিসি হতে প্রদান করা হয়। শারীরিক, যৌন এবং দগ্ধ এই তিন ধরণের নির্যাতনের শিকার নারী ও শিশুকে ওসিসি হতে সেবা প্রদান করা হয়। শুরু হতে জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ৪৭২৮১ জন নারী ও শিশুকে ওসিসিসমূহ হতে সেবা প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে মোট ৪৭৬০ জন নির্যাতনের শিকার নারী ও শিশুকে প্রয়োজনীয় সেবা প্রদান করা হয়েছে। অতি শীঘ্রই ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে আরো একটি ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার চালু হবে। পাশাপাশি যশোর ও কুষ্টিয়া জেলায় ওসিসি স্থাপনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

২। ওয়ান-স্টপ ক্রাইসিস সেল (৬৭)

দেশব্যাপী নির্যাতনের শিকার নারী ও শিশুদের সেবাপ্রাপ্তির সুবিধার্থে ৪৭টি জেলা সদর হাসপাতাল এবং ২০টি উপজেলা স্বাস্থ্য কমপেক্সে মোট ৬৭টি ওয়ান-স্টপ ক্রাইসিস সেল স্থাপন করা হয়েছে। সেলসমূহ জেলা ও উপজেলা পর্যায়ে নির্যাতনের শিকার নারী ও শিশুদের প্রয়োজনীয় সেবা প্রদানের লক্ষ্যে বিভিন্ন সরকারি সংস্থা, বেসরকারি সংগঠন, নাগরিক সমাজ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে যোগসূত্র স্থাপন করে। জানুয়ারি ২০১৩ হতে জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত ৮৭৪৯২ জন নির্যাতনের শিকার নারী ও শিশুকে বিভিন্ন সহায়তা প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে ওয়ান-স্টপ ক্রাইসিস সেল হতে মোট ১৮৭৪৬ জন বিভিন্ন ধরণের নির্যাতনের শিকার নারী ও শিশুকে প্রযোজনীয় সেবা প্রদান করা হয়েছে।

৩। ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী

নির্যাতনের শিকার নারী ও শিশুর দ্রুত ও ন্যায় বিচার নিশ্চিত করতে ঢাকা মেডিকেল কলেজ ক্যাম্পাসে ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে। বিভিন্ন ঘৃণ্যতম অপরাধ যেমন ধর্ষণ, হত্যা ইত্যাদি দমনে এই ল্যাবরেটরীর মাধ্যমে পুলিশ ও অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে সহায়তা প্রদান করা হয়। এছাড়াও ডিএনএ পরীক্ষার মাধ্যমে বিভিন্ন সমস্যা যেমন পিতৃত্ব অথবা মাতৃত্বের প্রমাণ, বিদেশে অধিবাসী হতে ইচ্ছুকদের প্রয়োজনীয় ডিএনএ পরীক্ষা অথবা বংশের ধারা প্রমাণ এবং বিভিন্ন দুর্যোগে ও দুর্ঘটনায় নিখোঁজ, মৃত মানুষের পরিচিতি উদ্ধারে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। বিচার ব্যবস্থায় এবং আইন প্রয়োগকারী সহায়তা সংস্থাকে সাহায্য করা ছাড়াও এই ল্যাবরেটরী তাজরীন ফ্যাশন্স এর অগ্নিকান্ডের ঘটনা এবং রানা প্লাজা ধসে অজ্ঞাত মৃতদেহ শনাক্তকরণের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ২০০৬ হতে জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ৬৯৭০ টি মামলার প্রেক্ষিতে ২৫০৩০ টি নমুনার ডিএনএ পরীক্ষা সম্পন্ন হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে ১০৭০টি মামলার প্রেক্ষিতে ডিএনএ পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।

৪। বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরী (৭)

দেশব্যাপী নির্যাতনের শিকার নারী ও শিশুদের সহায়তার জন্য রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, খুলনা, রংপুর এবং ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে। এই ল্যাবরেটরীসমূহ দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে গৃহীত মামলার নমুনা সংগৃহীত করে ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীতে ডিএনএ পরীক্ষা জন্য প্রেরণ করে। ২০০৭ হতে জুন ২০২১ পর্যন্ত ৫০৩৭টি এবং ২০২০-২০২১ অর্থ বছরে ১১৪৬ টি মামলার প্রেক্ষিতে ডিএনএ পরীক্ষার নমুনা ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরীতে প্রেরণ করা হয়েছে।

৫। ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার (১)

নির্যাতনের শিকার নারী ও শিশুদের জন্য মনোসামাজিক কাউন্সেলিং সহায়তাকে অধিকতর জোরদার ও ফলপ্রসূ করার লক্ষ্যে প্রোগ্রামের উদ্যোগে ঢাকায় ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার স্থাপন করা হয়েছে। এই সেন্টার হতে সকল ধরণের নির্যাতনের শিকার নারী ও শিশুদের মনোসামাজিক কাউন্সেলিং সহায়তা প্রদান করা হয়। বাংলাদেশের মনোসামাজিক কাউন্সেলিং সেবার প্রসার ঘটানোর জন্য ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার নানাবিধ সেমিনার এবং কর্মশালার আয়োজন করেছে। এছাড়াও মনোসামাজিক কাউন্সেলিং সেবার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সমূহের সাথে যোগসূত্র স্থাপন করেছে। ওসিসি, ডিএনএ ল্যাবরেটরী, সরকারি-বেসরকারি এবং আন্তর্জাতিক সংস্থার কর্মকর্তা এবং বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষকসহ মোট ৩৮৩০ জনকে কাউন্সেলিং সম্পর্কিত সচেতনতা, মৌলিক দক্ষতা, কমিউনিটি এবং সাপোর্টিভ কাউন্সেলিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আগস্ট ২০০৯ হতে জুন ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত এই সেন্টার হতে মোট ১৭৯০ জন নারী ও শিশুকে মনোসামাজিক কাউন্সেলিং সেবা প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে এই সেন্টার হতে মোট ১২৫ জন নারী ও শিশুকে বিভিন্ন সেশনের মাধ্যমে মনোসামাজিক কাউন্সেলিং প্রদান করা হয়েছে। প্রতিবছরবিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষে ১০ অক্টোবর তারিখে ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের যৌথ উদ্যোগে সেমিনার এর আয়োজন করা হচ্ছে।

৬। রিজিওনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার (৮)

নির্যাতনের শিকার নারী ও শিশুর মনোসামজিক কাউন্সেলিং সেবা প্রাপ্তির সুবিধার্থে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, সিলেট, খুলনা, বরিশাল, রংপুর, ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে রিজিওনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার স্থাপন করা হয়েছে। এসকল সেন্টার হতে ২০১৭ হতে জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত ১৩৯৯৫ জনকে মনোসামাজিক কাউন্সেলিং সেবা প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে এইসকল সেন্টার হতে মোট ৩৪৬৭ জন নারী ও শিশুকে মনোসামাজিক কাউন্সেলিং প্রদান করা হয়েছে।

৭। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন সেন্টার

প্রকল্পের আওতায় ১৯ জুন ২০১২ খ্রিঃ তারিখে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে। এই সেন্টারে টোলফ্রি হেল্পলাইন ১০৯ নম্বরে ফোন করে নির্যাতনের শিকার নারী ও শিশু, তাদের পরিবার এবং সংশ্লিষ্ট সকলে প্রয়োজনীয় তথ্য, পরামর্শসহ দেশে বিরাজমান সেবা এবং সহায়তা পেয়ে থাকে। তন্মধ্যে অধিকাংশ ফোন ভিকটিম ও তার পরিবারের সদস্যগণ তথ্য জানার জন্য করেন। এছাড়া আইনী, চিকিৎসা, মানসিক কাউন্সেলিং এর সহায়তা পাওয়ার জন্যও অনেকে ফোন করেন। এই সেন্টারে যে সকল ভিকটিম ফোন করেছেন তাদের অধিকাংশই শারীরিক, যৌন, মানসিক নির্যাতনের শিকার। পাশাপাশি বিভিন্ন রকম আর্থিক সাহায্য, প্রশিক্ষণ, বাল্যবিবাহ বন্ধ, সম্পত্তি নিয়ে সমস্যা ইত্যাদি বিষয়ে সহায়তার জন্যও অনেকে ফোন করেন। এই হেল্পলাইন সেন্টার যৌন হয়রানি প্রতিরোধ ও বাল্য বিবাহ বন্ধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছে। জুন ২০১২ হতে জুন ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত এই হেল্পলাইন সেন্টারে মোট ৪৮৪৮১৩৫ টি ফোন গ্রহণ করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে ন্যাশনাল টোল ফ্রি হেল্পলাইন ১০৯ হতে মোট ১০৫২০৫৮ টি কল গ্রহণ করা হয়েছে। গড়ে প্রতিদিন ৪-৫ হাজার কল রিসিভ করা হতো। কিন্তু বর্তমানে আইভিআর সেট করা এবং অপ্রয়োজনীয় ফোন বিশেষ করে তথ্য ও সেবা ৩৩৩ থেকে আগত কল বাদ দেয়াতে ২৫০০-৩০০০ কল গ্রহণ করা হয়। ২০২১ সালের ৩য় শ্রেণি হতে দ্বাদশ শ্রেণির পাঠ্যপুস্তুকে ১০৯ এবং এর সুবিধাদি সন্নিবেশ করা হয়েছে। সকল সরকারী ওয়েবসাইটে ১০৯ আপলোড করা হয়েছে।

৮। নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে মোবাইল অ্যাপস ‘জয়’

নির্যাতনের শিকার নারী ও শিশুকে তাৎক্ষণিকভাবে সহায়তা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রোগ্রামের সহায়তায় স্মার্টফোনে ব্যবহারযোগ্য মোবাইল অ্যাপস ‘জয়’ তৈরী করা হয়েছে। যখন নারী কিংবা শিশু নির্যাতনের শিকার হতে যাচ্ছেন তখন এই অ্যাপসটি ক্লিক করলে তাৎক্ষণিকভাবে ন্যাশনাল হেল্পলাইন সেন্টার (টোলফ্রি হেল্পলাইন ১০৯) এবং অ্যাপসে প্রদত্ত ৩টি এফএনএফ নম্বরে জিপিএস লোকেশনসহ ম্যাসেজ চলে যাবে। সাথে সাথে হেল্পলাইনের কর্মকর্তাগণ ভিকটিমকে সহায়তার জন্য পুলিশ ও অন্যান্যদের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। এই অ্যাপস স্বয়ংক্রিয়ভাবে কথোপকথন সংরক্ষণ করে এবং একটি নির্দিষ্ট সময় পর পর ছবি তোলে। পাশাপাশি আলাপচারিতা ও ছবি নির্ধারিত সার্ভারের মাধ্যমে ১০৯ বরাবর পৌঁছে যায়। জুলাই ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত মোট ৪৯৪৩ জন অ্যাপসটি ইনস্টল করেছেন এবং ১৪৫৫ জনকে বিভিন্ন সহায়তা প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে মোট ৩২৭ জন অ্যাপসটি ইনস্টল করেছেন এবং মোবাইল অ্যাপস জয় হতে ১৩৯জনকে সহায়তা প্রদান করা হয়েছে।

৯। রোহিঙ্গা নারী ও শিশুদের জন্য বিশেষ কার্যক্রম

সাম্প্রতিক সময়ে মিয়ানমার হতে আগত রোহিঙ্গা নারী ও শিশুকে মনোসামাজিক কাউন্সেলিং এবং সমন্বিত সেবা প্রদানের উদ্দেশ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামের আওতায় কক্সবাজারের উখিয়া উপজেলায় কুতুপালং এ ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, রিজিওনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার এবং কুতুপালং এবং বালুখালীতে ১৩টি মেন্টাল হেলথ সার্ভিস সেন্টার স্থাপন করা হয়েছে। ২০১৭ এর অক্টোবর হতে জুন ২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১৪৯,২৪৯ জন রোহিঙ্গা নারী ও শিশুকে

মনোসামাজিক কাউন্সেলিং প্রদান করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে ৪৭৬৪৩ জন রোহিঙ্গা নারী ও শিশুকে মনোসামাজিক কাউন্সেলিং প্রদান করা হয়েছে।

১০। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম:

প্রকল্পের বিভিন্ন কাযর্ক্রমের উপর ব্রশিউর, লিফলেট, প্রকাশনা দেশব্যাপী সরকারি ও বেসরকারী সংস্থার মধ্যে বিতরণ করা হয়। ন্যাশনাল হেল্পলাইন ১০৯ ও ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার এবং রিজিওনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার কর্তৃক অনলাইন/টেলি কাউন্সেলিং সেবা সংক্রান্ত টিভি স্ক্রল তৈরী এবং টেলিভিশনে প্রচার করা হয়। ওসিসি, ডিএনএ ল্যাবরেটরী, ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার, ন্যাশনাল হেল্পলাইন সেন্টার, জয় মোবাইল অ্যাপস ইত্যাদির উপর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সংশ্লিষ্ট পেশাজীবীদের জন্য প্রশিক্ষণ প্রদান ও এ সংক্রান্ত কমর্শালা, সেমিনার এর আয়োজন করা হয়। এছাড়াও আন্তর্জাতিক নারী দিবস ও আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়।

১৬দিন ব্যাপী নারী নির্যাতন প্রতিরোধপক্ষ-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য প্রদান করছেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, এমপি।

করোনা ভাইরাস মোকাবেলায় প্রকল্পের উদ্যোগসমূহ

- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামের কার্যক্রম করোনা ভাইরাস পরিস্থিতিতে ও স্বাভাবিক ভাবেই চলমান ছিল।
- ন্যাশনাল হেল্পলাইন ১০৯ নম্বরে ফোন বা এসএমএস এর মাধ্যমে করোনা ভাইরাস সর্ম্পকিত সহায়তা প্রদান করা হয়। ১০৯ হেল্প লাইন করোনা ভাইরাস সম্পকিত সরকারী ওয়েব সাইটে আপলোড ও জাতীয় স্বাস্থ্য বাতায়ন ১৬২৬৩ এর সাথে সমন্বয় করা হয়েছে ফলে সরাসরি চিকিৎসকের সেবা পাওয়া যাচ্ছে। এছাড়া ও একই সাথে মা টেলিহেলথ সেবা চালু করা হয়েছে। জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত ১০৯ মোট ১১৯০২টি করোনা সংন্ত্রান্ত ফোন রিসিভ করে।
- মনোসামাজিক কাউন্সেলিং প্রদানের জন্য ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার এবং রিজিওনাল ট্রমা কাউন্সেলিং সেন্টারের চিকিৎসা মনোবিজ্ঞানীগণ প্রতিদিন সকাল ৯টা হতে রাত ৯টা পর্যন্ত অনলাইন ও টেলি-কাউন্সেলিং সেবা প্রদান করছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে 'সাইকোস্যোসাল সাপোর্ট ফর করোনা ভাইরাস' নামে ফেইস বুকের মাধ্যমে এ বিষয়ে পরামর্শ প্রদান চলছে।
- প্রচার প্রচারণা জোরদার করার লক্ষ্যে ন্যাশনাল হেল্প লাইন ১০৯ এর লোগো সম্বলিত কাপড়ের মাস্ক তৈরী করে জেলা ও উপজেলা প্রশাসনসহ সংশ্লিষ্টদেও নিকট প্রেরণ করা হয়েছে। পাশাপাশি বিভিন্ন ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচার করা হয়।
- ন্যাশনাল হেল্পলাইন ১০৯ ও ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার এবং রিজিওনাল ট্রমা কাউন্সেলিং সেন্টার কর্তৃক অনলাইন/টেলিকাউন্সেলিং সেবা সংক্রান্ত টিভি স্ক্রল তৈরী এবং টেলিভিশনে প্রচার করা হয়।

অন্যান্য কার্যক্রম : নারী নির্যাতন ও এ সংক্রান্ত বিষয়ে আর্ন্তজাতিক সম্প্রদায়ের সাথে যোগাযোগ,বাল্য বিয়েরোধে কার্যক্রম, আর্ন্তজাতিক ও অভ্যন্তরীণ বিভিন্ন দিবস উদযাপন, অভ্যন্তরীন গবেষণামূলক কার্যক্রমসহ আর্ন্তজাতিক ও অভ্যন্তরীণ বিভিন্ন তথ্যভিত্তিক প্রতিবেদন তৈরী।

৭.২ Accelerating Protection for Children (APC) প্রকল্প

প্রকল্প ব্যয়ঃ ১১৫০৬.৪৮ লক্ষ টাকা (জিওবি ৬৬৬.৩৮ ও ইউনিসেফ ১০৮৪০.১০ লক্ষ টাকা)
প্রকল্প এলাকা: ২৬জেলা (জামালপুর, শেরপুর, নেত্রকোনা, টাঙ্গাইল, সুনামগঞ্জ, হবিগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, বান্দরবন, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারী, চাপাইনবাবগঞ্জ, সিরাজগঞ্জ, ভোলা, পটুয়াখালী, বরগুণা, গাজীপুরএবংময়মনসিংহ)

প্রকল্প মেয়াদঃ জুলাই ২০১৭-জুন ২০২১

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যঃ
ক) লক্ষ্যঃ ইউনিসেফ বাংলাদেশের কান্ট্রি প্রোগ্রাম ২০১৭-২০২০ এর আওতায় শিশু সুরক্ষা কর্মসূচির লক্ষ্য হচ্ছে সুনির্দিষ্ট বিনিয়োগের মাধ্যমে অভীষ্ট এলাকার শিশুদের প্রতি সহিংসতা, নির্যাতন, শোষণ এবং অবহেলার বিষয়ে সাড়াদানের মাধ্যমে উন্নত ও ন্যায় সংগত প্রতিরোধ ব্যবস্থার উন্নতি সাধন।

(খ) সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ
০১: পরিবার ও স্থানীয় জনগণের ক্ষমতায়নের মাধ্যমে বাংলাদেশের নারী, শিশু ও কিশোর-কিশোরী বিশেষ করে যারা সবচেয়ে বেশী সুবিধা বঞ্চিত (প্রতিবন্ধী বা শহরের দরিদ্র পরিবারে বসবাসরত, বিচ্ছিন্ন অঞ্চল ও দূর্যোগ প্রবণ এলাকায় বসবাসরত) তাদের সুরক্ষা প্রদান যেন তারা নিরাপদে উন্নত সামাজিক সেবাগুলো উপভোগ করতে এবং ইতিবাচক আচরণ করতে সমর্থ্য হয়।
০২: প্রাথমিক বিদ্যালয়ে পড়ার বয়স উপযোগী ছেলে ও মেয়েদের বিশেষ করে দূর্গম ও ঝুঁকিপূর্ণ এলাকার ছেলে মেয়েদের জন্য সমব্যবস্থাপূর্ন, সুস্থ, নিরাপদ এবং স্থিতিশীল পরিবেশ সৃষ্টি করা যেন তারা ন্যায় সংগতভাবে শিখতে পারে।
০৩: বাংলাদেশে কিশোর-কিশোরীদের (বিশেষ করে যারা সবচেয়ে বেশি সুবিধা বঞ্চিত) সক্ষমতা বৃদ্ধি করা যাতে তারা স্থিতিশীল এবং সামাজিক পরিবর্তনের সক্ষম প্রতিনিধি হিসাবে একটি নিরাপদ ও সুরক্ষিত পরিবেশে উচ্চমানের মৌলিক সামজিক সেবাগুলোকে ব্যবহার করতে পারে।
০৪: নীতি পরিবেশ ও জাতীয় / স্থানীয় পর্য়ায়ের কর্ম ব্যবস্থাগুলো সমৃদ্ধকরণ এবং জ্ঞান ও বাস্তবাতার আলোকে ন্যায় সংগতভাবে শিশু অধিকার অনুধাবন এবং কার্যকর করা।

২০১৯-২০ অর্থবছরের প্রকল্পের কার্যক্রম ও অগ্রগতিঃ
ক)কিশোর কিশোরী ক্ষমতায়ন

কাজের নাম লক্ষ্য মাত্রা অর্জন মন্তব্য
কিশোর-কিশোরী ক্লাব প্রতিষ্ঠা ও পরিচালনা করা ২১০০ ক্লাবের মাধ্যমে ৮০০০০ কিশোরীকে ক্ষমতায়ন করা প্রকল্পের আওতায় ২১০০ ক্লাব প্রতিষ্ঠা করা হয়েছে এবং তা চলমান রয়েছে। ৮০০০০ কিশোর-কিশোরী ক্লাবের আওতাধীন রয়েছে। তাদের জীবন দক্ষতা, শিশু উন্নয়ন, যোগসূত্র, নেতৃত্ব বিকাশ প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্লাবের সদস্যদের মধ্য হতে বাছাইকৃত চৌকস ২ জন কিশোর-কিশোরী এই ক্লাসগুলো পরিচালনা করে থাকে। তাদের জন্য নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এছাড়া কোন কোন ক্লাবে বই পড়া, শরীর চর্চা ও খেলাধুলার ব্যবস্থা করা হয়েছে।
কিশোর-কিশোরী ক্লাব পরিচালনার জন্য Standardized Adolescent Empowerment Package তৈরী এগারোটি Thematic area-র উপর ভিত্তি করে পাঠ সামগ্রীর একটি প্যাকেজ প্যাকেজটির খসড়া পাঠ সামগ্রী সম্পন্ন করে পর্যালোচনার জন্য মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছে। মাঠ পরীক্ষার কাজ শুরু হবে।

মাঠ পরীক্ষা থেকে প্রাপ্ত পরামর্শসমূহ ইউনিসেফ সহ জাতীয় ও আন্তর্জাতিক বিশেষজ্ঞগণ দ্বারা পর্যালোচনাকরতঃ প্যাকেজে অন্তর্ভুক্ত করে ২০২১ সালের ১ম প্রান্তিকে চুড়ান্ত অনুমোদনের জন্য জমা দেয়া

সমাজ ভিত্তিক শিশু সুরক্ষা কমিটি গঠন, পরিচালনা ও শক্তিশালীকরণ ৩০০ ৪৫০ টি সমাজ ভিত্তিক শিশু সুরক্ষা কমিটি গঠন করা হয়েছে এবং তাদের সক্ষমতা বৃদ্ধির কাজ চলমান রয়েছে।

বাল্য বিবাহ, ঝুঁকিপূর্ণ শিশু শ্রম ও বিদ্যালয় হতে ঝড়ে পরা রোধকল্পে প্রকল্পভুক্ত উপযোগী কিশোর-কিশোরীকে স্টাইপেন্ড প্রদান ৭,৫৪৫ জন কিশোর-কিশোরী প্রকল্পভূক্ত ৩৩৬ জন কিশোর-কিশোরীকে ১৫,০০০/- টাকা হারে স্ট্যাইপেন্ড প্রদান করা হয়েছে। যার মাধ্যমে তারা আয়বর্ধনমূলক কর্মকান্ডে সমৃক্ত হয়ে পরিবারকে সহায়তা করছে

সাঁতার বিষয়ক প্রশিক্ষক তৈরি এবং শিশুকে সাঁতার শেখানো;১০০০ জন প্রশিক্ষক তৈরী; ১০০০০০০শিশু কিশোরকে সাঁতার শেখানো ১০০০ জন শিশু-কিশোরকে সাঁতার শেখানো হয়েছে

ক্লাবভুক্ত কিশোর-কিশোরীদের জন্য শিক্ষামুলক মোবাইল অ্যাপস (ডিজিটাল প্লাটফর্ম) তৈরী ও তার ব্যবহার ১ টি অ্যাপস অ্যাপস তৈরী সম্পন্ন হয়েছে এবং ভোলায় মাঠ পরীক্ষা করা হয়েছে

শিশু-কিশোরদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহার ৯০০০০ শিশু-কিশোরদের নিরাপদ ইন্টারনেট ব্যবহার বিষয়ক ওরিয়েনটেশন প্রদান করা হয়েছে।

উন্নয়নের জন্য যোগাযোগ

কাজেরনাম লক্ষ্যমাত্রা অর্জন মন্তব্য

ন্যাশনাল মাল্টিমিডিয়া ক্যাম্পেইন এর মাধ্যমে ক্ষতিকর সামাজিক রীতি নীতি ও বাল্যবিবাহ প্রতিরোধ টিভি সিরিয়াল ও টিভি স্পট নির্মাণ • প্রথম পর্যায়ে “ইচ্ছেডানা” টিভি ড্রামা সিরিয়ালের ২৬ পর্বের নির্মাণ ও ৫টি টিভি চ্যানেলে প্রচার সম্পন্ন হয়েছে

- ২য় পর্যায়ের ২৬ পর্বের সিরিয়াল ৫টি টিভি চ্যানেলে প্রচারহচ্ছে
- ৩য় পর্যায়ের ২৬ পর্বের সিরিয়াল নির্মাণের গল্প লেখার কাজ চলমান রয়েছে।
- টিভি স্পট টিভি চ্যানেলসমূহে প্রচারিত হচ্ছে

ন্যাশনাল মাল্টিমিডিয়া ক্যাম্পেইন এর প্রভাব মূল্যায়ন

২ টি গবেষণা ন্যাশনাল মাল্টিমিডিয়া ক্যাম্পেইন এর প্রভাব মূল্যায়নে বেজলাইন ও ইন্ডলাইন জরীপের প্রতিবেদন তৈরি হয়েছে এবং তা যথারীতি পেশ করা হবে।

শিশু বিবাহ, শিশু শ্রম, শারীরিক শাস্তি এবং অন্যান্য নেতিবাচক প্রথার প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি;

২৬৭,৫০০ জন মানুষের জ্ঞান ও সক্ষমতা বৃদ্ধি

উঠান বৈঠক, পথ নাটক, মা সমাবেশ, টিভি ড্রামা সিরিয়াল এবং প্রশিক্ষণ এর মাধ্যমে উক্ত কাজগুলো সম্পন্ন হয়েছে,এরফলে৩২০,০০০ জন মানুষউপকৃতহয়েছে

শিশুর প্রতি নির্যাতন, শোষণ এবং ক্ষতিকর প্রভাব বিষয়ে অভিভাবক এবং সমাজভিত্তিক শিশু সুরক্ষা কমিটির সদস্যদের “শিশু উন্নয়ন” “যোগসূত্র” স্থাপন বিষয়ে সচেতনতা বৃদ্ধি;

উঠান বৈঠকের মাধ্যমে পিতামাতাকে সন্তান লালন-পালন বিষয়ে “শিশু উন্নয়ন’ বিষয়ে দক্ষতা বৃদ্ধি;

সক্ষমতা বৃদ্ধি ও গুণগত সেবা প্রদান

কাজের নাম লক্ষ্য মাত্রা অর্জন মন্তব্য

কিশোর-কিশোরীদের ক্ষমতায়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়নের জন্য মানব সম্পদ তৈরী • ১০০ মাষ্টার ট্রেইনার তৈরী (মশিবিম কর্মকর্তা)

- ৪০০ ফ্যাসিলিটেঁর (মশিবিম মাঠ কর্মকর্তা)
- ৭০০০ জন পিয়ার লিডার • ৪৫০০ পিয়ার লিডারকে জীবনদক্ষতামূলকবিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে
- ৬০ জন জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ৪ জন মশিবিম কর্মকর্তাকে জিআইএস ম্যাপিং ওঅনলাইন মনিটরিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে

শিশু-কিশোরদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহার সিআরএফ এবং বাস্তবায়ন সহযোগী সংস্থার মোট ২৬ জন কর্মকর্তাকে প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে

কিশোর - কিশোরীদের মনো-সামাজিক সহায়তা প্রদান ৪৯জনসিআরএফকেমনো-সামাজিকসহায়তাবিষয়েপ্রশিক্ষণপ্রদানকরাহয়েছে।

প্রকল্প ভুক্ত এলাকার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাদের প্রকল্প সম্পর্কে অবহিতকরণ ৫৬ জন কর্মকর্তা ৫৬ জন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রকল্প সম্পর্কে অবহিতকরণ করা হয়েছে

প্রকল্পে নিয়োগকৃত সিআরএফদের মৌলিক প্রশিক্ষণ প্রদান ৪৫ জন সিআরএফ ৪৫ জন সিআরএফ কে প্রকল্প, শিশু সুরক্ষা, সরকারী বিধিবিধান ও তাদের দায়িত্ব বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

কিশোর - কিশোরীদের মনো-সামাজিক সহায়তা প্রদান ৪৯ জন সিআরএফ ৪৯ জন সিআরএফ কে মনো-সামাজিক সহায়তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

শিশু-কিশোর বান্ধব আইন/নীতি প্রণয়নে সহযোগিতা

কাজের নাম লক্ষ্য মাত্রা অর্জন মন্তব্য

জাতীয় কিশোর – কিশোরী কৌশল পত্র প্রণয়ন একটি কৌশল পত্র ও এর অপারেশনাল গাইড লাইন প্রণয়ন • মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নেতৃত্বে একটি জাতীয় উপদেষ্টা কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে উক্ত কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে।

- বিষয়টির কারিগরীদিক পরিক্ষা-নিরিক্ষার জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিঃসচিব (উন্নয়ন ও পরিকল্পনা) মহোদয়ের নেতৃতে একটি কারিগরী কমিটি কাজ করছে। এই কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে।
- মাঠ জরিপের তথ্য উপাত্ত বিশ্লেষণ করে কারিগরী প্রতিবেদন চুড়ান্ত পর্যায়ে রয়েছে এবং আলোচ্য কৌশলপত্রের ধারণা পত্রের কাঠামো তৈরি হয়েছে।
- কৌশলপত্রটি প্রণয়নে Oxford Policy Management ও the Bangladesh Institute of Development Studies (BIDS)কারিগরি সহায়তা প্রদান করছে।

পরীবিক্ষণ ও শিখন ব্যবস্থাপনা

কাজের নাম লক্ষ্য মাত্রা অর্জন মন্তব্য

কিশোর কিশোরী ক্লাবের জিআইএস ম্যাপিং, ওয়েব পোর্টাল তৈরী ও অনলাইন মনিটরিং

- এপিসি প্রকল্পভুক্ত ২১০০ ক্লাবের জিআইএস ম্যাপিং
- ১টি ওয়েব পোর্টাল তৈরী
- এপিসি প্রকল্পসহ ও অন্য প্রকল্পের ক্লাবের কার্যক্রম মনিটরিংয়ের জন্য কিশোর-কিশোরী ক্লাব নামক অ্যাপস তৈরী
- পাইলট ভিত্তিতে ভোলা জেলার ৯০০ ক্লাবে জিআইএস ম্যাপিং সম্পন্ন হয়েছে।
- অ্যাপস ও ওয়েব পোর্টাল তৈরী সম্পন্ন হয়েছে
- প্রাথমিকভাবে ভোলা জেলায় উক্ত কার্যক্রম চালু করার কাজ প্রক্রিয়াধীন

পিএসসি ও পিআইসি-র সভা পিএসসি-র ২ টি ও পিআইসি-র ৪ টি সভা • পিএসসি-র ২টি ও পিআইসি-র ৩টি সভা অনুষ্ঠানের মাধ্যমে প্রকল্পের সার্বিক কাযক্রম ও অগ্রগতি পযালোচনা করা হয়।

সুপারভিশন ও মনিটরিং কমিটির সভা • উপপরিচালক , মহিলা বিষয়ক অধিদপ্তরের নেতৃত্বে জেলা পযায়ে প্রকল্পের কাযক্রম সুপারভিশন ও মনিটরিং কমিটির মাধ্যমে তদারকি হচ্ছে।

প্রকল্প সদর দপ্তর, ইউনিসেফ ঢাকা অফিস ও জোনাল অফিস এবং বাস্তবায়ন সহযোগী সংস্থার মাধ্যমে মনিটরিং

• প্রকল্প সদর দপ্তর, ইউনিসেফ ঢাকা অফিস ও জোনাল অফিস এবং বাস্তবায়ন সহযোগী সংস্থার মাধ্যমে নিয়মিতভাবে মনিটরিং করা হয়।

দূর্যোগ কালীন শিশু সুরক্ষা

কাজের নাম	লক্ষ্যমাত্রা	অর্জন	মন্তব্য
শিশু সুরক্ষা বিষয়ক জাতীয় ক্লাষ্টার গঠন ও পরিচালনা	১টি	চলমান রয়েছে	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (শিশু ও সমন্বয়) মহোদয়ের নেতৃত্বে এই ক্লাষ্টার কাজ করছে
জেলা পর্যায়ে ওয়ার্কিং গ্রুপ গঠন, তার কর্মপরিধি নির্ধারণ ও শক্তিশালীকরণ	১৩টি	চলমান রয়েছে	জেলা পর্যায়ে ওয়ার্কিং গ্রপ গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর মহোদয়কে মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে, কাজটি চলমান রয়েছে
ক্লাষ্টার সদস্যদের সক্ষমতা বৃদ্ধি	৫০ জন ক্লাষ্টার সদস্যের সক্ষমতা বৃদ্ধি	৫০ জন ক্লাষ্টার সদস্যের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে।	প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
শিশু বান্ধব কেন্দ্র স্থাপন এবং Ability Based Learning বিষয়ক প্রশিক্ষণ প্রদান	১০০ টি শিশু বান্ধব কেন্দ্র	৪০০০ শিশুকে সেবা প্রদান করা হয়েছে।	২৪ টি শিশু বান্ধব কেন্দ্রের মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে।

৭.৩ কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

কর্ম এলাকাঃ প্রকল্পের আওতায় দেশের ৮ টি বিভাগের ৬৪ জেলার ৪৯২ টি উপজেলা, ৩৩০ টি পৌরসভা এবং ৪৫৫৩ টি ইউনিয়নে মোট ৪৮৮৩ ক্লাব।

 উদ্দেশ্যঃসমাজের বিভিন্ন স্তেরের প্রান্তিক কিশোর-কিশোরীদের বাল্যবিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ সক্ষম করা এবং Sexual & Reproductive Health and Rights (SRHR) বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদের অবস্থানকে দৃঢ় করা। সেই সাথে ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রমের মধ্য দিয়ে কিশোর-কিশোরীদের সম্পর্কে সুদৃঢ় করার মাধ্যমে সমাজে ইতিবাচক পরিবর্তন আনায়ন করা।

 কার্যক্রমঃ

১। প্রকল্পের আওতায় দেশের ৬৪ জেলার ৪৯২ টি উপজেলায় ৪৮৮৩ টি কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা।

২। ২৯৫২ জন (প্রতি উপজেলায় ২জন করে ৩ বছরে) নারী উদ্যোক্তা তৈরী করা এবং তারেদকে ৩ দিনব্যাপি স্যানিটারী টাওয়েল প্রস্তুতকরণ বিষয়ে মৌলিক প্রশিক্ষণ প্রদান ও ১ (এক) দিনের কর্মশালার আয়োজন।

৩। ক্লাব পরিচালনার মাধ্যমে ৪৩৯৪৭০ জন কিশোর-কিশোরীদের কে ক্লাবের আওতায় এনে বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ ও তাদের দক্ষতা উন্নয়ন।

৪। প্রকল্পের আওতায় ৪৮৮৩ জন সঙ্গীত শিক্ষক, ৪৮৮৩ জন আবৃত্তি শিক্ষক, ১০৯৫ জন জেন্ডার প্রোমোটার ও ১২৮ জন ফিল্ড সুপারভাইজার নিয়োগ প্রদান।

৫। প্রতি ক্লাবে ১ (এক) জন করে ৪৫৫৩ জন মহিলা ইউপি সদস্য ও ৩৩০ জন মহিলা কাউন্সিলর ক্লাব কো-অর্ডিনেটর হিসেবে নিয়োগ প্রদান।

৬। জাতীয় দিবস উদযাপন (২১ শে ফেব্রুয়ারি, ১৭ মার্চ, ২৬ শে মার্চ, ১৫ আগস্ট ও ১৬ ডিসেম্বর)।

৭। জাতীয় পর্যায়ে ৩ বার (প্রতি বছরে ১ বার) কিশোর-কিশোরী সেমিনারের আয়োজন।

৮। কিশোর-কিশোরী ক্লাবের সদস্যদের নিয়ে টেলিভিশন চ্যানেলে প্রতি মাসে ২ টি অনুষ্ঠান প্রচার।

৯। উপজেলা পর্যায়ে বছরে ১ বার সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন।

১০। প্রকল্প মেয়াদে ০৩ এক্সপোজার ভিজিটের আয়োজন
(শ্রীলংকা/ভারত/মালদ্বীপ/মালয়েশিয়া/থাইল্যান্ড/সিংগাপুর/ফিলিপাইন/কম্বোডিয়া/ভিয়েতনাম)।

১১। প্রতিটি ক্লাবে বাদ্য যন্ত্র হিসাবে (১ টি হারমোনিয়াম ও ১ টি তবলা) এবং প্লাস্টিক ম্যাট ১ টি, বুকসেলফ ১ টি, হোয়াইট বোর্ড ১ টি, পিন বোর্ড ১ টি, সাইনবোর্ড ১ টি, সিলিংফ্যান (প্রতি ক্লাবে ২ টি), টেবিল ও চেয়ার (প্লাস্টিক)-(২+৬)=৮টি, ফাইল ক্যাবিনেট ১ টি, স্টীল আলমিরা ১ টি।

- মেয়াদঃ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ।
- মোট বাজেটঃ ৫৫১৫৬.২৭ লক্ষ টাকা।
- ১৯-২০ অর্থ বছরের বাজেটঃ ১২৩৭১.৮১ লক্ষ টাকা।
- অগ্রগতিঃ

১।১ (এক) জন প্রকল্পপ রিচালক ও১ (এক) উপ-প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান।

২।২ (দুই) জন হিসাবরক্ষক নিয়োগ প্রদান।

৩।২ (দুই) জন অফিস সহকারী কামকম্পিউটার অপারেটর নিয়োগ প্রদান।

৪।১২৮ (এক শত আটাশ) জন ফিল্ড সুপারভাইজার নিয়োগ প্রদান।।

৫।১০৯৫ (এক হাজার পচানব্বই) জন জেন্ডার প্রোমাটার নিয়োগ প্রদান।।

৬।২৯২২ (দুই হাজার নয়শত বাইশ) জন সঙ্গীত শিক্ষক নিয়োগ প্রদান।।

৭।২৮১৪ (দুই হাজার আট শত চৌদ্দ) জন আবৃত্তি শিক্ষক নিয়োগ প্রদান।

৮।৪৮৮৩ (চার হাজার আট শত তিরাশি) জন ক্লাবকো-অর্ডিনেটর নিনিয়োগ প্রদান।।

৯।৪৮৮৩ (চার হাজার আটশত তিরাশি) টি প্রাথমিক বিদ্যালয় নির্বাচন (ক্লাব পরিচালনার জন্য)।

১০।১৪৬৪৯০ (এক লক্ষ ছিচল্লিশ হাজার চার শত নব্বই) জন ক্লাব সদস্য নির্বাচন।

১১।ক্লাব পযায়ে আসবাবপত্র প্রদান (২০১৮-১৯অর্থবছর)।

১২।প্রকল্প অফিসের জন্য আসবাবপত্র ক্রয় (২০১৮-১৯অর্থবছর)।

১৩।১ (এক) টি জীপও২ (দুই) টিমাইক্রোবাসক্রয়।

৭.৪ আইসিভিজিডি ২য় পর্যায় প্রকল্প

পটভূমি : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন" ইনভেষ্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি) ২য় পর্যায়" প্রকল্পটি জুলাই ২০১৯ থেকে জুন ২০২২ মেয়াদে গ্রহন করা হয়েছে। প্রকল্পটির অন্যতম কম্পোনেন্ট হচ্ছে; প্রশিক্ষণ প্রদানসহ এককালীন নগদ সহায়তা প্রদান, যার মাধ্যমে অতিদরিদ্র মহিলাদের দারিদ্র মুক্তি ঘটবে। প্রকল্পটি চলমান ভিজিডি কার্যক্রমের চ্যালেঞ্জসমূহ দূরিকরণে সহায়তা করবে। জানুয়ারী ২০১৫ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত আইসিভিজিডি'র পাইলটিং প্রকল্প সফলভাবে বাস্তবায়িত হয়েছে। সফলতার শিক্ষণীয় বিষয়সমূহ নিয়ে দ্বিতীয় পর্যায়ে আইসিভিজিডি প্রকল্পটির প্রণীত কার্যক্রম বিস্তৃত আকারে বাস্তবায়নে সাহায্য করবে। এই বিনিয়োগ প্রকল্পের আওতায় ১০ লক্ষ ৪০ হাজার অতি দরিদ্র ভিজিডি মহিলার মধ্য হতে ১ লক্ষ ভিজিডি মহিলাকে উপকারভোগী হিসাবে বাছাই করা হবে।

প্রকল্প এলাকা নির্বাচনে বিবিএস, বিশ্বব্যাংক এবং বিশ্ব খাদ্য কর্মসূচির জরিপ এবং উপকারভোগী নির্বাচনে বিবিএস এর ২০১৫ সালের এইচ আই ই এস (HIES) ২০১৫ এর সার্ভে অনুসরন করা হয়েছে। নির্বাচিত উপজেলাসমূহ নির্বাচনে নদী ভাংগন এলাকা, চর এলাকা, যানবাহন স্বল্পতা এবং অকার্যকর যোগাযোগ ব্যবস্থা, অধিক বেকারত্ব এবং বন্যা, খরা, সাইক্লোন এবং টর্নেডো প্রবন এলাকাকে বিবেচনা করা হয়েছে। চলমান আইসিভিজিডি প্রকল্পে আয়বর্ধক কার্যক্রমের উপর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দরিদ্র মহিলাদের জীবন যাত্রার মান বৃদ্ধি পাবে। সর্বোপরি এ প্রোগ্রামের আওতায় এক লক্ষ অতিদরিদ্র মহিলার দারিদ্র মুক্তি ঘটবে।

প্রকল্পের নাম : ইনভেষ্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি) ২য় পর্যায় প্রকল্প।
প্রকল্পের মোট বরাদ্দ : ৩১৭২৭.২৬ লক্ষ টাকা; (জিওবি: ৩০০৫৩.৩৮লক্ষ টাকা, পিএ: ১৬৭৩.৮৮লক্ষ টাকা)।
প্রকল্পের মেয়াদ: জুলাই ২০১৯ইং থেকে জুন ২০২২ ইং
প্রকল্প পরিচালকের নাম : মো: মুহিবুজ্জামান।
পদবী : যুগ্মসচিব (শিশু ও সমন্বয় উইং), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়।
ফোন নং : ০১৭১১১৮০৩০২
ই-মেইল : mmuhib@gmail.com
প্রকল্পের উদ্দেশ্য:
১। অতি দরিদ্র মহিলাদের এবং তাদের পরিবারকে স্থায়ীভাবে অতি দারিদ্রতা থেকে উত্তরনে সহায়তা করা।
স্বল্প মেয়াদী:
২। খাদ্য নিরাপত্তা অর্জনে ১০০০০০ অতি দরিদ্র ভিজিডি মহিলা ও তাদের পরিবারকে ভিজিডি চক্রের আওতায় খাদ্য সহায়তার মাধ্যমে টেকসই জীবন যাপনের সুযোগ সৃষ্টি করা।
৩। ১০০০০০ অতিদরিদ্র ভিজিডি মহিলা ও তাদের পরিবারকে অর্থনৈতিক ক্ষমতায়নের মাধ্যমে সম্পদ তৈরীর সুযোগ সৃষ্টি করা ও উদ্যোক্তা হিসাবে দেশের অর্থনৈতিক উন্নয়ন প্রক্রিয়ায় অংশ প্রহনের সুযোগ তৈরী করে দেয়া।
৪। ১০০০০০ভিজিডি উপকারভোগী মহিলা ও তাদের পরিবারকে পুষ্টিকর খাবার গ্রহনের অভ্যাস তৈরী করা।
৫। জ্ঞান ও অভিজ্ঞতার সমন্বয়ের মাধ্যমে প্রকল্প ব্যবস্থাপনার দক্ষতা ও কার্যকারিতার উন্নয়ন সাধন করে অতিদরিদ্র মহিলা ও তাদের পরিবারকে টেকসই সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে রুপান্তর করা।
উদ্যোগী মন্ত্রনালয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়।
উন্নয়ন সহযোগী সংস্থা : বিশ্ব খাদ্য কর্মসূচি।

বাস্তবায়নকারী সংস্থা: মহিলা বিষয়ক অধিদপ্তর ও বিশ্বখাদ্য কর্মসূচি।

কর্মএলাকা: ৬৪ জেলার ৬৪ উপজেলা।

উপকারভোগীদের প্রাপ্য উপকরণ সুবিধা

১. ১০০০০০ জন দরিদ্র মহিলা কে প্রতিমাসে সিলযুক্ত ব্যাগে ৩০ কেজি পুষ্টি চাল প্রদান।

২. নিবিড় প্রশিক্ষণ : ৯টি মডিউলে উপকারভোগীদের আয়বর্ধনমূলক, জীবন দক্ষতা ও উদ্যোক্তা উন্নয়ন সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান
৩. ১০০০০০ জন উপকারভোগী প্রত্যেক কে ব্যবসা শুরু মূলধন হিসেবে ১৫০০০/- টাকা অনুদান তার নিজস্ব ব্যাংক হিসেবে ইএফটির মাধ্যমে প্রদান ।

২০১৯-২০২০অর্থ বৎসরের আরএডিপি বরাদ্দ:২২১৮.৬৫লক্ষটাকা; জিওবি: ২০০০.৯০লক্ষটাকা; পিএ: ২১৭.৭৫লক্ষটাকা।
২০১৯-২০২০অর্থবৎসরের ব্যয়:১৮৫.৩৩লক্ষটাকা; জিওবি: ০.০০লক্ষ টাকা; পিএ: ১৮৫.৩৩লক্ষটাকা।

আইসিভিজিডি ২য় পর্যায় প্রকল্পের কর্ম এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা/থানা
খুলনা	বাগেরহাট	চিতলমারি
	খুলনা	ডুমুরিয়া
	যশোর	চৌগাছা
	সাতক্ষীরা	শ্যামনগর
	চুয়াডাঙ্গা	ডামুরহূদা
	ঝিনাইদহ	শৈলকুপা
	মাগুড়া	মোহাম্মদপুর
	নড়াইল	কালিয়া
	কুষ্টিয়া	খোকশা
	মেহেরপুর	গাংনী
চট্টগ্রাম	চট্টগ্রাম	বাঁশখালী
	কক্সবাজার	উখিয়া
	বান্দরবান	থানচি
	রাঙ্গামাটি	বিলাইছড়ি
	খাগড়াছড়ি	রামগড়
	কুমিল্লা	মনোহরগঞ্জ
	ব্রাহ্মনবাড়ীয়া	নাসিরনগর
	চাদঁপুর	মতলবদক্ষিন
	নোয়াখালী	সুবর্নচর
	লক্ষীপুর	লক্ষীপুর সদর
	ফেনী	সোনাগাজী
ঢাকা	গাজীপুর	কালীগঞ্জ
	গোপালগঞ্জ	মুকসুদপুর
	নারায়নগঞ্জ	সোনারগাঁও
	নরসিংদী	পলাশনতুন
	মুনসীগঞ্জ	মুনসীগঞ্জ সদর
	টাংগাইল	নাগরপুর
	ফরিদপুর	শালথা
	রাজবাড়ী	কালুখালী
	শরিয়তপুর	গোসাইরহাট
	মাদারীপুর	শিবচর
	মানিকগঞ্জ	দৌলতপুর
	ঢাকা	নবাবগঞ্জ

ময়মনসিংহ	ময়মনসিংহ	ময়মনসিংহ সদর
	জামালপুর	দেওয়ানগঞ্জ
	শেরপুর	শেরপুর সদর
	কিশোরগঞ্জ	মিঠামইন
	নেত্রকোনা	মোহনগঞ্জ
সিলেট	সিলেট	কানাইঘাট
	সুনামগঞ্জ	তাহিরপুর
	হবিগঞ্জ	আজমিরিগঞ্জ
	মৌলভীবাজার	জুরি
রাজশাহী	রাজশাহী	গোদাগাড়ী
	নওগাঁ	পোরশা
	চাপাইনবাবগঞ্জ	চাপাইনবাবগঞ্জ সদর
	বগুড়া	শেরপুর
	জয়পুরহাট	পাঁচবিবি
	পাবনা	বেড়া
	নাটোর	লালপুর
	সিরাজগঞ্জ	শাহজাদপুর
রংপুর	রংপুর	গঙ্গাছড়া
	কুড়ীগ্রাম	চররাজিবপুর
	লালমনিরহাট	হাতিবান্ধা
	নীলফামারী	নীলফামারী সদর
	গাইবান্ধা	সাঘাটা
	দিনাজপুর	ঘোড়াঘাট
	ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সদর
	পঞ্চগড়	পঞ্চগড় সদর
বরিশাল	বরিশাল	মুলাদি
	পিরোজপুর	নাজিরপুর
	ঝালকাঠি	নলছিটি
	পটুয়াখালী	পটুয়াখালী সদর
	বরগুনা	আমতলী
	ভোলা	ভোলা সদর

৭.৫ “উপকূলীয় জনগোষ্ঠীর বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা মোকাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ” প্রকল্প।

০১। প্রকল্পের নাম : “উপকূলীয় জনগোষ্ঠীর বিশেষত নারীদের জলবায়ু পরিবর্তনজনিত লবণাক্ততা মোকাবেলায় অভিযোজন সক্ষমতা বৃদ্ধিকরণ” প্রকল্প।

০২। বাস্তবায়নকারী সংস্থাঃ : মহিলা বিষয়ক অধিদপ্তর

জনস্বাস্থ্য প্রকৌশল, অধিদপ্তর (ডিপিএইচই) এবং UNDP বাংলাদেশ।

০৩। মেয়াদ : জানুয়ারি ২০১৯-ডিসেম্বর ২০২৪।

০৪। প্রাক্কলিত ব্যয় : ২৭,৬৮৬.৭১ লক্ষ টাকা।

জিওবি: ৬,৭১৬.০০ লক্ষ টাকা।

বৈদেশিক সাহায্য: ২০,৯৭০.৭১ লক্ষ টাকা।

০৫। উদ্দেশ্য : বাংলাদেশের উপকূলীয় এলাকায় বসবাসরত বিপদাপন্ন জনগোষ্ঠী, বিশেষ করে নারীদের জলবায়ু পরিবর্তন সৃষ্ট লবণাক্ততার ঝুঁকি প্রশমন ও অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করে সুপেয় পানির প্রাপ্যতা এবং জীবিকার মান উন্নয়ন করা।

০৬। প্রকল্পএলাকা : খুলনা জেলার তিনটি উপজেলা (দাকোপ, কয়রা, পাইকগাছা) ও সাতক্ষীরা জেলার দুই টি উপজেলা (শ্যামনগর, আশাশুনি)

০৭। উপকারভোগী : ৪৩,০০০ জন নারীদের জীবিকা সহায়তা, প্রশিক্ষণ ও উপকরণ প্রদান করা হবে।

৫৫,০০০ টি পরিবারের ২,৪৫,৫১৬ জন মানুষের লবনাক্ততামুক্ত ও দুর্যোগ সহনশীল পানি সরবারাহের ব্যবস্থা স্থাপনের মাধ্যমে বছর ব্যাপী সুপেয় পানি নিশ্চিত করা হবে।

০৮। ২০১৯-২০অর্থবছরে বরাদ্দ : জিওবি: ২০০.০০ লক্ষ টাকা।

বৈদেশিক সাহায্য: ২৬০০.০০ লক্ষ টাকা।

০৯। ২০১৯-২০অর্থবছরে ব্যয় জিওবি: ৭.৭১ লক্ষ টাকা।

বাস্তবায়ন অগ্রগতি ২২%

বৈদেশিক সাহায্য: ৬০৭.৫৭ লক্ষ টাকা।

১০। ২০১৯-২০অর্থবছরে অর্জন : ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে জাতীয় প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। ০৫মার্চ, ২০২০ তারিখে মাসে মহিলা বিষয়ক অধিদপ্তর অংশের প্রথম পিআইসি সভা অনুষ্ঠিত হয়। প্রক্রুপের খুলনা আঞ্চলিক অফিস ভাড়া করা হয়েছে। তবে করোনা প্রাদুর্ভাবের কারনে প্রকল্পের মাঠ পর্যায়ের কার্যক্রম শুরু করা যায়নি । প্রজেক্ট এরিয়ায় ঘুর্নিঝড় আম্ফানের ইমপ্যাক্ট অ্যাসেস করা হয়েছে। সুপেয় পানির প্রাপ্যতা নিশ্চিত করার উদ্দেশ্যে উপকারভোগীদের বিতরণের উদ্দেশ্যে ১ ৩৩০৮ টি পানীর ট্যাংক ক্রয় করা হয়েছে।

৭.৬ ''সোনাইমুড়ী, কালীগঞ্জ, আড়াইহাজার, মঠবাড়ীয়া উপজেলায় ট্রেনিং সেন্টার ও হোস্টেল নির্মাণ'' শীর্ষক প্রকল্প।

প্রকল্প এলাকাঃ

জেলার নাম	উপজেলার নাম
নোয়াখালী	সোনাইমুড়ী
গাজীপুর	কালীগঞ্জ
নারায়ণগঞ্জ	আড়াইহাজার
পিরোজপুর	মঠবাড়ীয়া

বাস্তবায়ন কালঃ ক) শুরুঃ জুলাই' ২০১৪ খ) সমাপ্তঃ জুন' ২০২১।

বাস্তবায়নকারী সংস্থাঃ মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

প্রকল্পের অর্থায়নঃ

(শুরু থেকে জুন' ২০২০ পর্যন্ত) আর্থিক অগ্রগতি

মোট (লক্ষ টাকায়)	আর্থিক (লক্ষ টাকায়)	বাস্তব	মোট	আর্থিক	বাস্তব
৩৯৪০.১৪	৩৯৪০.১৪	৭৫.০৫%	২৫০.২৮	২৫০.২৮	৪.৭৭%

প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) দীর্ঘ মেয়াদী উদ্দেশ্যঃ

০১।বৃত্তিমূলক মহিলা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে অনগ্রসর নারীদের জীবন মান উন্নয়ন;

০২।নারীদের কর্মমূখী কাজে নানাবিধ সুযোগ সৃষ্টির মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ নিশ্চিতকরণ;

০৩।কর্মভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে চাকুরীতে প্রবেশের যোগ্য করে তোলা;

০৪।তৃণমূল নারীদের বিনামূল্যে বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ প্রদান;

০৫। স্ব-কর্মসংস্থান সৃষ্টি।

খ) স্বল্প মেয়াদী উদ্দেশ্যঃ

০১।প্রথম ৩য় বছরে প্রশিক্ষণ কাম-হোস্টেল ভবন নির্মাণ সম্পন্ন করা;

০২। বার্ষিক ৮০০ জন প্রশিক্ষণার্থী নারীদের নিরাপদ আবাসনের ব্যবস্থা নিশ্চিত করা;

০৩।অধিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা

০৪।প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের আত্মকর্ম সংস্থান ও চাকুরী লাভে সহায়তা করা;

প্রকল্পের অধীন কার্যক্রমসমূহের অগ্রগতি (জুলাই ২০১৯-জুন-২০২০):

ক্র: নং কেন্দ্রে ও নাম অগ্রগতি

01। শহীদ ময়েজ উদ্দিন বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রঃ৬তলা ভবন নির্মাণ সম্পন্ন করত: ভবনটি উদ্বোধন করা হয়েছে এবং উদ্বোধনের পর এপ্রিল' ২০১৮ খ্রি. থেকে ৩ (তিন) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হয়েছে। মার্চ' ২০২০ পর্যন্ত ২টি ট্রেডে ৩৪৪ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছে।

02। আড়াই হাজার বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রঃ ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। নির্মিত ভবন গণপূর্ত অধিদপ্তর হতে বুঝে নেয়ার জন্য স্থানীয় প্রশাসনের সমন্বয়ে কমিটি গঠন করা হয়েছে। বর্তমান কোভিড পরিস্থিতি স্বাভাবিক হলে ভবন বুঝে নেয়া হবে।

03। সোনাইমুড়ী বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রঃ ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এক পার্শ্বের বাউন্ডারী ওয়াল ও মূল গেইট নির্মাণ কাজ চলমান রয়েছে। বর্তমান কোভিড পরিস্থিতি স্বাভাবিক হলে ভবন বুঝে নেয়া হবে।

04। মঠবাড়ীয়া বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রঃ ভবনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। স্থানীয় প্রশাসনের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে ভবন বুঝে নেয়া হয়েছে। লবনাক্ত এলাকায় বিশুদ্ধ পানির অভাব থাকায় সুপেয় পানির জন্য রিভার অসমোসিস (জঙ) প্ল্যান্ট স্থাপনের কাজ চলমান। বর্তমান কোভিড পরিস্থিতি স্বাভাবিক হলে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে।

উপকারভোগীর সংখ্যাঃ

ক) ০৪টি প্রশিক্ষণ কেন্দ্রে বছরে ৩ মাস মেয়াদী ৪টি প্রশিক্ষণ কোর্স পরিচালিত হবে; যার মাধ্যমে বার্ষিক (৫০ জন ০৪ কেন্দ্র) = ৮০০জন হিসেবে ০৩ বছরে ২,৪০০ জন নারী প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে।

(খ) উপকারভোগীর সামাজিক/পারিবারিক/আর্থিক পরিবর্তন (প্রকল্প সমাপনান্তে):

- জাতীয় অর্থনৈতিক কর্মকান্ডে মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে;
- নারী উন্নয়ন ও নারীর ক্ষমতায়ন হবে;
- কর্ম সংস্থান সৃষ্টি হবে;
- অনগ্রসর নারী সমাজকে উন্নয়নের মূল শ্রোত ধারায় সম্পৃক্তকরণের জন্য তৃণমূল নারীদের বিনামূল্যে বৃত্তিমূলক আবাসিক প্রশিক্ষণ প্রদানের ফলে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে উঠবে। ফলে চাকুরীর বাজারে প্রবেশের সুযোগ পাবে।
- নারীদের কর্মমূখী কাজে নানাবিধ সুযোগ সৃষ্টির মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধিপাবে। ট্রেড-ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মক্ষেত্রে প্রবেশের যোগ্য হিসেবে গড়ে উঠবে।

প্রকল্প বাস্তবায়নে সমস্যাচ্যালেঞ্জসমূহ:

- আইবাস++ অনুযায়ী ডিডিপিতে উল্লিখিত অর্থনৈতিক কোডের মাধ্যমে কার্যক্রম পরিচালনা সম্ভবনয় বিধায় আন্তঃ খাত সমন্বয় করা প্রয়োজন।

সমস্যা মোকাবেলায় পদক্ষেপসমূহঃ

- প্রকল্পের মেয়াদ জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ১ বছর মেয়াদ বৃদ্ধির মন্ত্রণালয় হতে অনুমোদন পাওয়া গেছে। এ ছাড়া প্রকল্পেরলক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা পূরণের লক্ষ্যে স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ২ বছর বৃদ্ধি ও জন্য পরিকল্পনা কমিশনে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

৭.৭ "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয় বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প"

প্রকল্পের কর্ম এলাকাঃ সমগ্র বাংলাদেশ

- ৪২৬টি উপজেলা পর্যায়ে (প্রতিটি উপজেলায় ২ (দুই) টি করে ট্রেড)।
- ৬৪টি জেলা পর্যায়ে (প্রতিটি জেলায় ০১ (এক) টি করে ট্রেড)।
- ৮টি বিভাগীয় পর্যায়ে (০১টি ট্রেড –মটর ড্রাইভিং)।

প্রকল্পের উদ্দেশ্যঃ

মূল উদ্দেশ্যঃ

- দরিদ্র ও সুবিধাবঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও আত্মনির্ভরশীল জনশক্তিতে রূপান্তর করে দরিদ্রমোচন ও উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করা। প্রকল্প মেয়াদে ২,১৭,৪৪০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।

নির্দিষ্টউদ্দেশ্যঃ

- ২,১৭,৪৪০ জন দরিদ্র ও সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও আত্মনির্ভরশীল জনশক্তিতে রুপান্তর করে দারিদ্রমোচন ও উন্নয়নের মূল স্রোতধারায় সম্পৃক্ত করা।

- প্রশিক্ষণার্থীদের জন্য কাজের ক্ষেত্র ও উৎপাদিত পণ্য বা সেবা বিপনণের সুযোগ তৈরী।
- দরিদ্র-সুবিধা বঞ্চিত মহিলাদের অধিকার ও সুযোগ-সুবিধা সর্ম্পকে সচেতনতা বৃদ্ধি করা ।

প্রকল্পের কার্যক্রমঃ

আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ ট্রেডের তালিকাঃ

ক্রমিক নং	ট্রেডের নাম	মন্তব্য
১।	বিউটিফিকেশন	উপজেলা পর্যায়ে (প্রতি উপজেলায় ০২টি করে ট্রেড)
২।	টেইলারিং	
৩।	ব্লকবাটিক	
৪।	ফ্যাশনডিজাইন	
৫।	শতরঞ্জিওহস্তশিল্প	
৬।	ক্রিস্টাল শোপিছ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি)	
৭।	ফ্রন্ট ডেস্ক ম্যানেজমেন্ট ও সেলস ম্যানশীপ	
৮।	ভার্মি কম্পোস্ট , মাশরুম ও মৌচাষ	
৯।	কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং	জেলা শহরে (০১টি করে ট্রেড)
১০।	মটর ড্রাইভিং	বিভাগীয় শহরে (০১টি করে ট্রেড)

প্রকল্পের মেয়াদঃ জানুয়ারি ২০১৭ থেকে ডিসেম্বর ২০২০

প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ ২৮৩২২.৬০ লক্ষ টাকা

২০১৯-২০২০ অর্থবছরের বাজেটঃ ১০৯৭২.০০লক্ষ টাকা

প্রকল্পের আর্থিক অগ্রগতি

- ২০১৯-২০২০ অর্থ বছরে প্রকল্পের ব্যয় নির্বাহের জন্য এডিপি বরাদ্দ ছিল ১০৯৭২.০০ লক্ষ টাকা । জুন -২০২০ পর্যন্ত ব্যয় হয়েছে ৮২০৮.৭৬ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতি ৭৪.৮২%।
- প্রকল্পের শুরু হতে জুন-২০২০ পর্যন্ত মোট আর্থিক অগ্রগতি ১৮৬৭৮.৯৩ লক্ষ টাকা যা প্রকল্পের ব্যয় ২৮৩২২.৬০ এর ৬৫.৯৫%।

প্রকল্পেরবাস্তবঅগ্রগতিঃ

 জুলাই-২০১৯ হতে জুন-২০২০ পর্যন্ত লক্ষ্য মাত্রা ছিল ৯১,৮০০ জন নারীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা। উক্ত সময়ে ৬৯,৪১০ জন নারীর প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অর্জন-৭৬.০০%।

 উল্লেখ্য, মহামারি নভেলকরোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে এপ্রিল/২০২০-জুন/২০২০ সেশনের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করা হয় এবং মাতৃত্বকালীন ছুটির কারণে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি।

 প্রকল্পের শুরু থেকে জুন-২০২০ পর্যন্ত ৮টি বিভাগ, ৬৪টি জেলা এবং ৪২৬টি উপজেলা পর্যায়ে সর্বমোট ১৬০,৮১০ জন নারী প্রশিক্ষণ গ্রহণ করেছেন।প্রকল্পের বাস্তব অগ্রগতি ৭৪.০০%।

৭.৮ প্রকল্পের নামঃ ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প

১ প্রকল্পের নাম ২০টি শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন প্রকল্প।

২ কর্মএলাকা ঢাকারভিতরে: ধানমন্ডি, মতিঝিল, নির্বাচনকমিশনসচিবালয়, আগারগাঁও, রায়েরবাজার, কারওয়ানবাজার, মুগদা, মহাখালী, আশুলিয়া, সায়েদাবাদ, পল্লবী।

ঢাকার বাহিরে: রংপুর, গোপালগঞ্জ, গাজীপুর, নওগাঁ, গাইবান্ধা, ভোলা, কক্সবাজার, টাঙ্গাইল, নোয়াখালী, চাঁদপুর।

৩ প্রকল্প পরিচালকের নাম, পদবি, টেলিফোন/মোবাইল নম্বর ও ইমেইল নম্বর শবনম মোস্তারী

প্রকল্প পরিচালক (উপসচিব)

টেলিফোন নম্বর: ০২-৫৫১৩৮৫৪০

মোবাইল নম্বর: ০১৭৫৫-৯৫৮৫৭৭

ইমেইল: pddcdwa@gmail.com

৪ প্রকল্পের উদ্দেশ্য নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণীর কর্মজীবী নারীদের ৬ (ছয়) মাস থেকে ৬ (ছয়) বছর বয়সী শিশুদের নিরাপদ দিবাকালীন সেবা প্রদান যাতে করে কর্মক্ষেত্রে মহিলারা নিশ্চিন্তে কাজ করতে পারে।

প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহঃ

- শিশুর দিবাকালীন যত্ন নিশ্চিত করা;
- শিশুর পুষ্টি নিশ্চিত করা;
- প্রাক-প্রাথমিকশিক্ষা প্রদান শেষে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি নিশ্চিত করা;
- টিকা দানসহ প্রাথমিক চিকিৎসা প্রদান করা;
- শিশুর শারীরিক ও মানসিক বিকাশ নিশ্চিত করা এবং

- শিশুর ইনডোর খেলাধুলা ও চিত্তবিনোদনের সুযোগ প্রদান নিশ্চিত করা।

৫ কার্যক্রম

- ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ প্রদান করা হয়েছে।
- ২টি ষ্টিয়ারিং কমিটির ও ৩টি প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
- ১৮টি ডে-কেয়ার সেন্টারে খাদ্য সরবরাহের কার্যাদেশ দেওয়া হয়েছে।

৬ প্রকল্পের মেয়াদ মার্চ ২০১৬ হতে ফেব্রুয়ারী ২০২১ পর্যন্ত।

৭ মোট বাজেট ৫৯৮৮.৪৯৮ (উনষাট কোটি আটাশি লক্ষ উনপঞ্চাশ হাজার আটশত) টাকা।

৮ ২০১৯-২০অর্থবছরের বাজেট ২০১৯-২০ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ১১৫৯.০০ লক্ষ টাকা বরাদ্দ দেওয়া হয়।

৯ অগ্রগতি ৯৪৩.৬৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। আর্থিক অগ্রগতি ৮১.৪২% ও ভৌত অগ্রগতি ১১.৭৩%

১০ উল্লেখযোগ্য অর্জনসমূহ

- ২০টি ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে।
- ২০১৯-২০ অর্থবছরের মার্চ/২০২০ পর্যন্ত ৯৩৪ জন শিশুকে দিবাকালীন সেবা প্রদান করা হয়েছে।
- ৯৩৪ জন শিশুকে সুষম খাবার প্রদান করা হয়েছে।
- ৯৩৪ জন শিশুর অভ্যন্তরীন খেলাধুলা ও বিনোদনের ব্যবস্থা করা হয়েছে।
- ৯৩৪ জন কর্মজীবী মহিলারা উপকৃত হয়েছেন।

৭.৯ “মাদারীপুর জেলার শিবচর উপজেলায় মহিলা প্রশিক্ষণ কেন্দ্র কাম হোস্টেল নির্মাণ” প্রকল্পের তথ্যাদিঃ

১. প্রকল্পের নাম : “মাদারীপুর জেলার শিবচর উপজেলায় মহিলা প্রশিক্ষণ কেন্দ্র কাম হোস্টেল নির্মাণ”

২. মন্ত্রণালয়/বিভাগ : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৩ বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর

৪. প্রকল্প পরিচালক : ফারহানা আখতার, গবেষণা কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর।

৫. প্রকল্প এলাকা : মাদারীপুর জেলার শিবচর উপজেলা।

৬. বাস্তবায়নকাল : জুলাই/২০২০ – জুন/২০২২

৭. প্রকল্পের মোট বরাদ্দ : ১৮৫৭.৩৮ লক্ষ টাকা।

৮. প্রকল্পের মোট ব্যয় : -

৯. চলতি অর্থ বছরে বরাদ্দ : -

১০. প্রকল্পের মূল কার্যক্রম : ০৬ তলা ভিতের উপর ০৬ তলা আধুনিক আবাসিক প্রশিক্ষণ কেন্দ্রসহ হোস্টেল ভবন এবং ডে-কেয়ার সেন্টার নির্মাণ।

১১. উপকারভোগীর সংখ্যা : প্রশিক্ষণ কেন্দ্র: ২৪০ জন নারী।

হোস্টেল: ৫৪ জন নারী।

ডে-কেয়ার সেন্টার: ২৫ জন শিশু।

১২. ২০১৯-২০২০ অর্থ বছরে অগ্রগতি : -

৭.১০ জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)

ক্রমিক নং	প্রকল্প সংক্রান্ত	বিবরণ
০১	প্রকল্পের নাম	জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)
০২	কর্ম এলাকা	৬৪ জেলা শহর।
০৩	প্রকল্প পরিচালকের নাম	জি. এন. নজমুল হোসেন খান (উপ-সচিব), ফোন-9353078, ইমেইল- dbwctp64.hq@gmail.com
০৪	উদ্দেশ্য	৪২২০৬ (বিয়াল্লিশ হাজার দুইশত ছয়) জন শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের কর্মসংস্থান এবং যোগাযোগ প্রযুক্তি নির্ভর করে উদ্যোক্তা হওয়ার সৃষ্টি করা। সর্বশেষ প্রযুক্তি ও কারিগরী জ্ঞানকে দেশ জ টেকসই প্রযুক্তির সাথে প্রয়োগের মাধ্যমে আত্মস্থ করা। শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে স্বনির্ভর হওয়ার ব্যাপারে উদ্বুদ্ধ করা। নারী সমাজকে মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে ধারণাগত পরিবর্তনে উৎসাহ যোগান। বর্তমানের ক্রমবর্ধমান চাহিদা এবং ভবিষ্যতের চাহিদা মোকাবেলার লক্ষ্যে কম্পিউটার দক্ষতার উন্নয়ন এবং বহুমুখীকরণ। শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ভিত্তিক নারী বান্ধব উৎকর্ষতার কেন্দ্রবিন্দু হিসেবে প্রতিষ্ঠা করা। প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন সহযোগী দেশীয় ও আন্তর্জাতিক এনজিও এবং ব্যবসায়িক সম্প্রদায়ের সাথে যোগাযোগ স্থাপন করা।
০৫	কার্যক্রম	শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ৬ মাসব্যাপী (৩৬০ ঘন্টা) “কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন” এবং “গ্রাফিক্স ডিজাইন ও মাল্টিমিডিয়া প্রোগ্রামিং” কোর্সের উপর প্রশিক্ষণ প্রদান।
০৬	মেয়াদ	৮ বছর (জুলাই 2013 থেকেজুন 20২১পর্যন্ত)।
০৭	মোট বাজেট	৮৬৯৭.৫১লক্ষ টাকা (জিওবি) (২য় সংশোধিত)

০৮ অগ্রগতি আর্থিক অগ্রগতিঃ ২০১৯-২০ অর্থ বছরের এডিপি পুনঃবরাদ্দ ১৬৪৭.০০ লক্ষ টাকা এবং আর্থিক অগ্রগতি জুন ২০২০ পর্যন্ত ১০৩৭.৩৩৯০৫ লক্ষ টাকা, শতকরা হার ৬২.৯৯%।

প্রশিক্ষণের অগ্রগতিঃ

এ পর্যন্ত মোট ৩২৬০৬ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন কোর্সে ১১ ব্যাচে মোট ৩১০০৬ জনকে এবং গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং কোর্সে ১ম ব্যাচে ১৬০০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন কোর্সে ১২তম ব্যাচে ১৬০২ জন এবং গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং কোর্সে ২য় ব্যাচে ১৬০২ জনসহ মোট ৩২০৪ জনের প্রশিক্ষণ কোভিড-১৯ মহামারির কারণে বন্ধ রয়েছে।

০৯ উল্লেখযোগ্য অর্জনসমূহঃ প্রশিক্ষণ সম্পন্নকারী মোট ২৯৩১০ জনের তথ্য ডাটাবেজে অন্তর্ভূক্ত করা হয়েছে। প্রশিক্ষণ শেষে সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে চাকুরী পেয়েছেন ৩১২৯ জন, আউটসোর্সিং এর মাধ্যমে আয় করেন ৩১২ জন এবং উদ্যোক্তা ১৭২ জন এবং ২৮৯৯৩ জন অন্যান্য/ব্যক্তিগত/পারিবারিক কাজ করে থাকেন।

৭.১১ তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)।

প্রকল্প এলাকা : বাংলাদেশের ৮টি বিভাগের ৬৪ জেলাধীন ৪৯০টি উপজেলা।

প্রকল্প পরিচালক : জনাব মীনা পারভীন, প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব),

ফোন নম্বরঃ ০২-৪৮৩১১৫২১, ই-মেইলঃ pd@totthoapa.gov.bd

প্রকল্পের মূল উদ্দেশ্য:

গ্রামীণ সুবিধা বঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন।

সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- বাংলাদেশের সকল উপজেলায় তথ্য কেন্দ্র প্রতিষ্ঠা করা ;
- তথ্য প্রযুক্তি সম্পর্কে ০১ (এক) কোটি গ্রামীণ মহিলাদের উদ্বুদ্ধকরণ এবং তথ্য প্রযুক্তির মাধ্যমে দৈনন্দিন সমস্যা সমাধানের সাহায্য করা;
- তথ্য কেন্দ্রের মাধ্যমেই –কমার্স সহায়তা প্রদান;
- ই-লার্নিং এর মাধ্যমে প্রযুক্তি জ্ঞান সম্পন্ন দল গঠন করা ;
- ওয়েব পোর্টাল, তথ্য ভান্ডার, তথ্য আপা আই পিটিভির উন্নয়ন করা।
- মেয়াদ : ৫ বছর (এপ্রিল ২০১৭ থেকে মার্চ ২০২২)।
- প্রাক্কলিত ব্যয় : ৫৪৪৯০.৭৪ লক্ষ টাকা (জিওবি)।
- জনবল : প্রকল্পের মোট জনবল ১৯৭৮ জন। প্রধান কার্যালয়ে ১৮ জন এবং ৪৯০ টি তথ্য কেন্দ্রে ১৯৬০ জন।
- ২০১৯-২০২০ অর্থ বছরে বাজেট : প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দ ১০০০০.০০ লক্ষ টাকা

এবং ব্যয়: ৮২৯৭.৪১ লক্ষ টাকা (৮২.৯৮%)।

২০১৯-২০২০ অর্থবছরে সম্পাদিত কার্যাবলীর তথ্য

উঠান বৈঠকে মুক্ত আলোচনা ও সচেতনতা মূলক কার্যক্রম:

তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর ৪৯০ তথ্যকেন্দ্র কর্তৃক প্রতিমাসে দুই বা তিনটি উঠান বৈঠক এর আয়োজন বিশেষভাবে উল্লেখযোগ্য একটি কার্যক্রম। উঠান বৈঠকের মাধ্যমে গ্রামীণ নারীরা প্রযুক্তিভিত্তিক ভাবে উপস্থাপিত বিভিন্ন বিষয়ের উপর মুক্ত আলোচনায় অংশগ্রহণ করে থাকেন। প্রতি মাসে এ সকল উঠান বৈঠকে নারী নির্যাতন, বাল্য বিবাহ, নারীর আইনগত সহায়তা, ডাক্তারী পরামর্শ এবং সরকারী বিভিন্ন সেবা সম্পর্কে বিশেষজ্ঞদের আলোচনা শোনা এবং তাতে অংশগ্রহণের সুযোগ পান গ্রামীণ নারীরা। তারা সেখানে যেমন তাদের সমস্যা নিয়ে আলোচনা করতে পারেন ঠিক তেমনি সরকার কর্তৃক নারীদের জন্য যে সকল সুযোগ সুবিধা দেয়া হচ্ছে তা বিস্তারিতভাবে জানতে পারেন। ২০১৯-২০২০ অর্থ বছরে ৪৯০টি তথ্য কেন্দ্র কর্তৃক মোট ৮,৯৩০টি উঠান বৈঠক আয়োজন করা হয় এবং ৪,৪৬,৫০০ জন গ্রামীণ নারী অংশগ্রহণ করেন।

সেবা গ্রহীতার সংখ্যা:

৪৯০ টি উপজেলায় প্রতিষ্ঠিত ৪৯০ টি তথ্য কেন্দ্রের মাধ্যমে উঠান বৈঠক আয়োজন ও ডোর টু ডোর সেবা প্রদানের মাধ্যমে ২০১৯-২০ অর্থবছরে প্রায় ২৬,৭৮,১৩৮ (ছাব্বিশ লক্ষ আটাত্তর হাজার একশত আটত্রিশ) জন গ্রামীণ অনগ্রসর মহিলাকে তথ্য প্রযুক্তির মাধ্যমে তাদের দৈনন্দিন সমস্যা সমাধান এবং তথ্য সেবা প্রদান করা হয়েছে।

প্রশিক্ষণকার্যক্রম:

নির্বাচিত ২০ টি জেলার সদর উপজেলাসমূহে প্রথম ধাপে ৬০ জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্য সেবা সহকারীগণকে (প্রতি ব্যাচে ২০ জন করে মোট ০৩টি ব্যাচে) প্রকল্পের প্রশিক্ষণ কক্ষে সরাসরি ক্লাসের মাধ্যমে ০৪ (চার) দিনব্যাপী "ই-কমার্স এ্যান্ড ই-লার্নিং স্যানসিটাইজেশন'' বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। দ্বিতীয় ধাপে ৬০ জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারী এবং ২০০ জন সেলফ হেল্পগ্রুপ (আত্ম নির্ভরশীল দল) সদস্য নিয়ে মোট ২৬০ জন নারীকে অনলাইনের মাধ্যমেই-কমার্স প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া ৯৩জন তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীগণকে ০৬টি ব্যাচে ০৫ দিন মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়।

ইন্টারনেট মডেম ও সিম সরবরাহঃ

